নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার
স্কট এম. স্ট্রিঙ্গার

# অভিবাসীদের অধিকার ও সেবা বিষয়ক পুস্তিকা

নিউ ইয়র্ক সিটিতে জীবনযাত্রা পরিচালনার জন্য যে গুরুত্বপূর্ণ তথ্যগুলো আপনার জানা প্রয়োজন



**2018**
**Bengali Version**

CITY OF NEW YORK

OFFICE OF THE COMPTROLLER

নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার

# স্কট এম. স্ট্রিঙ্গার

প্রিয় নিউ ইয়র্কবাসী:

বহু শতক ধরে নিউ ইয়র্ক সিটি অভিবাসীদের জন্য আশা ও সুযোগের আলোকবর্তিকা হিসেবে দন্ডায়মান আছে, সারা বিশ্ব জুড়ে লক্ষ লক্ষ মানুষের জন্য একটি উন্নততর ভবিষ্যতের প্রতিশ্রুতিকে প্রসারিত করেছে। নিউ ইয়র্ক সিটি এমন একটি স্থান যা নিজেদের জীবনকে উন্নত করে তুলতে আগ্রহী মানুষকে স্বাগত জানায়, তারা বিশ্বের যেখান থেকেই আসুন না কেন, আর ভবিষ্যতেও নিউ ইয়র্ক সিটির সবসময় এমনই থাকা উচিত। নিউ ইয়র্ক সিটিতে বসবাসরত 3.3 মিলিয়ন অভিবাসী মানুষের স্বপ্ন ও উচ্চাকাঙ্ক্ষা আমাদের সংস্কৃতিকে নির্ধারণ করে আর প্রতি দিন আমাদের অর্থনীতিকে চালিত করতে সাহায্য করে।

তবে নিউ ইয়র্ক সিটির অভিবাসী সম্প্রদায়গুলির জন্য 2018 নিয়ে এসেছে অসুরক্ষার একটি অনুভূতি। এই চ্যালেঞ্জপূর্ণ প্রেক্ষাপটের সামনে দাঁড়িয়ে আমি আজ আমার অফিসের ‘অভিবাসীদের অধিকার ও পরিষেবা পুস্তিকা'র একটি উন্নত সংস্করণ উপস্থাপন করছি, যে নির্দেশিকাটি আমার অফিস 2015 সাল থেকে প্রস্তুত করেছে এবং যা এখন আটটি ভাষায় (বাংলা, চীনা, ফরাসি, কোরিয়ান, হাইতিয়ান ক্রেওল, রাশিয়ান, স্প্যানিশ ও ইংরেজি) মুদ্রণ করা হয়। আমি আশা করি যে এই উন্নত পুস্তিকাটির অন্তর্ভুক্ত তথ্য পাঁচটি বরোর অভিবাসী সম্প্রদায়গুলির কাছে প্রাসঙ্গিক হবে। সরকারের সব পর্যায়ে অভিবাসন সংক্রান্ত নীতির পরিবর্তনের সাথে সাথে 2018 সালের নির্দেশিকায় নথিভুক্ত নয় এমন অভিবাসীদের অধিকারের বিষয়ে নতুন বিভাগ, ঘৃণাজনিত অপরাধের বিষয়ে কিভাবে রিপোর্ট করতে হয় সেই সংক্রান্ত নির্দেশনা এবং সুবিধাগুলির বিষয়ে নানা প্রশ্নের উত্তর – এবং নিউ ইয়র্কের মত "আশ্রয়দাতা শহর" হওয়ার সীমাবদ্ধতাগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও পুস্তিকাটিতে নিম্নলিখিত বিষয়বস্তু অন্তর্ভুক্ত আছে:

- যারা বহিষ্কৃত হওয়ার ভয় পাচ্ছেন তাদের জন্য জরুরি যোগাযোগের সংস্থান,
- আইনি ও সামাজিক পরিষেবা প্রদানকারী,
- সরকারি সুবিধা কর্মসূচি,
- কর্মীদের অধিকার,
- ক্ষুদ্র ব্যবসা সহায়তা,
- উপভোক্তার অধিকার এবং
- নিউ ইয়র্কে বসবাসরত অভিবাসীদের জন্য প্রাসঙ্গিক অন্যান্য বিভিন্ন বিষয়।

আইন ও নীতি সম্বন্ধে একজন অভিবাসী নিউ ইয়র্কবাসীর যে সব প্রশ্ন থাকতে পারে, সেই প্রতিটি প্রশ্নের উত্তর দেওয়া এই পুস্তিকার উদ্দেশ্য নয়। কোনো আইনজীবী আইনি পরিষেবার প্রয়োজনসম্পন্ন একজন অভিবাসীকে যে নির্দেশনা দিতে পারেন তার স্থান গ্রহণ করাও এর উদ্দেশ্য নয়। তবে এই অনিশ্চিত ও কঠিন সময়ে পুস্তিকাটি নির্দিষ্ট কিছু বিষয়কে ব্যাখ্যা করতে সাহায্য করতে পারে এবং অনেক অভিবাসীর, বিশেষত যারা সম্প্রতি নিউ ইয়র্ক সিটিতে এসেছেন তাদের মনে শহরের আইনগুলি সম্বন্ধে এবং তাদের সরকার ও অন্যান্য পরিষেবা প্রদানকারীদের থেকে কিভাবে সহায়তা পাওয়া যায় সেই বিষয়ে যে সব প্রশ্ন থাকতে পারে, তার কয়েকটির উত্তর দেয়।

আমাদের দেশের অভিবাসন নীতির অনেকটাই কেন্দ্রীয় স্তরে তৈরি করা হয় আর সেই জন্য তা সিটির কর্মকর্তাদের নিয়ন্ত্রণের বাইরে, তবে সিটি প্রশাসনের অন্যতম নেতা হিসেবে আমি আমার যথাসাধ্য প্রচেষ্টা চালিয়ে যাব যাতে সুনিশ্চিত করা যায় যে অভিবাসীরা তাদের বাড়িতে নিরাপদ অনুভব করেন এবং নিউ ইয়র্ক সিটিতে তাদের স্বপ্নগুলিকে বাস্তবায়িত করতে পারেন। সিটির আইন ও নীতিগুলির যেখানে উন্নতি করার প্রয়োজন আছে, সেখানে আমি এই পরিবর্তনগুলিকে জোরালোভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অভিবাসীদের পাশে দাঁড়াব।

যদি এই পুস্তিকার বিষয়ে অথবা অন্য কোনো বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে বিনা দ্বিধায় আমার অফিসের কমিউনিটি অ্যাকশন সেন্টারের সঙ্গে action@comptroller.nyc.gov এ একটি ইমেইল পাঠিয়ে অথবা 212-669-3916 নম্বরে ফোন করে যোগাযোগ করুন।

বিনীত,

স্কট এম. স্ট্রিঙ্গার (Scott M. Stringer)

# অনুগ্রহ করে লক্ষ্য করুন

নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার (New York City Comptroller)-এর অফিস সঠিক ও নির্ভরযোগ্য তথ্য মুদ্রণ করার জন্য সব ধরনের প্রচেষ্টা নিয়ে থাকে। তবে এখানে থাকা বিষয়বস্তুর যেকোনো ধরনের নির্ভুলতা, নির্ভরযোগ্যতা, সম্পূর্ণতা বা তথ্যের বিষয়বস্তু সম্পর্কে এটি কোনো ধরনের ওয়্যারেন্টি বা গ্যারান্টি প্রদান অথবা প্রতিনিধিত্ব করে না। নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলারের অফিস মুদ্রিত যেকোনো সামগ্রী ব্যবহার বা প্রয়োগের জন্য এবং যেকোনো ধরনের ভুল বা বাদ পড়া বিষয়বস্তুর জন্য কোনো দায়-দায়িত্ব গ্রহণ করে না।

আপনি যদি কোনো সুনির্দিষ্ট তথ্য খোঁজেন বা কোনো আবেদনপত্রের বিষয়ে আপনার কোনো ধরনের সহায়তার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে সরাসরি সরকারি এজেন্সির সাথে অথবা প্রযোজ্য ক্ষেত্রে অলাভজনক গ্রুপের সাথে যোগাযোগ করুন। আপনার যদি অভিবাসনগত অবস্থা সম্পর্কে তথ্যের প্রয়োজন হয়, তাহলে আপনাকে উপযুক্ত পেশাদার আইনি উপদেষ্টা বা লিগ্যাল এডভাইস-এর সাথে যোগাযোগ করতে হবে।

**ঠিকানা পরিবর্তন, সংযুক্তি বা মন্তব্য থাকলে অনুগ্রহ করে সেগুলো নিম্নলিখিত ঠিকানায় পাঠান:**

New York City Comptroller Scott M. Stringer
Office of Public Affairs
One Centre Street, 5th Floor
New York, NY 10007

ফোন: (212) 669-3916

ফ্যাক্স: (212) 669-2707

ইমেইল: action@comptroller.nyc.gov

ওয়েবসাইট: www.comptroller.nyc.gov

# সূচিপত্র

NYC কম্পট্রোলারের সূচনামূলক বার্তা ..... 2
সূচিপত্র ..... 5
আপনার অধিকারগুলি জানুন ..... 6
অভিবাসীদের জন্য সুযোগ-সুবিধা ও সেবাসমূহে প্রবেশাধিকার প্রবর্ধন ..... 8
ভাষার অধিকার ..... 10
বহিষ্কার (ডিপোর্টেশন) ও আটকাবস্থা (ডিটেনশন) ..... 11
সরকারি সুযোগ-সুবিধা ..... 14
স্বাস্থ্য সেবা ..... 18
শিক্ষা ..... 20
পারিবারিক সহিংসতা, নির্যাতন ও পাচার ..... 29
ঘৃণাজনিত অপরাধ ..... 30
কর্মীদের অধিকার ..... 31
ট্যাক্স রিটার্ন ..... 39
আবাসন ..... 41
নাগরিকত্ব ..... 42
আইনসম্মত স্থায়ী নিবাস বা পার্মানেন্ট রেসিডেন্স ..... 46
অভিবাসনের ওপরে কার্যনির্বাহী আদেশ ..... 47
ভোটদান ও নাগরিক কর্মকাণ্ডে অংশগ্রহণ ..... 49
ভোক্তা ও আর্থিক অধিকার ..... 54
অভিবাসন পরিষেবা ..... 56
ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান ..... 60
তথ্যসূত্র নির্দেশিকা ..... 64

# আপনার অধিকারগুলি জানুন

অভিবাসন অবস্থা যাহাই হোক না কেন প্রত্যেকেরই গুরুত্বপূর্ণ আইনি অধিকার রয়েছে। আপনার অধিকারগুলির বিষয়ে এবং নিজেকে ও আপনার পরিবারকে সুরক্ষিত রাখতে কী করা উচিত সেই সম্বন্ধে অবগত থাকুন।

## অভিবাসন বলবৎকরণ বিভাগ এখন কোন কাজগুলি ভিন্নভাবে করছে?

অভিবাসন আইন বলবৎ করার জন্য দায়িত্বশীল কেন্দ্রীয় প্রশাসনের প্রধান সংস্থা হল অভিবাসন ও বহিঃশুল্ক বলবৎকরণ (Immigration and Customs Enforcement, ICE)। ICE আইনসম্মত অভিবাসনের অবস্থাবিহীন মানুষদের এবং আইনসম্মত অবস্থা আছে এমন যে সব মানুষ (যেমন আইনসম্মত স্থায়ী বাসিন্দা/"গ্রীন কার্ড ধারক", শরণার্থী ইত্যাদি) সুনির্দিষ্ট কিছু অপরাধে দোষী প্রমাণিত হয়েছেন তাদের বিতাড়ন করতে পারে। 25 জানুয়ারি 2017 তারিখে রাষ্ট্রপতি ট্রাম্প একটি নতুন কার্যনির্বাহী আদেশ জারি করেছেন যা ICE-এর বহিষ্কার ও আটক করার অগ্রাধিকারগুলিকে প্রসারিত করেছে। অর্থাৎ বিতাড়ন করা যায় এমন কিছু সুনির্দিষ্ট অভিবাসীর এখন বিতাড়িত হওয়ার ঝুঁকি বেড়ে গেছে।

## ভ্রমণের ওপরে নতুন সীমাবদ্ধতা আছে কি?

শরণার্থী এবং নির্দিষ্ট কিছু দেশ থেকে কিছু মানুষের যুক্তরাষ্ট্রে ভ্রমণের ওপরে সীমাবদ্ধতা আরোপ করার প্রয়াস করার জন্য 6 মার্চ 2017 তারিখে রাষ্ট্রপতি ট্রাম্প একটি নতুন কার্যনির্বাহী আদেশ জারি করেছেন। সেই আদেশকে চ্যালেঞ্জ জানিয়ে অবিলম্বেই একটি মামলা দায়ের করা হয়েছিল এবং একটি ফেডারেল আদালত সেই আদেশকে স্থগিত করেছিল এবং মামলাটির নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আদেশটি কার্যকর করাকে বন্ধ রেখেছিল। এই নির্দেশিকাটি প্রকাশিত হওয়ার পর থেকে ভ্রমণের ওপরে কোনো সীমাবদ্ধতা কার্যকর হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য আপনার একজন অভিবাসন অ্যাটর্নির পরামর্শ নেওয়া উচিত অথবা নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনকে (212) 627-2227 নম্বরে ফোন করা উচিত।

আপনি যদি একজন অভিবাসী হন, এমন কি আপনার যদি আইনসম্মত অভিবাসনের অবস্থা থাকে তাহলেও, যুক্তরাষ্ট্রের বাইরে ভ্রমণ করার আগে আপনার উচিত একজন অভিবাসন অ্যাটর্নি অথবা বোর্ড অফ ইমিগ্র্যান্ট আপিল দ্বারা স্বীকৃত প্রতিনিধির পরামর্শ নেওয়া উচিত।

আপনি যদি যুক্তরাষ্ট্রের ভিতরে বা আন্তর্জাতিক ভ্রমণের পরিকল্পনা করেন, তাহলে ড্রাইভার লাইসেন্স, আপনার পাসপোর্ট এবং গ্রীন কার্ডের মত বৈধ অভিবাসনের কাগজপত্র বা ভিসার কাগজগুলির মত সরকারের প্রদান করা পরিচয়পত্র সঙ্গে রাখুন। আপনার অ্যাটর্নি আপনার সঙ্গে না থাকলে গ্রীন কার্ড সমর্পণ করবেন না অথবা কোথাও স্বাক্ষর করবেন না। আপনাকে যদি আপনার গ্রীন কার্ড সমর্পণ করার জন্য একটি ফরমে স্বাক্ষর করতে বলা হয়, তাহলে আপনার তা করতে অস্বীকার করা উচিত।

বিমানবন্দরের কর্মকর্তাদের আপনার মালপত্র ও শরীর তল্লাশি করার অনুমতি আছে। যে কোনো তল্লাশিকে সতর্কভাবে পর্যবেক্ষণ করুন। তল্লাশির বিশদ তথ্যের একটি রেকর্ড রাখুন, যার অন্তর্ভুক্ত হল বিমানবন্দরের কর্মকর্তাদের নাম ও সনাক্তকারী তথ্য। বাজেয়াপ্ত করা জিনিসের জন্য রসিদ চান।

**আপনি যদি বহিষ্কারের সম্মুখীন হন এবং একজন আইনজীবী প্রয়োজন হয়, তাহলে আপনি স্টেট অফিস অফ নিউ আমেরিকান্স হটলাইনে (800) 566-7636 নম্বরে ফোন করে একজন আইনজীবীর জন্য অনুরোধ করতে পারেন।**

## আমার কি ICE দ্বারা গ্রেপ্তার হওয়ার ঝুঁকি আছে?

আইন যুক্তরাষ্ট্রীয় প্রশাসনকে নির্দিষ্ট কিছু অভিবাসীকে বহিষ্কার করার অনুমতি দেয়, যার অন্তর্ভুক্ত হলেন:

1) যে কোনো নথিবিহীন অভিবাসী (আইনসম্মত অভিবাসনের অবস্থা নেই এমন ব্যক্তি),
2) আইনসম্মত অভিবাসনের অবস্থা আছে এমন যে সব মানুষ (যেমন আইনসম্মত স্থায়ী বাসিন্দা, শরণার্থী ও ভিসা ধারক) নির্দিষ্ট কিছু অপরাধে দোষী প্রমাণিত হয়েছেন।

## অভিবাসন বলবৎকরণ কর্মকর্তারা আমার কাছে পৌঁছলে আমি কী করব?

সব পরিস্থিতিতেই:

- আপনার নীরব থাকার অধিকার আছে। আপনি যদি নীরব থাকতে চান, তাহলে আপনি সেটা সোচ্চার হয়ে বলতে পারেন।
- পালাবেন না।
- যা ঘটছে, সেই বিষয়ে আপনি ফোন ব্যবহার করে নোট লিখতে পারেন ও ফটো তুলতে পারেন। এছাড়াও, যা ঘটছে তার ফিল্ম বা ভিডিও নিতে পারেন। আপনি যদি ছবি বা ভিডিও নেন, তাহলে আপনার তা খোলাখুলি করা উচিত (গোপনে নয়) এবং কর্মকর্তারা যা করছেন তাতে বাধা দেওয়া উচিত নয়। বলবৎকরণ বিভাগের কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাতের সময় আপনার ফোনের নাগাল পেতে চেষ্টা করা নিরাপদ কিনা, আপনাকে তা স্থির করতে হবে।
- মিথ্যা বলবেন না। মিথ্যা বা অবৈধ নথিপত্র দেখাবেন না।
- আপনার অ্যাটর্নির সঙ্গে কথা বলার অধিকার আছে।
- আপনার অ্যাটর্নির সঙ্গে কথা না বলে কোথাও স্বাক্ষর করবেন না।

আপনি যদি সার্বজনিক স্থানে থাকেন:

- আপনার নাম বা অন্য কিছু বলার আগে জিজ্ঞাসা করুন, "আমি কি চলে যাওয়ার জন্য স্বাধীন?" তারা যদি হ্যাঁ বলেন, তাহলে আপনি হেঁটে চলে যেতে পারেন। যদি তারা না বলেন, তাহলে চলে যাবেন না। তাদেরকে বলুন যে আপনি নীরব থাকতে চান এবং আপনি একজন অ্যাটর্নির সঙ্গে কথা বলতে চান।
- আপনার কাছে যদি একটি "আপনার অধিকারগুলি জানুন কার্ড" থাকে, তাহলে আপনি সেটা দেখাতে পারেন।

আপনি যদি বাড়িতে থাকেন:

- অবগত থাকুন: ICE এজেন্টরা কখনও কখনও নিজেদের "পুলিশ" হিসেবে ঘোষণা করেন।
- দরজা খোলার আগে জিজ্ঞাসা করুন যে তারা অভিবাসন এজেন্ট কিনা। নম্রভাবে বলুন, "আমি এখন কথা বলতে চাই না।"
- দরজা না খুলেই জিজ্ঞাসা করুন যে তাদের কাছে একজন বিচারকের স্বাক্ষর করা ওয়ারেন্ট আছে কিনা। তারা যদি বলেন যে তাদের কাছে বিচারকের স্বাক্ষর করা ওয়ারেন্ট আছে, তাহলে তাদের অনুরোধ করুন দরজার তলা দিয়ে সেটাকে ভিতরে ঢুকিয়ে দিতে অথবা কোনো জানলায় সেটা লাগিয়ে দিতে। তাদের কাছে যদি একজন বিচারকের স্বাক্ষর করা ওয়ারেন্ট না থাকে, সেই ক্ষেত্রে আপনি তাদেরকে প্রবেশ করতে দিতে বাধ্য নন।

ICE-এর সম্মুখীন হওয়ার সময় আপনার অধিকারগুলির বিষয়ে আরো তথ্যের জন্য অথবা নিউ ইয়র্ক সিটিতে ঘটেছে এমন ICE বলবৎকরণের ক্রিয়াকলাপগুলি রিপোর্ট করতে, ইমিগ্রেশন ডিফেন্স প্রজেক্টকে (212) 752-6422 নম্বরে ফোন করুন।

# অভিবাসীদের জন্য সুযোগ-সুবিধা ও সেবাসমূহে প্রবেশাধিকার প্রবর্ধন

নিউ ইয়র্ক সিটি সুনিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে অভিবাসনের অবস্থা নির্বিশেষে সব বাসিন্দা স্বাস্থ্য পরিষেবা, সরকারি স্কুল, সুনির্দিষ্ট সরকারি সুবিধা, জরুরি পরিষেবা, পুলিশ সুরক্ষা এবং অন্য আরো অনেক পরিষেবা ও সুযোগসুবিধার মত সিটির অপরিহার্য পরিষেবাগুলি চাইতে নিরাপদ অনুভব করেন। সিটি তার কর্মীদের দ্বারা অভিবাসনের অবস্থা জিজ্ঞাসা করাকে নিষিদ্ধ করেছে, যদি না পরিষেবা বা সুবিধাগুলির জন্য যোগ্যতা নির্ধারণ করতে তাদের এই তথ্য প্রয়োজন হয় অথবা যদি না তা আইন অনুযায়ী প্রয়োজনীয় হয়। যেখানে আইন অনুযায়ী প্রয়োজনীয় সেই সীমিত পরিস্থিতিগুলি বাদে সিটি অভিবাসনের অবস্থাকে গোপনীয় রাখাকে বাধ্যতামূলক করেছে।

এছাড়াও, নিউ ইয়র্ক সিটি যুক্তরাষ্ট্রীয় প্রশাসনকে যুক্তরাষ্ট্রীয় অভিবাসন আইন বলবৎ করতে সহায়তা করে না, শুধু ব্যতিক্রম হল সেই সীমিত পরিস্থিতিগুলি যেখানে তা আইন অনুযায়ী বাধ্যতামূলক। অভিবাসীদের সহায়তা ও সুরক্ষা দেওয়ার জন্য সিটির নীতিগুলির বিষয়ে আরো জানতে, আপনি অভিবাসন সংক্রান্ত বিষয়ে মেয়রের অফিস (Mayor's Office of Immigrant Affairs) –এর ওয়েবসাইট দেখতে পারেন:

http://www1.nyc.gov/site/immigrants/programs/social-economic/immigration-enforcement.page।

সিটির যে মূল নীতিটি অভিবাসীদের জন্য সিটির পরিষেবাগুলিতে প্রবেশাধিকার প্রবর্ধন করে সেটি হল কার্যনির্বাহী আদেশ 41। কার্যনির্বাহী আদেশ 41 অনুযায়ী, প্রয়োজনীয় কাগজপত্র নেই এমন অভিবাসীসহ সব অভিবাসীরা সিটির যেসব সেবা, সুযোগ-সুবিধা ও প্রোগ্রামসমূহ পাওয়ার যোগ্য সেগুলো চাওয়ার জন্য তাদেরকে উৎসাহ দেয়া হয়। সেইসাথে, নির্বাহী আদেশ 41 অনুযায়ী সাধারণত কোনো ব্যক্তির অভিবাসনগত অবস্থা ও অন্যান্য ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষা করা সিটির কর্মচারীদের জন্য আবশ্যক।

কিছু কিছু সরকারি সুবিধা ও সেবা শুধুমাত্র কিছু নির্দিষ্ট ধরনের অভিবাসনগত অবস্থা রয়েছে এমন লোকজন পেতে পারেন। সেই সব ক্ষেত্রে, কোনো ব্যক্তির উপযুক্ততা নির্ধারণ করতে সিটির কোনো কর্মচারীর জন্য সেই ব্যক্তির অভিবাসনগত অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করার প্রয়োজন হয়। তবে, অনেক সেবা, যেমন গণস্বাস্থ্য, নিরাপত্তা ও শিক্ষা বিষয়ক সেবাসমূহ প্রয়োজনীয় কাগজপত্র নেই এমন অভিবাসীরাসহ যেকোনো স্ট্যাটাসের অভিবাসীরা পেতে পারেন। প্রয়োজনীয় কাগজপত্র নেই এমন অভিবাসীদের জন্য লভ্য সেবাসমূহের একটি তালিকা 14 পৃষ্ঠার "সরকারি সুযোগ-সুবিধা" অংশে পাওয়া যাবে।

## নির্বাহী আদেশ 41 কোন শর্তগুলো আরোপ করেছে?

- আপনি যদি কোনো অপরাধের শিকার বা সাক্ষী হন অথবা সহায়তা পেতে আপনি যদি পুলিশকে ফোন করেন বা তাদের কাছে যান, তাহলে পুলিশ অফিসার আপনার অভিবাসনগত অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করতে পারবেন না।
- তবে, পুলিশ অফিসাররা যদি বেআইনি বা অপরাধমূলক কার্যকলাপের বিষয়ে সন্দেহ পোষণ করেন, তাহলে তারা আপনার অভিবাসনগত অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন এবং/অথবা ঐ তথ্য প্রকাশ করার জন্য আপনাকে বলতে পারেন।
- কোনো নির্দিষ্ট সেবা বা সুবিধার জন্য অনুরোধ জানাতে আপনি যদি সিটির কোনো এজেন্সিতে যান, তাহলে সিটির কর্মচারীরা আপনাকে আপনার অভিবাসনগত অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করতে পারবেন না, যদি না তা আইন অনুযায়ী আবশ্যক হয় অথবা ঐ সেবা বা সুবিধা গ্রহণ করার জন্য আপনার যোগ্যতা নির্ধারণের জন্য তা জানা আবশ্যক হয়।
- আপনি যদি সিটির কর্মচারীদের সাথে আপনার অভিবাসনগত অবস্থা বা অন্যান্য গোপনীয় তথ্য শেয়ার করেন, তাহলে তারা এই তথ্য কারো কাছে প্রকাশ করবেন না, কিছু সীমিত পরিস্থিতিতে এর ব্যতিক্রম হতে পারে, যেমন যখন আইন অনুযায়ী প্রকাশ করা আবশ্যক হয়।

নির্বাহী আদেশ 41 এর সম্ভাব্য লঙ্ঘনের বিষয়ে যদি আপনার কোনো অভিযোগ থাকে, তাহলে যে সিটি এজেন্সিতে লঙ্ঘন ঘটেছে বলে আপনি মনে করেন সেখানে আপনি অভিযোগ জানাতে পারেন। এছাড়াও আপনি 311 নম্বরে ফোন করে মেয়রের ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স অফিসে (Mayor's Office of Immigrant Affairs) যোগাযোগ করতে পারেন।

## সরকারি স্কুল ও অভিবাসন বলবৎকরণের জন্য NYC প্রোটোকল

নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলগুলি যাতে শিক্ষার্থী ও পরিবারগুলির জন্য নিরাপদ স্থান হয়ে ওঠে তা সুনিশ্চিত করতে সাহায্য করার জন্য, অভিবাসন বলবৎকরণ কর্মকর্তারা সমেত যুক্তরাষ্ট্রীয় আইন বলবৎকরণ কর্মকর্তাদের অনুরোধগুলিতে সরকারি স্কুলের কিভাবে প্রতিক্রিয়া করা উচিত সেই বিষয়ে সিটি 2017 সালে একটি প্রোটোকল ঘোষণা করেছিল। এই প্রোটোকলের অধীনে, যদি কোনো যুক্তরাষ্ট্রীয় বলবৎকরণ কর্মকর্তা বা অভিবাসন বলবৎকরণ কর্মকর্তা একটি সরকারি স্কুলে পৌঁছান, সেই ক্ষেত্রে স্কুলটি কর্মকর্তার কাছে সাক্ষাতের ধরন সম্বন্ধে বিশদ তথ্য এবং কর্মকর্তার কাছে কোনো কাগজপত্র বা ওয়ারেন্ট আছে কিনা তা জানতে চাইবে। তারপরে স্কুলটি কর্মকর্তাদের স্কুল ভবনের বাইরে অপেক্ষা করার নির্দেশ দেবে, যে সময়ে স্কুলের কর্মীরা নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগ (Department of Education, DOE)-এর অ্যাটর্নিদের সঙ্গে পরামর্শ করবেন। সরকারি স্কুলগুলি এই ধরনের কর্মকর্তাদের কোনো তথ্য দেবে না অথবা তাদেরকে স্কুলে প্রবেশ করার অনুমতি দেবেন না, যদি না তা আইন অনুযায়ী সম্পূর্ণরূপে বাধ্যতামূলক হয়।

প্রোটোকলটি দেখতে এই লিংক-এ যান:

http://schools.nyc.gov/AboutUs/schools/SupportingAllStudents/Immigration+Guidance+for+Principals.htm

# ভাষার অধিকার

যদি কোনো ব্যক্তি দক্ষতার সাথে ইংরেজি বলতে বা পড়তে না পারেন, তাহলে সেই ব্যক্তির স্কুল, স্বাস্থ্য ক্লিনিক ও সোশ্যাল সার্ভিস অফিসসহ সরকারি সংস্থাগুলোর কাছে অনুবাদ বা দোভাষী সেবা চাওয়ার অধিকার রয়েছে। এমন অনেক বিষয় আছে যেখানে সাধারণত ছেলেমেয়ে বা আত্মীয়-স্বজনকে দোভাষী হিসেবে ব্যবহার করা সমীচীন নয়। আইন অনুযায়ী অনেক সরকারি এজেন্সির ইংরেজি ছাড়া অন্য ভাষা ব্যবহারের জন্য জনগণকে সুবিধা দেয়া আবশ্যক।

ভাষা ব্যবহারের অধিকারের মধ্যে রয়েছে:

- "অনুবাদ," যার মানে হলো কোনো কাগজপত্র লিখিতভাবে অনুবাদ করা। এর মধ্যে থাকতে পারে গুরুত্বপূর্ণ চিঠি, বিজ্ঞপ্তি, নির্দেশনা এবং অন্যান্য কাগজপত্র বিভিন্ন ভাষায় অনুবাদ করা; এবং
- "দোভাষী সেবা," যার মানে হলো মুখের কথাকে ভিন্ন কোনো ভাষায় মৌখিকভাবে ব্যাখ্যা করা। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে কোনো সভা বা মিটিংয়ে একজন দোভাষীকে সশরীরে উপস্থিত রাখা বা টেলিফোনে দোভাষীর ব্যবস্থা রাখা।

## স্থানীয় আইন 73 (LOCAL LAW 73): মানব সেবাসমূহে সমান প্রবেশাধিকার

স্থানীয় আইন 73 অনুযায়ী সিটির স্বাস্থ্য ও মানব সেবা বিষয়ক চারটি প্রধান এজেন্সি একটি নির্দিষ্ট পরিমাণে ভাষাগত সহায়তা দেয়া আবশ্যক। নিম্নলিখিত এজেন্সিগুলোকে অবশ্যই স্থানীয় আইন 73 অনুসরণ করতে হবে:

- মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA)
- স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene, DOHMH)
- শিশু সেবা প্রশাসন (Administration for Children's Services, ACS)
- গৃহহীন সেবা বিভাগ (Department of Homeless Services, DHS)

ইংরেজি ভাষায় সীমিত মাত্রার দক্ষতা রয়েছে এমন কোনো ব্যক্তি যদি এই এজেন্সিগুলোর যেকোনোটি থেকে সুবিধা গ্রহণ করতে চান বা গ্রহণ করেন, তাহলে তাদেরকে অবশ্যই বিনামূল্যে কিছু নির্দিষ্ট ভাষাগত সহায়তা দিতে হবে। এই এজেন্সিগুলো কিছু নির্দিষ্ট জব সেন্টার, ফুড স্ট্যাম্প অফিস, চিকিৎসা বিষয়ক সহায়তা কর্মসূচির অফিস এবং অন্যান্য সোশ্যাল সার্ভিস বিষয়ক অফিস পরিচালনা করে থাকে।

এই প্রতিটি এজেন্সি কোন ধরনের ভাষা সহায়তা প্রদান করে থাকে তার উল্লেখসহ তাদের নীতিমালা রয়েছে। HRA, যা আপনাকে ফুড স্ট্যাম্প, মেডিকেইড ও অন্য অনেক সুবিধা পেতে সাহায্য করতে পারে, তাদেরকে অবশ্যই কিছু গুরুত্বপূর্ণ কাগজপত্র চীনা, স্প্যানিশ, আরবি, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান ও রুশ ভাষায় অনুবাদ করাতে হবে। এছাড়াও HRA-কে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, ভাষা সহায়তার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদেরকে যাতে অন্যদের তুলনায় উল্লেখযোগ্যভাবে দীর্ঘ সময় অপেক্ষা করতে না হয়। DHS, ACS ও DOHMH-কে অবশ্যই অর্থবহ ভাষাগত সহায়তা ও সেবা প্রদান করতে হবে।

## নির্বাহী আদেশ 120 (EXECUTIVE ORDER 120): ভাষা সহায়তা

মেয়রের নির্বাহী আদেশ 120 অনুযায়ী সরাসরি সরকারি সেবা প্রদানকারী সব সিটি এজেন্সি, যাদের প্রয়োজন রয়েছে তাদেরকে একটি অর্থবহ পরিমাণ পর্যন্ত বিনামূল্যে অনুবাদ ও দোভাষী সেবা প্রদান করতে হবে। জানুয়ারি 2009 থেকে প্রতিটি সিটি এজেন্সির জন্য ভাষাগত সহায়তা সম্পর্কিত একটি নীতিমালা থাকা আবশ্যক করা হয়েছে। নিউ ইয়র্ক সিটির লোকজনের ব্যবহৃত শীর্ষ ছয়টি ভাষার জন্য সহায়তা প্রদান করা এজেন্সিগুলোর জন্য আবশ্যক। ইউএস-এর জনগণনার তথ্য ব্যবহার করে শহর পরিকল্পনার NYC বিভাগ (NYC Department of City Planning) এই ভাষাগুলি নির্ধারণ করে।

*সিটি এজেন্সিগুলোতে বিদ্যমান বিনামূল্যের ভাষাগত সেবা সম্পর্কে আরো তথ্যের জন্য আপনি 311 নম্বরে কল করতে পারেন এবং আপনার কাঙ্খিত সুনির্দিষ্ট এজেন্সির সাথে বা ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স সম্পর্কিত মেয়রের অফিস (Mayor's Office of Immigrant Affairs)-এর সাথে কথা বলতে চাইতে পারেন।*

# বহিষ্কার (ডিপোর্টেশন) ও আটকাবস্থা (ডিটেনশন)

## কারা বহিষ্কার হওয়ার ঝুঁকিতে রয়েছে?

যদি কেউ একটি অপরাধে দোষী সাব্যস্ত হয়, আগের বহিষ্কারাদেশ থাকে বা প্রয়োজনীয় কাগজপত্র না থাকে, তাহলে গ্রিন কার্ডধারীসহ যুক্তরাষ্ট্রের নাগরিক নয় এমন যেকোনো ব্যক্তির বহিষ্কৃত হওয়ার ঝুঁকি রয়েছে। অপরাধমূলক কাজে দোষী সাব্যস্ত হওয়ার কারণে বহিষ্কার হলো এমন একটি ঝুঁকি যা দীর্ঘদিন আগে সংঘটিত বা ক্ষুদ্র কোনো অপরাধের জন্যেও হতে পারে, যার জন্য ঐ ব্যক্তি হয়তো কখনোই জেলে যায়নি বা আটক হয়নি।

আপনি যদি বহিষ্কৃত হওয়ার ঝুঁকিতে থাকেন এবং কোনো অ্যাটর্নির সহায়তার প্রয়োজন রয়েছে বলে মনে করেন, তাহলে আপনার এমন একজন অ্যাটর্নি খুঁজে বের করার চেষ্টা করা উচিত যিনি বহিষ্কার (ডিপোর্টেশন) বিষয়ে বিশেষজ্ঞ। আপনি যদি অপরাধমূলক কাজে দোষী সাব্যস্ত হয়ে থাকেন, তাহলে আপনার এমন একজন অ্যাটর্নি প্রয়োজন যিনি ফৌজদারি আইন ও সেইসাথে বহিষ্কার সম্পর্কে ভালো বোঝেন। বহিষ্কার বিষয়ক কোনো মামলায় সহায়ক হতে পারে এমন আইনি সেবা সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহ করে এই পুস্তিকার তথ্যসূত্র নির্দেশিকা (Resource Directory) অংশটি দেখুন।

2010 সালের সুপ্রীম কোর্টের *পাদিল্লা বনাম কেন্টাকি (Padilla v. Kentucky)* মামলার রায় অনুযায়ী, ফৌজদারি অভিযোগের ফলে অভিবাসনের উপর সম্ভাব্য বিরূপ ফলাফল সম্পর্কে ফৌজদারি মামলায় আসামী পক্ষের অ্যাটর্নিরা তাদের মক্কেলকে জানানো আবশ্যক। এর মানে হলো, অপরাধী প্রমাণিত হলে মক্কেলকে বহিষ্কার করা হতে পারে কিনা, তিনি অভিবাসন সংক্রান্ত কারণে আটক হতে পারেন কিনা, তিনি আইনসম্মত অবস্থা বা নাগরিকত্ব অর্জন করতে অক্ষম হতে পারেন কিনা অথবা বিদেশে ভ্রমণ করার পরে তার নিরাপদে ফিরে আসার সামর্থ্য প্রভাবিত হতে পারে কিনা সে বিষয়ে আসামী পক্ষের অ্যাটর্নি অবশ্যই তার মক্কেলকে জানাবেন। যদি আসামী পক্ষের কোনো আইনজীবী এই বিষয়ে আসামীকে না জানান, তাহলে আসামী হয়তো এই দন্ডাদেশের বিরুদ্ধে চ্যালেঞ্জ জানাতে পারবেন, এমন কি তিনি যদি অপরাধ স্বীকার করে থাকেন তাহলেও।

## ইমিগ্রেশন ডিটেইনারের ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটির বাধানিষেধসমূহ

2014 সালে সিটি স্থানীয় আইন 58 ও 59 পাস করার ফলে সিটি ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE)-এর কাছ থেকে ডিটেইনারের যে অনুরোধ পেয়ে থাকে সেগুলোর প্রতি সম্মান জানানোর জন্য আবশ্যক পরিস্থিতিগুলোকে আরো সীমাবদ্ধ করেছে। ডিটেইনার হলো, ICE তাদের হেফাজতে নিতে চায় এমন কোনো ব্যক্তিকে আটক করার বিষয়ে, স্থানীয় বা স্টেট গভর্নমেন্টের কোনো সংস্থার কাছে ICE-এর প্রেরিত একটি অনুরোধ। এই আইনগুলো সাধারণভাবে নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (New York City Police Department, NYPD) এবং সংশোধন বিভাগ (Department of Correction, DOC)-কে বেশির ভাগ ক্ষেত্রে ইমিগ্রেশন ডিটেইনার পালন করা থেকে বিরত রাখে, তবে সব ক্ষেত্রে নয়। শুধুমাত্র নিম্নলিখিত পরিস্থিতিগুলোতে NYPD ও DOC ইমিগ্রেশন ডিটেইনারগুলোর প্রতি সম্মান জানাবে:

- ICE যদি কোনো ফেডারেল বিচারক কর্তৃক ইস্যুকৃত এমন কোনো পরোয়ানা উপস্থাপন করে যেখানে ঐ ব্যক্তিকে হেফাজতে নেয়ার সম্ভাব্য কারণ উল্লেখ থাকে।
- যদি ঐ ব্যক্তি আটক হওয়ার পাঁচ বছরের মধ্যে "সহিংস বা মারাত্মক অপরাধের" জন্য দোষী সাব্যস্ত হয়ে থাকেন বা সন্ত্রাসবাদীদের নজরদারি তালিকার সাথে তার সম্ভাব্য মিল থাকে।

এই আইনগুলো ICE-কে রিকার্স আইল্যান্ড কারেকশনাল ফ্যাসিলিটি (Rikers Island Correctional Facility)-তে অফিস রাখার বিষয়টিকেও নিষিদ্ধ করে।

## কোনো ব্যক্তিকে আটক করা হলে কী করতে হবে

আপনি যদি অভিবাসন কর্তৃপক্ষের হেফাজতে আটক অবস্থায় থাকেন, তাহলে আপনি আপনার অভিবাসনগত অবস্থা সম্পর্কে কোনো কিছু বলার জন্য বা অভিবাসন সম্পর্কিত শুনানিতে আপনার অধিকার বা অন্য কোনো অধিকার পরিত্যাগ করে কোনো কিছু স্বাক্ষর করতে বাধ্য নন। আপনার অভিবাসনগত অবস্থা সম্পর্কিত প্রশ্নের উত্তর না দেয়ার অধিকার আপনার রয়েছে। আপনার অ্যাটর্নির সঙ্গে কথা না বলে আপনার কোনো কাগজপত্রে স্বাক্ষর করা উচিত নয়।

আপনি যদি আটক ব্যক্তির পরিবারের সদস্য বা তার প্রিয়জন হন, তাহলে এই ব্যক্তির পূর্ণনাম ও ডাকনাম, এলিয়েন রেজিস্ট্রেশন নম্বর, জন্ম তারিখ, যুক্তরাষ্ট্রে প্রবেশের তারিখ, যেকোনো ধরনের অপরাধের রেকর্ড, তাদের অতীত ও বর্তমানের অভিবাসন ও ফৌজদারী আইনজীবীর যোগাযোগের তথ্য এবং অভিবাসন সম্পর্কিত অন্য সব কাগজপত্র আপনার কাছে রাখার বিষয়টি নিশ্চিত করবেন।

আপনি যদি আটক হওয়া আপনার পরিবারের সদস্য বা প্রিয়জনকে খুঁজে বের করতে চান, তাহলে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট অফিস (Immigration and Customs Enforcement Office)-এর সাথে যোগাযোগ করুন। আপনি আপনার কনস্যুলেটের সাথেও যোগাযোগ করতে পারেন। সবশেষে, আপনি আটক কেন্দ্রগুলোতে আলাদা আলাদাভাবে যোগাযোগ করতে পারেন। আরো তথ্যের জন্য আপনি ডিটেনশন ওয়াচ নেটওয়ার্ক (Detention Watch Network) ওয়েবসাইটের সাথে যোগাযোগ করতে পারেন।

| ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement) | |
|---|---|
| **নিউ ইয়র্ক** | (212) 264-4213 |
| **নিউ জার্সি** | (973) 645-3666 |

| বিনামূল্যে আইনি সহায়তা (Free Legal Assistance) | |
|---|---|
| **বিনা পারিশ্রমিকে জনস্বার্থে আইনি পরিষেবা প্রদানকারীদের অভিবাসন পর্যালোচনার জন্য কার্যনির্বাহী অফিস (Executive Office for Immigration Review, EOIR) তালিকা:** **[https://www.justice.gov/eoir/list-pro-bono-legal-service-providers](https://www.justice.gov/eoir/list-pro-bono-legal-service-providers)** | |
| **কম খরচের অভিবাসন পরিষেবা প্রদানকারীদের নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন (New York Immigration Coalition) তালিকা:** **[http://www.thenyic.org/sites/default/files/Low_Cost_Immigration_Service_Providers__1.10.2017.pdf](http://www.thenyic.org/sites/default/files/Low_Cost_Immigration_Service_Providers__1.10.2017.pdf)** | |
| **নতুন আমেরিকানদের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office for New Americans)/লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট** | (800) 566-7636 |
| **লিগ্যাল এইড ইমিগ্রেশন ল ইউনিট (Legal Aid Immigration Law Unit)** | (212) 577-3456 *(বুধ ও শুক্রবার বিকেলে)* |
| **অভিবাসী সুরক্ষা প্রকল্প (Immigrant Defense Project) (শুধুমাত্র অপরাধমূলক অভিবাসন সংক্রান্ত বিষয়গুলির তথ্য ও রেফারাল; কোনো সরাসরি প্রতিনিধিত্ব নয়)** | (212) 725-6422 |
| **ব্রংক্স ডিফেন্ডার্স (Bronx Defenders)** | (718) 838-7878 |
| **ব্রুকলিন ডিফেন্ডার সার্ভিসেস (Brooklyn Defender Services)** | (718) 254-0700 x100 |

বন্দী ব্যক্তি ও পরিবারগুলোর জন্য আরো তথ্য এবং আইনি ছাড়া অন্য সহায়তা: ফ্যামিলিজ ফর ফ্রিডম (Families for Freedom): (646) 290-5551।

কনস্যুলেটগুলোর একটি তালিকার জন্য: [http://www.citidex.com/252.htm](http://www.citidex.com/252.htm)।

ডিটেনশন সম্পর্কে আরো তথ্যের জন্য, ডিটেনশন ওয়াচ নেটওয়ার্কের ওয়েবসাইট [www.detentionwatchnetwork.org](http://www.detentionwatchnetwork.org) দেখুন।

বর্তমানে হেফাজতে আছেন এমন একজন আটক ব্যক্তিকে খুঁজে বের করার জন্য: [https://locator.ice.gov/odls/homePage.do](https://locator.ice.gov/odls/homePage.do)।

## গভর্নরের ক্ষমা (GOVERNOR'S PARDON) বলতে কী বোঝায়?

ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার সাথে সম্পর্কিত পরিণামগুলির মধ্যে কয়েকটিকে দূর করার জন্য নিউ ইয়র্ক স্টেটের গভর্নর ক্ষমা মঞ্জুর করতে পারেন। যে অভিবাসীরা নথিভুক্ত (যেমন গ্রীন কার্ড ধারক) বা নথিভুক্ত নয়, তাদের ক্ষেত্রে একটি ক্ষমা বাধ্যতামূলক বহিষ্কার বা আইনসম্মত অবস্থার ওপরে নিষেধাজ্ঞাকে প্রতিরোধ করতে সাহায্য করতে পারে।

## ক্ষমার জন্য কারা আবেদন করতে পারে?

নিউ ইয়র্ক স্টেটে ফৌজদারী অপরাধে (বা লংঘনে) দোষী সাব্যস্ত হয়েছেন এমন যে কোনো ব্যক্তি ক্ষমার জন্য আবেদন করতে পারেন। আরো জানুন এখানে https://www.ny.gov/services/apply-clemency।

গভর্নরের ক্ষমা প্রত্যেক ক্ষেত্রে নিশ্চয়তা দেয় না যে এরপরে অভিবাসন সংক্রান্ত আর কোনো পরিণাম ভুগতে হবে না। এমন কি একটি ক্ষমাও অভিবাসনের উদ্দেশ্যগুলির ক্ষেত্রে নির্দিষ্ট কিছু অপরাধকে পুরোপুরি দূর করতে পারে না। তা সত্ত্বেও, একটি ক্ষমা একজন নথিভুক্ত নয় এমন মানুষের ক্ষেত্রে আইনসম্মত অবস্থার জন্য অপরাধমূলক নিষেধাজ্ঞা দূর করতে পারে অথবা ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হওয়া একজন নথিভুক্ত মানুষের ক্ষেত্রে বহিষ্কারের ঝুঁকি বা বাধ্যতামূলক বহিষ্কার দূর করতে পারে।

একটি ক্ষমা কিভাবে আপনার অভিবাসনের মামলাকে প্রভাবিত করতে পারে সেই বিষয়ে আরো জানতে, ইমিগ্রেশন ডিফেন্স প্রোজেক্ট-এর সঙ্গে 212-725-6422 নম্বরে বা info@immdefense.org এ যোগাযোগ করুন।

## বহিষ্কার প্রতিরোধ করার জন্য আমি কিভাবে ক্ষমার জন্য আবেদন করতে পারি?

ক্ষমার জন্য আবেদন করতে হলে, আপনাকে অবশ্যই যথাসম্ভব বেশি তথ্য সংগ্রহ করতে হবে, যেগুলো ক্ষমা মঞ্জুর করার যৌক্তিকতা তুলে ধরে। এই তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- নাম, ঠিকানা, যোগাযোগের জন্য ফোন নম্বর, জন্ম তারিখ এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর বা এলিয়েন রেজিস্ট্রেশন নম্বরসহ ব্যক্তিগত তথ্য,
- অভিবাসনগত শুনানি অমীমাংসিত রয়েছে কিনা এবং সেই শুনানির বর্তমান অবস্থা,
- অপরাধ সংঘটনের জায়গা, দণ্ড প্রদানের তারিখ এবং ঘোষিত দণ্ড(সমূহ) সহ দোষী সাব্যস্ত হওয়ার ধরন,
- পুনর্বাসনের ইতিহাস বা প্রমাণ, যা ভালো চরিত্রকে তুলে ধরে,
- যুক্তরাষ্ট্রের সাথে আপনার বন্ধনের বিস্তারিত বর্ণনা এবং
- বহিষ্কারের ফলে আপনার ও আপনার পরিবারের উপর সম্ভাব্য প্রভাবের বর্ণনা।

**আবেদনপত্র পাঠানোর ঠিকানা:**

Executive Clemency Bureau
New York State Department of Corrections and Community Supervision
The Harriman State Campus – Building 2
1220 Washington Avenue
Albany, NY 12226-2050

অথবা আপনার আবেদনের প্যাকেজটি স্ক্যান করে নিচের ঠিকানায় ইমেইল করুন: PardonsAndCommutations@doccs.ny.gov

## ক্ষমা মঞ্জুরের পর (AFTER A PARDON)

আপনি যদি গভর্নরের কাছ থেকে ক্ষমা পেয়ে থাকেন, তাহলে বহিষ্কার এড়ানোর জন্য আপনাকে অবশ্যই বাড়তি পদক্ষেপ নিতে হবে। আপনার যে পদক্ষেপগুলো নেয়া উচিত সেগুলোর মধ্যে একটি হলো, যে আদালতে আপনার অভিবাসনগত শুনানি হচ্ছে সেখানে ক্ষমা মঞ্জুরের প্রমাণ দাখিল করা।

# সরকারি সুযোগ-সুবিধা

## অভিবাসীদের জন্য কোন ধরনের সরকারি সুযোগ-সুবিধার (PUBLIC BENEFITS) ব্যবস্থা রয়েছে?

অভিবাসনগত অবস্থা নির্বিশেষে, সবার জন্য অনেক গুরুত্বপূর্ণ সেবা ও সুযোগ-সুবিধার ব্যবস্থা রয়েছে। এই পরিষেবাগুলির মধ্যে কয়েকটি জরুরি প্রয়োজনগুলির জন্য। প্রয়োজনীয় কাগজপত্র নেই এমন অভিবাসীসহ সবাই নিচে তালিকাভুক্ত সেবাসমূহ পেতে পারেন।

- স্টেট চিলড্রেন্স হেলথ ইনস্যুরেন্স প্রোগ্রাম (SCHIP)-এর অধীনে 19 বছরের কম বয়সী শিশুরা স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য,
- গর্ভবতী মহিলা, 5 বছরের কম বয়সী শিশু এবং 6 মাস পর্যন্ত (অথবা স্তন্যপানকারী শিশুদের ক্ষেত্রে 12 মাস) বয়সের শিশুদের মায়েরা উইমেন, ইনফ্যান্টস অ্যান্ড চিলড্রেন (WIC) প্রোগ্রামের অধীনে পুষ্টি সংক্রান্ত শিক্ষা, পুষ্টিকর খাদ্য ও স্তন্যপান করানোর সহায়তার জন্য যোগ্য,
- প্রিন্যাটাল কেয়ার অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (PCAP) এর অধীনে গর্ভবতী মহিলাদের জন্য প্রসবপূর্ব পরিচর্যা,
- অ্যাম্বুলেন্স সার্ভিসসহ জরুরি চিকিৎসা সেবা,
- পারিবারিক সহিংসতা সম্পর্কে কাউন্সেলিং,
- টিকাদান,
- HIV পরীক্ষা ও কাউন্সেলিং,
- জরুরি আশ্রয়,
- বিষ নিয়ন্ত্রণের জন্য হটলাইন,
- খাবার রাখার ঘরের বা ফুড প্যান্ট্রি সেবা,
- শিশু কল্যাণ ও পালক পরিচর্যা সেবা,
- সরকারি স্কুলে শিক্ষা,
- স্কুলে সকালের নাস্তা ও দুপুরের খাবারের কর্মসূচি,
- ডিপার্টমেন্ট ফর দি এজিং (Department for the Aging) কর্তৃক প্রদত্ত সিনিয়র সার্ভিস ও সিনিয়র সেন্টার প্রোগ্রাম,
- ভোক্তা প্রতারণার বিষয়ে সুরক্ষা প্রদানকারী ডিপার্টমেন্ট অব কনজিউমার অ্যাফেয়ার্স (Department of Consumer Affairs) দ্বারা প্রদত্ত সেবা,
- মানবাধিকার কমিশন (Human Rights Commission)-এর দেয়া বৈষম্য-বিরোধী সুরক্ষা,
- পার্ক ও বিনোদন বিভাগ (Department of Parks and Recreation)-এর দেয়া সেবা ও সুবিধাসমূহ,
- স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene) দ্বারা প্রদত্ত পরিষেবা,
- পাবলিক লাইব্রেরি সার্ভিস ও বিশেষ অনুষ্ঠানমালা,
- গণ পরিবহন,
- পুলিশি নিরাপত্তা এবং
- অগ্নিকান্ড থেকে সুরক্ষা।

<u>শুধুমাত্র</u> যুক্তরাষ্ট্রের নাগরিক ও কিছু নির্দিষ্ট আইনগত স্ট্যাটাসধারী অভিবাসীরা, যারা "আইনসম্মতভাবে উপস্থিত" আছেন তারা পেতে পারেন এমন সুযোগ-সুবিধার কয়েকটি উল্লেখ করা হলো:

- সম্পূরক নিরাপত্তা আয় (Supplemental Security Income, SSI),
- ফুড স্ট্যাম্প (Food stamps),
- নগদ আর্থিক সহায়তা,
- সরকারি বাসস্থান (Public housing),
- অনুচ্ছেদ আট আবাসন ভাউচার এবং
- মেডিকেইড (জরুরি নয় এমন)।

## সম্পূরক নিরাপত্তা আয় (SUPPLEMENTAL SECURITY INCOME, SSI) কী?

- SSI হলো নিম্ন-আয়ের প্রবীণ (65 বছর ও তারচেয়ে বেশি বয়সী), অন্ধ বা প্রতিবন্ধী মানুষদের জন্য একটি নগদ আর্থিক সুবিধা।
- যেসব ব্যক্তি SSI পেয়ে থাকেন তারা স্বয়ংক্রিয়ভাবে মেডিকেইড পাওয়ার যোগ্য।

---

*একজন ব্যক্তি যেকোনো সামাজিক নিরাপত্তা প্রশাসন (Social Security Administration, SSA) অফিসে বা (800) 772-1213 নম্বরে কল করেSSI এর জন্য আবেদন করতে পারেন।*

---

## ফুড স্ট্যাম্প কী?

- বর্তমানে সম্পূরক পুষ্টি সহায়তা প্রকল্প (Supplemental Nutrition Assistance Program, SNAP) নামে পরিচিত ফুড স্ট্যাম্প হল কুপন ও ইলেকট্রনিক উপায়ে সুবিধা স্থানান্তর (Electronic Benefits Transfer, EBT) নামক কার্ডের মাধ্যমে নগদ আর্থিক সহায়তা প্রদান, যা স্বল্প-আয়ের পরিবারগুলোকে খাবার কিনতে সাহায্য করে।
- নিউ ইয়র্ক সিটিতে NYC মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) ফুড স্ট্যাম্প পরিচালনা করে থাকে। ফুড স্ট্যাম্পের জন্য আবেদন করতে একজন ব্যক্তি HRA জব সেন্টারে বা ফুড স্ট্যাম্প অফিসে যেতে পারেন।
- কোনো মা/বাবা ফুড স্ট্যাম্পের জন্য যোগ্য না হলেও, যদি তার ছেলেমেয়েরা যোগ্য হয় তাহলে তিনি তার ছেলেমেয়েদের জন্য ফুড স্ট্যাম্পের আবেদন করতে পারেন।

---

*ফুড স্ট্যাম্পের জন্য আবেদন করতে, 311 নম্বরে কল করুন বা অনলাইনে HRA ভিজিট করুন এই ঠিকানায় http://www1.nyc.gov/site/hra/help/snap-benefits-food-program.page।*

---

## নগদ আর্থিক সহায়তা কী?

নগদ আর্থিক সহায়তা হলো নিউ ইয়র্ক সিটির এমন একটি প্রোগ্রাম যা স্বল্প-আয়ের যোগ্য পরিবারগুলোকে আত্মনির্ভরশীল হতে সহায়তা করার জন্য তাদেরকে আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

---

*নগদ আর্থিক সহায়তা ও অন্যান্য সরকারি সুযোগ-সুবিধার জন্য আবেদন করা যায় নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত এমন জব সেন্টার খুঁজে পেতে দেখুন http://www1.nyc.gov/site/hra/locations/job-locations.page অথবা 311 নম্বরে কল করুন।*

---

## সরকারি আবাসন (PUBLIC HOUSING) কী?

সরকারি আবাসন হলো সরকারি-মালিকানাধীন এক ধরনের বাসস্থান যা স্বল্প-আয়ের কিছু পরিবার ও ব্যক্তিরা পেতে পারেন।

## সেকশন এইট আবাসন ভাউচার (SECTION 8 HOUSING VOUCHERS) বলতে কী বোঝায়?

সেকশন এইট আবাসন ভাউচার হলো একটি সুবিধা যা তাদের ভাড়ার কিছু অংশ পরিশোধ করতে একটি পরিবারকে সাহায্য করে থাকে। সেকশন এইট হাউজিংয়ের জন্য শুধুমাত্র কিছু নির্দিষ্ট স্বল্প-আয়ের পরিবার যোগ্য বলে বিবেচিত হয়ে থাকে এবং শুধুমাত্র নির্দিষ্ট কিছু বাড়িওয়ালা সেকশন এইট ভাউচার গ্রহণ করেন।

| সরকারি আবাসন ও সেকশন এইট ভাউচার সম্পর্কে আরো তথ্যের জন্য নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York City Housing Authority, NYCHA)-এর নিম্নলিখিত যেকোনো একটি অফিসে যোগাযোগ করুন অথবা http://apply.nycha.info দেখুন। | |
|---|---|
| **ম্যানহাটন/ব্রংক্স** | 478 E. Fordham Rd., 2nd Floor<br>Bronx, NY 10458<br>(718) 707-7771 |
| **ব্রুকলিন/স্ট্যাটেন আইল্যান্ড** | 787 Atlantic Ave., 2nd Floor<br>Brooklyn, NY 11238<br>(718) 707-7771 |
| **কুইন্স** | 90-27 Sutphin Blvd., 4th Floor<br>Jamaica, NY 11435<br>(718) 707-7771 |

**সরকারি আবাসন-এর আবেদনপত্র নিচের ঠিকানায় পাঠান:**

NYCHA
Post Office Box 445
Church Street Station
New York, NY 10008

**সেকশন এইট ভাউচার সম্পর্কে নিউ ইয়র্ক সিটি হাউজিং অ্যান্ড প্রিজার্ভেশন ডিপার্টমেন্ট (Housing and Preservation Department, HPD)-এর কাছ থেকে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে (917) 286-4300 নম্বরে কল করুন।**

**আবাসন সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আবাসন অংশটি দেখুন (পৃষ্ঠা 411)।**

## মেডিকেইড কী?

মেডিকেইড হলো একটি কর্মসূচি যা সীমিত আয় ও সম্পদ আছে এমন মানুষদের জন্য চিকিৎসার খরচ বহনে সাহায্য করে। আপনার যদি চিকিৎসার অধিক বিল থাকে, পরিপূরক সুরক্ষা আয় (Supplemental Security Income, SSI) পান ও/বা নির্দিষ্ট কিছু আর্থিক আবশ্যকতা পূরণ করেন, তাহলে আপনি মেডিকেইডের আওতাভুক্ত হতে পারেন। অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে মেডিকেইড হেল্পলাইনে (800) 541-2831 নম্বরে যোগাযোগ করুন।

## মিউনিসিপ্যাল আইডি: IDNYC কার্ড

অভিবাসনগত অবস্থা নির্বিশেষে নিউ ইয়র্ক সিটির সব বাসিন্দার জন্য 2014 সালে "IDNYC" নামক মিউনিসিপ্যাল আইডেন্টিটি কার্ড তৈরি করার জন্য নিউ ইয়র্ক সিটি একটি আইন পাস করেছে। IDNYC কার্ড হলো ছবিযুক্ত একটি পরিচয়পত্র যা অনেক কাজে ব্যবহার করা যায়। সিটি গভর্নমেন্টের কর্মসূচি ও সেবাসমূহে প্রবেশাধিকার পেতে, সিটি গভর্নমেন্টের ভবনগুলোতে (স্কুলসহ) প্রবেশ করতে, NYPD-এর পুলিশ অফিসারদের সাথে যোগাযোগ করতে, কিছু নির্দিষ্ট আর্থিক প্রতিষ্ঠানে চেকিং অ্যাকাউন্ট খুলতে এবং আরো অনেক সুযোগ-সুবিধা গ্রহণ করার জন্য এটি ব্যবহার করা যায়। IDNYC কার্ডের বাড়তি সুবিধাগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- মুভি টিকিট, ব্রডওয়ে শো, খেলাধুলার ইভেন্ট, থিম পার্ক এবং আরো অনেক বিনোদনমূলক বিষয়ে বিশেষ মূল্যছাড়।
- NYC পার্কস রিক্রিয়েশন সেন্টার (NYC Parks Recreation Center)-এ বার্ষিক ও ছয় মাসের সদস্যপদ এবং 25-61 বছর বয়স্কদের জন্য NYC পার্কস ডিপার্টমেন্ট (NYC Parks Department)-এর টেনিস পারমিটের উপর 10% হারে মূল্যছাড়।

- NYC-এর 22টি YMCA সেন্টারের সবগুলোতে পরিবার ও প্রাপ্তবয়স্কদের সদস্যপদে 20% মূল্যছাড়।
- সোমবার থেকে শুক্রবার সকাল 7টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত নিউ ইয়র্ক সিটির ফুড বাজার (Food Bazaar) সুপার মার্কেটে সব ধরনের কেনাকাটার উপর 5% মূল্যছাড়।
- নিউ ইয়র্ক পাস (New York Pass)-এর জন্য 25% মূল্যছাড়, যা হলো NYC-এর 83টি পর্যটন কেন্দ্রের জন্য একটি শহরব্যাপী পাস।
- নিউ ইয়র্ক সিটিতে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে ব্যাংক অ্যাকাউন্ট খোলা।
- জাদুঘর, শিল্পকলা কেন্দ্র, কনসার্ট হল, বোটানিক্যাল গার্ডেন ও চিড়িয়াখানাসহ সিটির সাংস্কৃতিক প্রতিষ্ঠানের মধ্যে 40টিতে বিনামূল্যে এক বছরের সদস্যপদ।

সুযোগ-সুবিধার একটি পূর্ণাঙ্গ বিবরণের জন্য, দেখুন: http://www1.nyc.gov/site/idnyc/benefits/benefits.page।

## আমি কিভাবে IDNYC কার্ডের জন্য আবেদন করতে পারি?

IDNYC কার্ড পেতে হলে, আপনাকে অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করে IDNYC নিবন্ধন কেন্দ্রে (IDNYC Enrollment Center) জমা দিতে হবে। আবেদনপত্রগুলো অবশ্যই হাতে স্বাক্ষরিত হতে হবে এবং সশরীরে জমা দিতে হবে। এগুলো অনলাইনে জমা দেয়া যাবে না। অ্যাপয়েন্টমেন্ট করতে 311 নম্বরে কল করুন বা www.nyc.gov/IDNYC ওয়েবসাইটে যান। নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী 14 বছর বা তার চেয়ে বেশি বয়সী প্রত্যেক অধিবাসী একটি IDNYC কার্ড পেতে পারেন।

আবেদনকারীদেরকে অবশ্যই পরিচয়ের প্রমাণ এবং নিউ ইয়র্ক সিটিতে বসবাসের প্রমাণ দিতে হবে। পরিচয় ও বসবাসের প্রমাণ হিসেবে অনেক ধরনের কাগজপত্র গৃহীত হয়ে থাকে। নিউ ইয়র্কের সব অধিবাসীকে বিনামূল্যে IDNYC কার্ড দেয়া হয়। কার্ডের মেয়াদ থাকবে আবেদনপত্র অনুমোদিত হওয়ার তারিখ থেকে পাঁচ বছর পর্যন্ত। আবেদন প্রক্রিয়ায় ইংরেজিতে সীমিত দক্ষতাসম্পন্ন ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রবেশাধিকার রয়েছে।

সিটি, স্টেট ও ফেডারেল আইনে অনুমোদিত সীমার মধ্যে IDNYC-এর সব আবেদনকারীর তথ্যের গোপনীয়তা সিটি রক্ষা করবে। নির্বাহী আদেশ 41 (Executive Order 41) অনুযায়ী সিটি আবেদনকারীদেরকে অভিবাসনগত অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করবে না।

আবেদনপত্র প্রিন্ট করতে http://www1.nyc.gov/site/idnyc/card/application-materials.page ওয়েবসাইটে যান।

IDNYC কার্ড ও কিভাবে আবেদন করতে হবে সে সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে IDNYC ওয়েবপেজ দেখুন: www.nyc.gov/IDNYC।

# স্বাস্থ্য সেবা

## একজন ব্যক্তি কিভাবে সরকারি স্বাস্থ্য বিমা (PUBLIC HEALTH INSURANCE) পেতে পারেন?

নিচে সরকারি স্বাস্থ্য বিমা কর্মসূচি সম্পর্কে তথ্য দেয়া হয়েছে যেগুলো পাওয়ার জন্য অনেক অভিবাসী যোগ্য হতে পারেন:

- স্বল্প-আয়ের সব বয়সী মানুষের জন্য মেডিকেইড। জরুরি নয় এমন মেডিকেইডের জন্য আইনসম্মত অভিবাসনগত অবস্থা আবশ্যক,
- জরুরি পরিচর্যার জন্য জরুরি মেডিকেইড,
- 18 বছর বা তার চেয়ে কম বয়সীদের জন্য চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus),
- 19-64 বছর বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য ফ্যামিলি হেলথ প্লাস (Family Health Plus),
- প্রিনাটাল কেয়ার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Prenatal Care Assistance Program, PCAP),
- ফ্যামিলি প্ল্যানিং বেনেফিট প্রোগ্রাম (Family Planning Benefit Program, FPBP),
- ফ্যামিলি প্ল্যানিং এক্সটেনশন প্রোগ্রাম (Family Planning Extension Program, FPEP) এবং
- HIV পজেটিভ চিকিৎসার জন্য এইডস ড্রাগ অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (AIDS Drug Assistance Program, ADAP)।

## সরকারি স্বাস্থ্য বিমা পাওয়ার জন্য যোগ্য কারা?

অনিবন্ধিত অভিবাসীসহ নিউ ইয়র্ক স্টেটের সব অভিবাসী অধিবাসীরা নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাওয়ার যোগ্য:

- চাইল্ড হেলথ প্লাস,
- প্রিনাটাল কেয়ার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (PCAP),
- ফ্যামিলি প্ল্যানিং বেনিফিট প্রোগ্রাম (FPBP),
- ফ্যামিলি প্ল্যানিং এক্সটেনশন প্রোগ্রাম (FPEP),
- এইডস ড্রাগ অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (ADAP) এবং
- জরুরি মেডিকেইড।

অভিবাসনগত অবস্থায় নির্বিশেষে সব শিশুই সরকারি স্বাস্থ্য বিমা পাওয়ার জন্য যোগ্য যদি তাদের পরিবার আয়ের উপর ভিত্তি করে যোগ্য হয়ে থাকে।

সাধারণত, অনিবন্ধিত অভিবাসী এবং অভিবাসী-নন এমন ব্যক্তিরা (অস্থায়ী ব্যবসায়ী, শিক্ষার্থী, চিকিৎসা ও ভ্রমণ ভিসাধারী ব্যক্তি) জরুরি অবস্থা ছাড়া ফ্যামিলি হেলথ প্লাস বা মেডিকেইড সুবিধা পাওয়ার যোগ্য নয়।

মেডিকেইড ও ফ্যামিলি হেলথ প্লাসের জন্য যোগ্য হতে হলে একজন অভিবাসীকে নিম্নলিখিত শ্রেণিগুলোর যেকোনো একটির অন্তর্ভুক্ত হতে হবে:

- জন্ম সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিক,
- নিজেদের দেশে নিগ্রহ বা অন্য কোনো সমস্যার শিকার হয়ে যারা যুক্তরাষ্ট্রে অভিবাসী হয়েছেন (যার মধ্যে রয়েছে শরণার্থী, রাজনৈতিক আশ্রয় পাওয়া ব্যক্তি, অ্যামেরেশিয়ান, কিউবান/হাইতিয়ান অভিবাসী, শর্তসাপেক্ষে আগমনকারী ব্যক্তি, মানব পাচারের শিকার হওয়া ব্যক্তি এবং যাদের অস্থায়ী সুরক্ষা স্ট্যাটাস আছে),
- আইনসম্মত স্থায়ী বাসিন্দা,
- মহিলাদের বিরুদ্ধে হিংসা সংক্রান্ত আইন (Violence Against Women Act, VAWA) সেলফ-পিটিশনার (যুক্তরাষ্ট্রের নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দাদের স্বামী/স্ত্রী ও ছেলেমেয়ে যারা শারীরিক বা মানসিকভাবে নির্যাতিত হয়েছেন),
- বহিষ্কারাদেশের উপর স্থগিতাদেশ দেয়া হয়েছে বা বহিষ্কার বাতিল করা হয়েছে এমন অভিবাসী,
- নিবন্ধিত অভিবাসীগণ (সেই সব ব্যক্তি যারা দেখাতে সক্ষম যে তারা জানুয়ারি 1, 1972 তারিখ থেকে যুক্তরাষ্ট্রে অবিরতভাবে বসবাস করে আসছেন),
- যুক্তরাষ্ট্রে প্যারোলপ্রাপ্ত ব্যক্তি, যার প্যারোলের মেয়াদ শেষ হয়নি,

- কানাডাতে জন্মগ্রহণকারী নেটিভ আমেরিকান এবং যুক্তরাষ্ট্রের সাথে বিশেষ সম্পর্ক রয়েছে এমন অঞ্চল থেকে আসা ব্যক্তিগণ,
- সশস্ত্র বাহিনীতে কাজ করা অবসরপ্রাপ্ত ব্যক্তি এবং যারা এখনো কাজ করছেন, তাদের ঘনিষ্ঠ পরিবারসহ, অথবা
- নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ যেসব অভিবাসীকে পার্মানেন্টলি রিসাইডিং আন্ডার কালার অব ল (PRUCOL) হিসেবে শনাক্ত করেছে।

## সেই সাথে...

- অভিবাসনগত অবস্থায় নির্বিশেষে জরুরি চিকিৎসার প্রয়োজন রয়েছে এমন যেকোনো ব্যক্তির অ্যাম্বুলেন্স ডাকার এবং জরুরি বিভাগে সেবা গ্রহণের অধিকার রয়েছে।
- অভিবাসনগত অবস্থায় নির্বিশেষে, যেকোনো ব্যক্তি ফেডারেল অর্থায়নে পরিচালিত স্বাস্থ্য কেন্দ্র থেকে এবং NYC স্বাস্থ্য ও হাসপাতাল কর্পোরেশন (Health and Hospitals Corporation)-এর পরিচালিত হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার ও চিকিৎসা কেন্দ্র, দীর্ঘ-মেয়াদী সেবাদানকারী প্রতিষ্ঠান ও ক্লিনিকগুলো থেকে সেবা পেতে পারেন।

*সরকারি স্বাস্থ্য বিমা সম্পর্কে আরো তথ্যের জন্য, আপনি HRA মেডিকেইড হেল্প লাইনে (888) NYC-6116 নম্বরে কল করতে পারেন।*

## সীমিতভাবে ইংরেজি বলতে পারেন বা আদৌ বলতে পারেন না এমন কোনো ব্যক্তি কি স্বাস্থ্য সেবার ক্ষেত্রে ভাষা সহায়তা পেতে পারেন?

ইংরেজিতে দক্ষ নন এমন কোনো ব্যক্তির জন্য অধিকাংশ স্বাস্থ্য সেবা কেন্দ্র থেকে ভাষা সংক্রান্ত অর্থবহ সহায়তা পাওয়ার অধিকার রয়েছে। ফেডারেল ও স্টেট আইন অনুযায়ী ইংরেজিতে সীমিত দক্ষতা (LEP) রয়েছে এমন ব্যক্তিদেরকে ভাষা সংক্রান্ত সহায়তা প্রদান করার জন্য হাসপাতালগুলোর যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক, যেমন সব রোগীদের সাথে কার্যকর যোগাযোগ নিশ্চিত করার জন্য দক্ষ দোভাষী সেবা এবং গুরুত্বপূর্ণ ফরম, নির্দেশনা ও তথ্যাবলীর অনুবাদ প্রদান করা।

| যদি কোনো হাসপাতাল আপনাকে পর্যাপ্ত দোভাষী বা অনুবাদ সেবা দিতে ব্যর্থ হয়, তাহলে আপনি নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলোতে একটি নাগরিক অধিকার অভিযোগ (civil rights complaint) দায়ের করতে পারেন: | |
|---|---|
| **ইউ.এস. ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস, অফিস ফর সিভিল রাইটস (U.S. Department of Health and Human Services, Office for Civil Rights, OCR)** | (212) 264-3313 |
| **NYS ডিভিশন অব হিউম্যান রাইটস (NYS Division of Human Rights)** | (718) 741-8400 |
| **NYS হিউম্যান রাইটস কমিশন (NYS Human Rights Commission)** | 311 বা (212) 306-7450 |

## হাসপাতালের কমিউনিটি উপদেষ্টা বোর্ড (HOSPITAL COMMUNITY ADVISORY BOARDS) কী?

হাসপাতালের কমিউনিটি উপদেষ্টা বোর্ড (CABs) NYC হেলথ + হসপিটালস (NYC Health + Hospitals, H+H)-এর কেন্দ্র বা ফ্যাসিলিটিগুলোকে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে কমিউনিটির দৃষ্টিভঙ্গি কী সে ব্যাপারে উপদেশ দেয় এবং ঐ কেন্দ্রগুলোর লক্ষ্য ও উদ্দেশ্যগুলো সম্পর্কে কমিউনিটিকে অবহিত করে। কেন্দ্রের পরিকল্পনা প্রণয়ন ও কর্মসূচি উন্নয়নের বিষয়ে CAB সদস্যরা গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি প্রদান করেন এবং কমিউনিটি গ্রুপ, স্থানীয় কর্মকর্তা ও কেন্দ্রের প্রশাসনের সাথে মত বিনিময় করেন। CABs সম্পর্কে আরো তথ্যের জন্য, H+H-এর অফিস অব ইন্টারগভর্নমেন্টাল রিলেশন্স (Health and Hospital Corporation Office of Intergovernmental Relations)-এর সাথে (212) 788-3349 নম্বরে যোগাযোগ করুন বা www.nyc.gov/hhc ওয়েবসাইট দেখুন।

# শিক্ষা

## সরকারি স্কুলে (PUBLIC SCHOOL) পড়ার অধিকার কাদের রয়েছে?

অভিবাসনগত অবস্থায় নির্বিশেষে, নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী 5 থেকে 21 বছর বয়সী সব ব্যক্তির হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট না হওয়া পর্যন্ত বিনামূল্যে সরকারি স্কুলে পড়ার অধিকার রয়েছে। যে বছরে একটি শিশুর বয়স 5 বছর হবে সেই বছর থেকে প্রত্যেক শিশুর কিন্ডারগার্টেনে পড়ার অধিকার রয়েছে।

---

*শিক্ষার্থী ও পিতামাতাদেরকে নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলে তাদের অভিবাসনগত অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করার প্রয়োজন নেই।*

---

## পিতামাতারা কি স্কুলের তথ্যগুলো ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষায় অনুবাদে পেতে পারেন?

শিক্ষা বিষয়ক গুরুত্বপূর্ণ নোটিশ, চিঠি ও ফরমের অনুবাদ পিতামাতাদের মাতৃভাষায় পাওয়ার অধিকার রয়েছে। সেইসাথে, পিতামাতাদের বৈঠক ও পরিচিতিমূলক অনুষ্ঠান বা ওরিয়েন্টেশনে অবশ্যই দোভাষীর ব্যবস্থা থাকতে হবে। কোনো পিতামাতা যদি প্রয়োজনীয় অনুবাদ বা দোভাষী সেবা না পান, তাহলে সহায়তা পাওয়ার জন্য সেই পিতামাতা তাদের প্যারেন্ট কো-অর্ডিনেটর, স্কুল, ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর ডিভিশন অব ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট (Department of Education Division of Family and Community Engagement) বা একজন অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করতে পারেন। সাধারণত শিক্ষা বিষয়ক অনেক ব্যাপারেই শিশুদেরকে দোভাষী হিসেবে ব্যবহার করা উচিত নয়।

## আমি কিভাবে আমার সন্তানকে সরকারি স্কুলে নিবন্ধন করাতে পারি?

পিতামাতাদের উচিত তাদের সন্তানদেরকে বাসার কাছাকাছি "জোনভুক্ত" ("zoned") স্কুলে নিবন্ধন করানো। একটি শিশুর জোনভুক্ত স্কুল কোথায় অবস্থিত তা 311 নম্বরে কল করে বা DOE ওয়েবসাইট http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents থেকে আপনি জেনে নিতে পারেন।

---

*যেসব পিতামাতা তাদের সন্তানকে জোনভুক্ত স্কুলে ভর্তি করাতে চান না তারা তাদের সন্তানকে একটি ভিন্ন স্কুলে স্থানান্তর করতে "ভ্যারিয়েন্স (variance)"-এর জন্য আবেদন করতে পারেন। তবে, ভ্যারিয়েন্সের জন্য আবেদনকারী পিতামাতারা মাঝে মাঝে সেই স্থানান্তর নাও পেতে পারেন। কিভাবে স্কুল বেছে নিতে হয় ও সেখানে আবেদন করতে হয় সে বিষয়ে আরো তথ্যের জন্য www.insideschools.org দেখুন বা (866) 427-6033 নম্বরে কল করুন।*

---

যেসব পিতামাতা তাদের সন্তানদেরকে নিউ ইয়র্ক সিটিতে প্রি-কিন্ডাগার্টেন প্রোগ্রামে নিবন্ধন করাতে চান, তারা তাদের সন্তানের নিবন্ধনের জন্য DOE-এর সাথে যোগাযোগ করতে পারেন। আপনার সন্তানকে কিভাবে প্রি-কিন্ডাগার্টেন প্রোগ্রামে ভর্তি করাতে হবে সে বিষয়টি আপনি (718) 935-2009 নম্বরে কল করে বা DOE ওয়েবসাইট http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/default.htm থেকে জেনে নিতে পারেন।

সব হাই স্কুল এবং কিছু কিছু মিডল স্কুলের ক্ষেত্রে, শিক্ষার্থীদের জন্য জোনভুক্ত স্কুল বরাদ্ধ করা হয় না, বরং তারা একটি আবেদন প্রক্রিয়ার মধ্য দিয়ে যায় এবং তারা কিছু স্কুল নির্বাচন করতে পারে। মিডল স্কুল ও হাই স্কুলে ভর্তি সংক্রান্ত আরো তথ্যের জন্য, 311 নম্বরে কল করুন বা http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/default.htm ওয়েবসাইট দেখুন।

নিবন্ধন করার সময় শিক্ষার্থীদেরকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্র দেখাতে হবে:

- বাসার ঠিকানার প্রমাণ (প্রমাণ হিসেবে শুধুমাত্র কিছু নির্দিষ্ট কাগজপত্র গৃহীত হবে),
- শিশুর জন্ম সনদ, পাসপোর্ট বা ব্যাপ্টিসমাল সনদপত্র,
- শিশুর টিকাদানের রেকর্ড,
- শিশুর ট্রান্সক্রিপ্ট বা সর্বসাম্প্রতিক রিপোর্ট কার্ড (সুপারিশকৃত, তবে আবশ্যক নয়),
- শিক্ষার্থী যে স্কুলে ভর্তি হতে চায় সেই স্কুল, শিক্ষা বিভাগ (Department of Education) বা বাইরের কোনো উৎস থেকে পিতামাতারা বিদেশি ট্রান্সক্রিপ্ট অনুবাদ করাতে পারেন এবং
- শিশুর জন্য স্বকীয় শিক্ষা কর্মসূচি (Individualized Education Program, IEP), শুধুমাত্র যদি শিশুটি বিশেষ শিক্ষা সেবা গ্রহণ করে।

নিবন্ধন করার জন্য কোনো শিক্ষার্থীর কাছে আবশ্যক সব কাগজপত্র না থাকলেও, স্কুল অবশ্যই অবিলম্বে ঐ শিক্ষার্থীকে স্কুলে অংশ নেয়ার অনুমতি দিতে হবে। তারপর সেই বাড়তি কাগজপত্র পাওয়ার জন্য স্কুল অবশ্যই চেষ্টা করবে।

### নতুন অভিবাসী শিক্ষার্থীদের জন্য পরিকল্পিত কোনো সরকারি স্কুল আছে কি?

হ্যাঁ। এই ধরনের প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য, আপনি 311 নম্বরে কল করে, www.insideschools.org ওয়েবসাইট ভিজিট করে বা অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন (Advocates for Children)-এ (212) 947-9779 নম্বরে কল করে শিক্ষা বিভাগের সাথে যোগাযোগ করতে পারেন।

### স্কুলে যাতায়াতের জন্য কোনো শিশু কি বিনামূল্যে বাস সেবা পেতে পারে?

শিক্ষার্থীদের গ্রেড লেভেল ও স্কুল থেকে তাদের বাসার দূরত্বের উপর ভিত্তি করে কিন্ডারগার্টেন থেকে শুরু করে 6 গ্রেড পর্যন্ত শিক্ষার্থীরা বিনামূল্যে বাস সেবা পাওয়ার যোগ্য। স্কুল থেকে বাসার দূরত্বের উপর ভিত্তি করে সব বয়সের শিক্ষার্থীরাই বিনামূল্যে বা হ্রাসকৃত ভাড়ায় গণ পরিবহন সুবিধা পাওয়ার যোগ্য।

*আরো তথ্যের জন্য পিতামাতারা শিক্ষার্থী পরিবহন অফিস (Office of Pupil Transportation, OPT)-এ (718) 392-8855 নম্বরে কল করতে পারেন বা http://www.optnyc.org/ ওয়েবসাইট দেখতে পারেন।*

### কোনো শিক্ষার্থী কি স্কুলে বিনামূল্যে সকালের নাস্তা বা দুপুরের খাবার পেতে পারে?

সরকারি স্কুলগুলোতে অনেক শিক্ষার্থীই বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে খাবার পাওয়ার যোগ্য। এই সুবিধা পেতে, পরিবারগুলোকে অবশ্যই যথাযথ আবেদনপত্র জমা দিতে হবে যা প্রতিটি স্কুলে পাওয়া যায়।

## চাইল্ড কেয়ার

### পিতামাতারা কিভাবে চাইল্ড কেয়ার সুবিধা পেতে পারেন?

আয় বিষয়ক কিছু নির্দিষ্ট শর্ত পূরণ করা সাপেক্ষে পিতামাতারা 6 সপ্তাহ থেকে 12 বছর বয়সী শিশুদের জন্য চাইল্ড কেয়ার সুবিধা পেতে পারেন। NYC অ্যাডমিনিস্ট্রেশন ফর চিল্ড্রেনস সার্ভিসেস (Administration for Children's Services, ACS) বা মানব সম্পদ প্রশাসন (HRA) চাইল্ড কেয়ার সেবাসমূহ পরিচালনা করে থাকে। গ্রুপের চাইল্ড কেয়ার সেন্টারগুলোতে বা লাইসেন্সধারী প্রোভাইডারের বাসায় চাইল্ড কেয়ার সার্ভিস প্রদান করা হয়। অনেক চাইল্ড কেয়ার কর্মসূচি অভিবাসনগত অবস্থা নির্বিশেষে সব শিশুদের জন্য প্রদান করা হয়। চাইল্ড কেয়ারের খরচ পরিশোধ করার জন্য যোগ্য পরিবারগুলো ACS বা HRA-এর মাধ্যমে ভাউচারের জন্য আবেদন করতে পারে। গত 12 মাসের মধ্যে সরকারি সহায়তা গ্রহণকারী বা ত্যাগকারী পরিবারগুলো HRA-এর মাধ্যমে চাইল্ড কেয়ার ভাউচার পাওয়ার যোগ্য হতে পারে।

চাইল্ড কেয়ারের অপশনগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য 311 নম্বরে কল করুন।

# দ্বিভাষীক (বাইলিঙ্গুয়াল) শিক্ষা ও ESL

## দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি শিখছে এমন শিশুদের জন্য স্কুলে কোন কোন সেবাগুলোর ব্যবস্থা রয়েছে?

ইংরেজি শিখছে এমন শিক্ষার্থীদের জন্য দ্বিভাষীক শিক্ষা, দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (English as a Second Language, ESL) বা অন্যান্য প্রোগ্রাম গ্রহণ করা আবশ্যক এবং এটি তাদের অধিকার। এই প্রোগ্রামগুলো গ্রহণকারী শিক্ষার্থীদেরকে "ইংরেজি ভাষা শিক্ষার্থী (English Language Learners)" বা ELL বলা হয়। ELL প্রোগ্রামগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- **দ্বিভাষীক শিক্ষার** মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষার্থীকে অ্যাকাডেমিক সব বিষয় পড়ানোর জন্য শিক্ষার্থীর মাতৃভাষা ও ইংরেজি ব্যবহার করা। শিশুর নিজ ভাষার চর্চা অব্যাহত রাখতে, অ্যাকাডেমিক বিষয়গুলো শেখার জন্য এবং ইংরেজি শেখার জন্য সহায়তা করতে এটির পরিকল্পনা করা হয়েছে।
- **দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (ESL)** হলো এমন একটি প্রোগ্রাম যা শিক্ষার্থীকে শুধুমাত্র ইংরেজি ব্যবহার করে ইংরেজি ও অন্যান্য বিষয়গুলো শিখিয়ে থাকে।
- শিক্ষাদানের জন্য **দ্বৈত ভাষা/দ্বি-মুখী মডেল**-এ ইংরেজি মাতৃভাষী এবং অন্য একটি মাতৃভাষার শিক্ষার্থীদেরকে একই ক্লাসে শিক্ষাদান করে যাতে সব শিক্ষার্থী ইংরেজি ও ইংরেজি ছাড়া অন্য একটি ভাষা শিখতে পারে।
- **অ্যাক্সিলারেটেড অ্যাকাডেমিক ইংলিশ ল্যাঙ্গুয়েজ মডেল** হলো এমন একটি প্রোগ্রাম যেখানে ইংরেজি ভাষা শৈলীর উপর গুরুত্বারোপ করা হয় এবং শিক্ষানির্দেশনার জন্য ESL পদ্ধতিগুলো ব্যবহার করা হয়।

*প্রতিটি সরকারি স্কুলে ESL প্রোগ্রাম পরিচালনা করা উচিত, তবে সব স্কুল দ্বিভাষীক শিক্ষা পরিচালনা করবে না। কোনো স্কুলে যদি শিশুর ভাষায় দ্বিভাষীক শিক্ষার ক্লাসের পাশাপাশি ESL ক্লাস থাকে, তাহলে শিশুটির জন্য দ্বিভাষীক শিক্ষা ও ESL-এর মধ্য থেকে একটি বেছে নেয়ার অধিকার পিতামাতার রয়েছে।*

## কোনো শিক্ষার্থী আবশ্যিকভাবে দোভাষী শিক্ষা নাকি ESL নেবে সে বিষয়ে স্কুল কিভাবে সিদ্ধান্ত নিয়ে থাকে?

একটি শিশুকে স্কুলের জন্য নিবন্ধনকারী প্রত্যেক পিতামাতা বা অভিভাবক 'বাড়িতে ব্যবহৃত ভাষা শনাক্তকরণের জন্য জরিপ' (Home Language Identification Survey, HLIS) পূরণ করবেন, যেখানে জানতে চাওয়া হয় যে শিশুটি ও পরিবারের অন্য সদস্যরা বাসায় কোন ভাষায় কথা বলে থাকেন। জরিপের উত্তরের উপর ভিত্তি করে, শিক্ষার্থীর দোভাষী শিক্ষা নাকি ESL নেয়া উচিত তা নির্ধারণ করার জন্য তার ল্যাঙ্গুয়েজ অ্যাসেসমেন্ট ব্যাটারি (Language Assessment Battery, LAB) টেস্ট দেয়ার প্রয়োজন হতে পারে। কোনো শিশু যদি LAB পরীক্ষায় 41 পার্সেন্টাইলের কম স্কোর পায়, তাহলে তাকে ইংরেজি ভাষা শিক্ষার্থী (ELL) হিসেবে মনোনীত করা হবে এবং তার দ্বিভাষীক শিক্ষা বা ESL গ্রহণ করার প্রয়োজন হবে।

পরিচালিত বিভিন্ন ধরনের ELL প্রোগ্রাম সম্পর্কে পিতামাতাকে অবহিত করার জন্য স্কুলগুলো নতুন ELL-এর পিতামাতাদেরকে নিয়ে একটি পরিচিতি অনুষ্ঠানের (ওরিয়েন্টেশন) আয়োজন করতে হবে। পরিচিতি অনুষ্ঠানে পিতামাতারা ELL সেবাসমূহ সম্পর্কে প্রশ্ন জিজ্ঞেস করতে পারেন এবং ELL প্রোগ্রামগুলো সম্পর্কিত বিভিন্ন উপাদান পেতে পারেন (প্রয়োজন হলে দোভাষীর সহায়তায়)।

## কোনো পিতামাতা যদি তার সন্তানের দ্বিভাষীক শিক্ষা বা ESL গ্রহণের বিষয়ে সম্মত না হন তাহলে কী হবে?

আরো বেশি স্কোর করার জন্য সন্তানকে পুনরায় LAB পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ দেয়ার জন্য পিতামাতা অনুরোধ করতে পারেন। পুনরায় পরীক্ষা গ্রহণের সব অনুরোধ অনুমোদন করা হয় না।

*ESL প্রোগ্রাম বা অন্যান্য পারিবারিক তথ্যসূত্র সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে DOE ডিপার্টমেন্ট অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স অ্যান্ড স্টুডেন্ট সাপোর্ট (Department of English Language Learners and Student Support)-এর সাথে (212) 374-6072 নম্বরে যোগাযোগ করুন বা [http://schools.nyc.gov/Academics/ELL/default.htm](http://schools.nyc.gov/Academics/ELL/default.htm) ওয়েবসাইট দেখুন।*

## বিশেষ শিক্ষা কী?

3 থেকে 21 বছর বয়সী যে সব শিক্ষার্থীর প্রতিবন্ধীত্ব আছে যা তাদের শিক্ষা গ্রহণকে বাধাগ্রস্ত করে, তাদের বিশেষায়িত শিক্ষানির্দেশনা ও সেবা পাওয়ার অধিকার রয়েছে, যাকে বলা হয় "বিশেষ শিক্ষা"। এই ধরনের প্রতিবন্ধীত্বের মধ্যে পড়ার সমস্যা থেকে শুরু করে জটিল আবেগগত, বুদ্ধিভিত্তিক ও শারীরিক সমস্যা অন্তর্ভুক্ত থাকতে পারে।

বিশেষ শিক্ষা (Special Education) সেবাসমূহের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কাউন্সেলিং, রিসোর্স রুম, প্যারাপ্রফেশনাল সার্ভিস, শারীরিক, অকুপেশনাল ও স্পিচ থেরাপি, সহায়ক প্রযুক্তি, বিশেষ পাঠক্রম এবং অন্যান্য "প্রাসঙ্গিক সেবাসমূহ।" বিশেষ শিক্ষার শিক্ষার্থীদেরকে স্বাভাবিক শিক্ষার্থীদের সাথে সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে অথবা শুধুমাত্র বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের সাথে ভিন্ন একটি শ্রেণিকক্ষে শিক্ষা দেয়া হতে পারে।

## একজন শিক্ষার্থীকে কিভাবে বিশেষ শিক্ষার জন্য বাছাই করা হয়?

কোনো শিশুকে বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তা শনাক্ত করতে রেফার ও মূল্যায়ন করার জন্য পিতামাতা বা স্কুল লিখিতভাবে অনুরোধ জানাতে পারেন। শুধুমাত্র দক্ষতার সাথে ইংরেজি বলতে না পারার কারণে কোনো শিক্ষার্থীকে বিশেষ শিক্ষার জন্য রেফার করা যাবে না। পিতামাতার অবহিত সম্মতি ছাড়া কোনো শিশুকে বিশেষ শিক্ষার জন্য মূল্যায়ন করা যাবে না। ELL শিশুদের জন্য অবশ্যই দ্বিভাষীক বিশেষ শিক্ষা মূল্যায়নের ব্যবস্থা করতে হবে।

*পিতামাতাদের বিশেষ শিক্ষার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সামগ্রীর অনুবাদ পাওয়ার এবং তাদের সন্তানের বিশেষ শিক্ষা সেবা সম্পর্কিত মিটিং ও শুনানিতে দোভাষী পাওয়ার অধিকার রয়েছে।*

কোনো শিক্ষার্থী যদি বিশেষ শিক্ষা সেবা পাওয়ার যোগ্য হয়, তাহলে তাকে স্বকীয় শিক্ষা কর্মসূচি (Individualized Education Program, IEP) দেয়া হবে, এটি হলো একটি গুরুত্বপূর্ণ ডকুমেন্ট যেখানে শিক্ষার্থী যে সেবাসমূহ পাবে সেগুলো এবং শিক্ষার্থীর শিক্ষার লক্ষ্য ও মানদণ্ডগুলো উল্লেখ থাকবে।

কোনো পিতামাতা যদি তার সন্তানের বিশেষ শিক্ষা গ্রহণের প্রয়োজনীয়তার সাথে দ্বিমত পোষণ করেন বা বিশ্বাস করেন যে শিশুটি সঠিক সেবা পাচ্ছে না, তাহলে এই বিষয়গুলো চ্যালেঞ্জ করে পিতামাতা একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাতে পারেন। নিরপেক্ষ শুনানিতে এবং বিশেষ শিক্ষার মিটিংগুলোতে সহায়তা করার জন্য পিতামাতা অ্যাডভোকেট বা অ্যাটর্নি চাইতে পারেন।

*বিশেষ শিক্ষা সেবা সম্পর্কে আরো তথ্যের জন্য, আপনি (718) 935-2007 নম্বরে ডিপার্টমেন্ট অব এডুকেশন স্পেশাল এডুকেশন হটলাইন (Department of Education Special Education Hotline)-এ যোগাযোগ করতে পারেন বা DOE-এর বিশেষ শিক্ষার ওয়েবসাইট [http://schools.nyc.gov/Academics/SpecialEducation/default.htm](http://schools.nyc.gov/Academics/SpecialEducation/default.htm) দেখতে পারেন।*

# পিতামাতার সম্পৃক্ততা (Parental Involvement)

## পিতামাতারা কিভাবে তাদের সন্তানের শিক্ষায় সম্পৃক্ত হতে পারেন?

পিতামাতারা অনেকভাবে তাদের সন্তানের স্কুল ও শিক্ষার সাথে সম্পৃক্ত হতে পারেন। পিতামাতারা তাদের সন্তানের শিক্ষক ও স্কুলের প্রশাসকদের সাথে নিয়মিত কথা বলতে পারেন। পিতামাতারা তাদের স্কুলের প্যারেন্ট কো-অর্ডিনেটরের সাথেও কথা বলতে পারেন, যিনি পিতামাতাদের উদ্বেগ নিরসনে সহায়তা করার জন্য এবং পিতামাতাদের সম্পৃক্ততায় সহায়তা করার জন্য দায়িত্বপ্রাপ্ত।

সম্পৃক্ত হওয়ার জন্য পিতামাতারা নিম্নলিখিত সংগঠনগুলোতেও যোগ দিতে পারেন:

- প্যারেন্ট অ্যাসোসিয়েশন (Parent Association, PA)/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (Parent Teacher Association, PTA): একটি দল যারা বাজেট ও পাঠক্রমসহ স্কুল পরিচালনার সাথে সংশ্লিষ্ট সব বিষয়ে স্কুলকে পরামর্শ দিয়ে থাকে। স্কুলের কার্যক্রম পরিচালনা ও সাফল্য অর্জনের মাত্রা সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার PA/PTA-এর রয়েছে।
- স্কুল লিডারশীপ টিম (School Leadership Team): পিতামাতা, স্কুলের নেতৃবৃন্দ ও শিক্ষকবৃন্দের সমন্বয়ে গঠিত একটি দল যারা স্কুল-ভিত্তিক শিক্ষানীতি এবং প্রতিটি স্কুলের সমন্বিত শিক্ষা পরিকল্পনা (Comprehensive Educational Plan, CEP) প্রণয়ন করে থাকে।
- কমিউনিটি এডুকেশন কাউন্সিল (Community Education Councils, CECs): 32টি কমিউনিটি এডুকেশন কাউন্সিল রয়েছে, যেগুলো পরিবার ও শিক্ষার্থীদের প্রয়োজন ও স্বার্থের প্রতিনিধিত্ব করে এবং সিটির 32টি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের প্রতিটিতে শিক্ষানীতি তৈরি করতে সাহায্য করে থাকে।
- সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল (Citywide Education Councils, CECs): শহরব্যাপী শিক্ষানীতি তৈরি করার ক্ষেত্রে পরিবার ও শিক্ষার্থীদের প্রয়োজন ও স্বার্থের প্রতিনিধিত্বকারী নিম্নলিখিত চারটি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল রয়েছে: ELL, বিশেষ শিক্ষা, ডিস্ট্রিক্ট 75 ও হাই স্কুল।
  - কমিউনিটি ও সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলগুলো পিতামাতা ও সংশ্লিষ্ট কমিউনিটি সদস্যদের নিয়ে গঠিত যারা নির্বাচিত বা নিয়োগপ্রাপ্ত।
  - CEC প্রতি মাসে পাবলিক মিটিং আয়োজন করে থাকে। তাদের দায়িত্বের মধ্যে রয়েছে স্কুল জোনিং লাইন অনুমোদন, DOE-এর ক্যাপিটাল প্ল্যানের উপর শুনানির আয়োজন, কমিউনিটি সুপারিনটেন্ডেন্টদের মূল্যায়ন এবং নীতিমালা সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত প্রদান করা।

---

*CEC সম্পর্কে আরো তথ্যের জন্য (212) 374-4118 নম্বরে ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর ডিভিশন অব ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট (Department of Education's Division of Family & Community Engagement)-এর সাথে যোগাযোগ করুন বা http://schools.nyc.gov/Offices/CEC ওয়েবসাইট দেখুন।*

---

- কমিউনিটি বোর্ডসমূহ: কমিউনিটি বোর্ড হলো স্থানীয় প্রতিনিধিত্বশীল সংগঠন যেগুলো 50 জন পর্যন্ত বেতনভুক্ত নন এমন সদস্য দ্বারা গঠিত, যাদের মধ্যে অর্ধেক মনোনীত হয়ে থাকে বরো প্রেসিডেন্ট কর্তৃক এবং যাদের মধ্যে অর্ধেক মনোনীত হয়ে থাকে সিটি কাউন্সিলের সদস্যদের দ্বারা। বোর্ডগুলো মাসে একবার প্রকাশ্যে মিটিং করে। প্রতিটি মিটিং-এর একটি অংশে সাধারণ জনগণকে কথা বলার সুযোগ দেয়া হয়। বোর্ডগুলো শিক্ষাসহ তাদের কমিউনিটিকে প্রভাবিত করে এমন অনেক বিষয়ের প্রতি মনোযোগ দিয়ে থাকে। কমিউনিটি বোর্ডগুলোর সাথে সম্পৃক্ত হওয়ার বিষয়ে আরো তথ্যের জন্য, "ভোট প্রদান ও নাগরিক অংশগ্রহণ (Voting and Civic Participation)" অংশটি দেখুন।
- শিক্ষানীতি বিষয়ক প্যানেল (Panel for Educational Policy, PEP): শিক্ষানীতি বিষয়ক প্যানেল হলো একটি স্বাধীন বোর্ড যা 13 জন ভোটিং সদস্য নিয়ে গঠিত — যার মধ্যে 8 জন মেয়র কর্তৃক নিয়োগপ্রাপ্ত এবং 5 জন সিটির প্রতিটি বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত — এবং 2 জন নন-ভোটিং শিক্ষার্থী উপদেষ্টা কাউন্সিল (Student Advisory Council)-এর সদস্য।

- PEP প্রতি মাসে একটি পাবলিক মিটিং-এর আয়োজন করে থাকে, যেখানে জনগণের মতামত প্রদানের জন্য সময় বরাদ্দ থাকে। DOE-এর নীতিমালা ও প্রস্তাবনা সম্পর্কে আরো জানার জন্য এবং চ্যান্সেলর ও PEP-এর সদস্যদের সামনে মতামত জানানোর জন্য প্রত্যেক পিতামাতাই এই মিটিং-এ উপস্থিত হতে পারেন।
- PEP সদস্যরা স্কুলের যৌথ অবস্থান, স্কুল বন্ধ থাকা এবং স্কুলের গ্রেড সম্প্রসারণ ও সংকোচন সম্পর্কিত DOE-এর প্রস্তাবগুলোর উপর ভোট দিয়ে থাকেন। এছাড়াও PEP শিক্ষা বিষয়ক অর্জন ও শিক্ষার্থীদের পারফর্মেন্স সম্পর্কিত মানদণ্ড, নীতিমালা, উদ্দেশ্য ও নিয়ম-কানুন এবং সেইসাথে DOE-এর চুক্তিসমূহ, প্রাক্কলিত বাৎসরিক পরিচালনা বাজেট ও ক্যাপিটাল প্ল্যান পর্যালোচনা করে থাকে।

---

*মনে রাখবেন শিক্ষা বিষয়ক গুরুত্বপূর্ণ নোটিশ, চিঠি ও ফরমের অনুবাদ পিতামাতারা তাদের মাতৃভাষায় পাওয়ার অধিকার রয়েছে। প্যারেন্ট মিটিং ও ওরিয়েন্টেশনে অবশ্যই দোভাষীর ব্যবস্থা থাকতে হবে। কোনো পিতামাতা যদি প্রয়োজনীয় অনুবাদ বা দোভাষী না পান, তাহলে সাহায্যের জন্য সেই পিতামাতা তাদের প্যারেন্ট কো-অর্ডিনেটর, স্কুল, ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর ডিভিশন অব ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট (Department of Education Division of Family and Community Engagement) বা একজন অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করতে পারেন।*

---

# শিক্ষার্থীদেরকে শাস্তি দেয়া (Student Discipline)

## অসদাচরণের দায়ে একজন শিক্ষার্থীকে কিভাবে শাস্তি দেয়া হয়?

স্কুলকে অবশ্যই সিটিওয়াইড ডিসিপ্লিন কোড (Citywide Discipline Code) মেনে চলতে হবে এবং শিক্ষার্থীর আচরণের জন্য সঠিক শাস্তির বিষয়ে সিদ্ধান্ত নিতে অন্য সব বিষয়ের সাথে সাথে শিক্ষার্থীর বয়স, পরিপক্কতা, শৃঙ্খলা সম্পর্কিত আগের রেকর্ড এবং ঘটনার সাথে সংশ্লিষ্ট পরিস্থিতি বিবেচনা করতে হবে। সন্তানের বিরুদ্ধে গৃহীত যেকোনো ধরনের শাস্তিমূলক ব্যবস্থা যথাযথ ও আইনানুগ কিনা সে বিষয়ে নিশ্চিত হতে পিতামাতারা ডিসিপ্লিন কোড ও শিক্ষার্থীর অধিকারের বিল (Bill of Student Rights)-এর একটি কপি চাওয়া উচিত।

## শাস্তিমূলক ব্যবস্থার সম্মুখীন হলে শিক্ষার্থীদের কী কী করার অধিকার থাকে?

শিক্ষার্থী ও পিতামাতা যদি কোনো গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার সাথে দ্বিমত পোষণ করেন তাহলে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ঐ শাস্তিমূলক ব্যবস্থার বিরুদ্ধে চ্যালেঞ্জ জানানোর অধিকার শিক্ষার্থীর রয়েছে। দুই ধরনের সাসপেনশন (সাময়িক বহিষ্কার) রয়েছে: প্রিন্সিপালের সাসপেনশন ও সুপারিনটেন্ডেন্টের সাসপেনশন। প্রিন্সিপালের সাসপেনশন সুপারিনটেন্ডেন্টের সাসপেনশন থেকে কম কঠোর। সাসপেনশনের ক্ষেত্রে স্কুলকে অবশ্যই নিম্নলিখিত গুরুত্বপূর্ণ নিয়মগুলো অনুসরণ করতে হবে:

- শিক্ষার্থীকে অবশ্যই সাসপেনশনের সুনির্দিষ্ট কারণ জানিয়ে যথাযথভাবে সরবরাহ করা লিখিত নোটিশ প্রদান করতে হবে।
- প্রিন্সিপালের সাসপেনশন পাঁচ দিনের বেশি হতে পারবে না, তবে সুপারিনটেন্ডেন্টের সাসপেনশন দীর্ঘ সময়ের জন্য হতে পারে।
- সাসপেনশনের বিরুদ্ধে যুক্তি উপস্থাপন করার অধিকার শিক্ষার্থীর রয়েছে এবং তারা একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেট নিয়ে আসতে পারে।
- সব নোটিশ, মিটিং ও শুনানির অনুবাদ ও দোভাষী সেবা পাওয়ার অধিকার পিতামাতা ও শিক্ষার্থীদের রয়েছে।
- সাসপেনশন চলাকালীন সময়ে শিক্ষার্থীদেরকে অ্যাকাডেমিকভাবে শাস্তি দেয়া যাবে না। মেক-আপ পরীক্ষার ব্যবস্থা নেই এমন সব সিটিওয়াইড বা স্টেট পরীক্ষায় তাদেরকে অবশ্যই অংশগ্রহণের সুযোগ দিতে হবে এবং তাদের গ্রেডের উপর প্রভাব ফেলতে পারে স্কুলের এমন পরীক্ষাগুলো মেক-আপ করার সুযোগ দিতে হবে।
- সাসপেনশন চলাকালীন শিক্ষার্থীদেরকে অবশ্যই বিকল্প শিক্ষানির্দেশনা দিতে হবে, এতে অন্যান্যগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ক্লাস ওয়ার্ক ও হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট।

সাসপেনশন প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-443 দেখুন, যা DOE-এর ওয়েবসাইট http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations-এ পাওয়া যাবে।

| শিক্ষার্থীর সাসপেনশন সম্পর্কে সাহায্যের জন্য অনুরোধ জানাতে, আপনি কল করতে পারেন: | |
|---|---|
| **অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন (Advocates for Children)** | (212) 947-9779 |
| **NY লিগ্যাল অ্যাসিস্ট্যান্স গ্রুপ (Legal Assistance Group)** | (212) 613-5000 |
| **লিগ্যাল সার্ভিসেস ফর নিউ ইয়র্ক সিটি (Legal Services for New York City)** | (212) 431-7200 |

# কলেজে লেখাপড়া করা (Attending College)

## যেকোনো ধরনের অভিবাসনগত স্ট্যাটাসধারী কোনো ব্যক্তি কি কলেজে পড়তে পারবে?

অভিবাসনগত অবস্থা নির্বিশেষে যেকোনো ব্যক্তি কলেজে ভর্তির আবেদন করতে পারে।

নিউ ইয়র্কের পাবলিক কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো সরকারের কাছে শিক্ষার্থীর অভিবাসনগত অবস্থা সম্পর্কে রিপোর্ট করার প্রয়োজন নেই, যদি না সে বিদেশী ভিসাধারী কোনো আন্তর্জাতিক শিক্ষার্থী হয়ে থাকে।

সেইসাথে, ফেডারেল শিক্ষা অধিকার ও গোপনীয়তা আইন (Federal Education Rights and Privacy Act, FERPA) অনুযায়ী সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) এবং স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY)-এ অভিবাসনগত অবস্থাসহ শিক্ষার্থীর ব্যক্তিগত সব তথ্য গোপনীয় হিসেবে সুরক্ষিত থাকে। এই ফেডারেল আইনটি "এই বিশেষ শিক্ষার্থীর রেকর্ডে শিক্ষা সম্পর্কিত যুক্তিসঙ্গত আগ্রহ থাকতে পারে" এমন কলেজ ফ্যাকাল্টি ব্যতীত অন্য কারো কাছে শিক্ষার্থীর তথ্য প্রকাশ করাকে নিষিদ্ধ করে। শিক্ষার্থীর অভিবাসনগত অবস্থার ক্ষেত্রে, কোষাধ্যক্ষ (আর্থিক প্রশাসক) হলো একমাত্র ফ্যাকাল্টি যার ঐ তথ্য পাওয়ার "যুক্তিসঙ্গত" অধিকার রয়েছে বলে বিবেচনা করা হয়। অন্য কেউ এই রেকর্ডসমূহে প্রবেশাধিকার পেতে হলে, শিক্ষার্থী অবশ্যই লিখিত অনুমতি দিতে হবে অথবা একজন সরকারি প্রতিনিধিকে অবশ্যই আদালতের ইস্যু করা সপিনা দেখাতে হবে যেখানে কোনো অপরাধের চলমান তদন্তের জন্য এই তথ্যের প্রয়োজনীয়তার বিষয়টি উল্লেখ থাকতে হবে।

## অভিবাসী শিক্ষার্থীরা কি ইন-স্টেট টিউশন পরিশোধ করতে পারে?

নিউ ইয়র্কে, প্রয়োজনীয় কাগজপত্র নেই এমন শিক্ষার্থীরা পাবলিক বিশ্ববিদ্যালয় ও কলেজে হ্রাসকৃত হারে ইন-স্টেট টিউশন প্রদানের জন্য যোগ্য হবে, যদি তারা:

- নিউ ইয়র্ক স্টেটের কোনো হাই স্কুলে কমপক্ষে 2 বছর লেখাপড়া করার পর গ্রাজুয়েশন সম্পন্ন করে এবং হাই স্কুল ডিপ্লোমা পাওয়ার পর পাঁচ বছরের মধ্যে SUNY বা CUNY-তে ভর্তির জন্য আবেদন করে,

**অথবা**

- নিউ ইয়র্ক স্টেট কর্তৃক অনুমোদিত টেস্ট অ্যাসেসিং সেকেন্ডারি কমপ্লিশন (Test Assessing Secondary Completion, TASC) প্রোগ্রামে অংশ নিয়ে থাকে অথবা জানুয়ারি 1, 2014 তারিখের আগে, কোনো জেনারেল ইকুইভ্যালেন্সি ডিপ্লোমায় (General Equivalency Diploma, GED) অংশগ্রহণ করে থাকে, নিউ ইয়র্ক স্টেটে ইস্যু করা একটি TASC/GED পেয়ে থাকে এবং ডিপ্লোমা অর্জন করার পাঁচ বছরের মধ্যে SUNY, CUNY, স্টেট পরিচালিত বা কমিউনিটি কলেজে ভর্তির আবেদন করে থাকে,

**এবং**

- CUNY বা SUNY-এর কাছে নোটারি করা একটি হলফনামা জমা দেয় যেখানে উল্লেখ থাকবে যে, তাদের অভিবাসনগত স্ট্যাটাস বৈধ করার জন্য তারা একটি আবেদন জমা দিয়েছে অথবা আবেদন জমা দেয়ার জন্য যখনই তারা যোগ্য হবে তখনই আবেদন করবে,

এবং

- এই স্টেটে বসবাসের প্রমাণ জমা দেয়। ইন-স্টেট টিউশন পেতে হলে শিক্ষার্থীদেরকে কিভাবে স্টেটে বসবাসের প্রমাণ দিতে হবে তা জানতে শিক্ষার্থীরা অবিলম্বে CUNY বা SUNY-এর যথাযথ অফিসের সাথে যোগাযোগ করা উচিত। শিক্ষার্থীদেরকে যাতে অধিকতর ব্যয়বহুল আউট-অব-স্টেট টিউশন না দিতে হয় সেই বিষয়টি নিশ্চিত করার জন্য তাদেরকে তাদের আবাসিকতার আবেদনটি দ্রুততার সাথে পর্যালোচনা করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

## অভিবাসী শিক্ষার্থীরা কি কলেজের জন্য স্কলারশিপ বা আর্থিক সহায়তা পেতে পারে?

অনেকগুলি ফেডারেল ও স্টেট প্রোগ্রাম শিক্ষার্থীদের কলেজে পড়াশোনা করতে সাহায্য করার জন্য ব্যক্তিবর্গ ও পরিবারদের আর্থিক সহায়তা প্রদান করে। ইউ.এস. শিক্ষা বিভাগের (U.S. Department of Education) মাধ্যমে যুক্তরাষ্ট্রীয় প্রশাসন আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট উভয় প্রোগ্রামগুলিতেই শিক্ষার্থী এবং শিক্ষার্থীদের মা-বাবার জন্য অনুদান ও ঋণের কর্মসূচি চালায়। আপনি বা আপনার শিশু এই কর্মসূচিগুলির জন্য যোগ্য হতে পারেন কিনা তা নির্ধারণ করতে আপনি শিক্ষা বিভাগের ওয়েবসাইট দেখতে পারেন:

https://studentloans.gov/myDirectLoan/index.action।

শিক্ষার্থীদের নিউ ইয়র্কে কলেজে পড়াশোনা করতে সাহায্য করার জন্যও নিউ ইয়র্ক স্টেট কিছু প্রোগ্রাম পরিচালনা করে। সুনির্দিষ্টভাবে, নিউ ইয়র্ক স্টেট শিক্ষণ সহায়তা প্রোগ্রাম (Tuition Assistance Program, TAP) যোগ্য ব্যক্তিদের অনুদান প্রদান করে, যাতে কলেজের খরচ বাবদ অর্থপ্রদান করতে সাহায্য হয়। কিছু শিক্ষার্থী TAP ছাড়াও সম্প্রতি চালু হওয়া এক্সেলসিয়র স্কলারশিপ প্রোগ্রামের জন্য যোগ্য হতে পারে, যা নিউ ইয়র্ক স্টেটের নির্দিষ্ট কিছু কলেজ ও বিশ্ববিদ্যালয়কে বিনামূল্য শিক্ষণের সম্ভাবনা প্রদান করে। এগুলির বিষয়ে এবং নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য শিক্ষামূলক কর্মসূচিগুলির বিষয়ে অতিরিক্ত তথ্য পাওয়া যায় https://www.hesc.ny.gov/ এ।

কাগজপত্রবিহীন শিক্ষার্থীরা প্রধান প্রধান স্টেট বা ফেডারেল আর্থিক সহায়তা প্রোগ্রামের জন্য যোগ্য নয়, তবে তারা বেসরকারি স্কলারশিপ ও ঋণের জন্য আবেদন করতে পারে। বিশেষ করে, কাগজপত্রবিহীন শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট টিউশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Tution Assistance Program, TAP), নিউ ইয়র্ক স্টেট এইড ফর পার্ট-টাইম স্টাডি (Aid for Part-Time Study, APTS), পেল গ্র্যান্টস (Pell Grants), ফেডারেল সাপ্লিমেন্টাল এডুকেশনাল অপর্চুনিটি গ্র্যান্টস (Federal Supplemental Educational Opportunity Grants, FSEOG), পার্কিন্স লোনস (Perkins Loans), স্ট্যাফোর্ড লোনস (Stafford Loans), প্যারেন্ট লোনস ফর আন্ডারগ্র্যাজুয়েট স্টুডেন্টস (Parent Loans for Undergraduate Students, PLUS) অথবা ফেডারেল ওয়ার্ক স্টাডি (Federal Work Study) এর জন্য যোগ্য নয়।

অভিবাসনগত অবস্থা নির্বিশেষে সব শিক্ষার্থীর জন্য CUNY ও SUNY-এর কিছু স্কলারশিপ আছে। এই স্কলারশিপ ও আর্থিক সহায়তার অপশনগুলোর মধ্যে রয়েছে:

- **এডুকেশনাল অপর্চুনিটি প্রোগ্রাম (Educational Opportunity Program, EOP)**: অর্থনৈতিক ও শিক্ষাগতভাবে অনগ্রসর শিক্ষার্থীদের জন্য SUNY-এর একটি অনুদান,
- **সার্চ ফর এডুকেশন, এলিভেশন, অ্যান্ড নলেজ (Search for Education, Elevation, and Knowledge, SEEK)**: এটিও EOP-র অনুরূপ, যা CUNY-তে চার-বছরের কলেজের জন্য দেয়া হয় এবং
- **কলেজ ডিস্কভারি (College Discovery, CD)**: এটিও EOP-র অনুরূপ, যা CUNY-তে দুই-বছরের কলেজের জন্য দেয়া হয়।

যেসব শিক্ষার্থীকে এই অনুদানগুলোর যেকোনো একটি প্রদান করা হয়, তারা সাধারণত ফি ও বইপত্রের জন্য অর্থ পেয়ে থাকে। এছাড়াও শিক্ষার্থীরা টিউটোরিং এবং পেশাগত ও ব্যক্তিগত বিষয়ে পরামর্শ সেবা পেয়ে থাকে।

এই প্রোগ্রামগুলোর জন্য আবেদন করতে, শিক্ষার্থীদেরকে অবশ্যই CUNY বা SUNY-তে ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্রে EOP, SEEK বা CD বক্সে টিকচিহ্ন দিতে হবে। এই অনুদানগুলোর জন্য আবেদন করতে শিক্ষার্থীদেরকে অবশ্যই তাদের অর্থনৈতিক উপযুক্ততার প্রমাণ দিতে হবে। তারা কলেজের আর্থিক সহায়তা উপদেষ্টাদের কাছ থেকে আবেদনের ব্যাপারে সহায়তা পেতে পারে।

### পিটার এফ. ভ্যালোন অ্যাকাডেমিক স্কলারশিপ প্রোগ্রাম (Peter F. Vallone Academic Scholarship Program)

এটি হলো NYC-এর একটি হাই স্কুল থেকে যোগ্যতা অর্জনকারী গ্রেড পয়েন্ট অ্যাভারেজ ও কোর্সের ব্যাকগ্রাউন্ডসহ গ্র্যাজুয়েশন সম্পন্ন করা পূর্ণকালীন শিক্ষার্থীদেরকে প্রদত্ত একটি CUNY স্কলারশিপ। CUNY-র সব আবেদনকারীকে এই স্কলারশিপের জন্য স্বয়ংক্রিয়ভাবে বিবেচনা করা হয়ে থাকে। শিক্ষার্থীদের কোনো আবেদনপত্র পূরণ করার প্রয়োজন নেই।

### অনার্স কলেজ (Honors College)

CUNY-র নিম্নলিখিত কলেজগুলোতে অনার্স কলেজ প্রোগ্রামগুলো পরিচালনা করা হয়ে থাকে: বারুচ কলেজ, ব্রুকলিন কলেজ, সিটি কলেজ, হান্টার কলেজ, জন লে কলেজ অফ ক্রিমিনাল জাস্টিস, লেহম্যান কলেজ, কুইন্স কলেজ এবং দ্য কলেজ অব স্ট্যাটেন আইল্যান্ড। 2007 সাল পর্যন্ত, অনার্স কলেজ প্রোগ্রাম নির্বাচিত আবেদনকারীদেরকে পূর্ণ টিউশন ও ফি, $7,500 ডলারের একটি খরচের অ্যাকাউন্ট ও অন্যান্য সহায়তা দিয়েছে।

শিক্ষার্থীরা তাদের হাই স্কুলের সিনিয়র বর্ষের সেপ্টেম্বর মাসে অনার্স কলেজগুলোতে আবেদন করতে পারে। অনার্স কলেজে কোনো আবেদন করলে তা CUNY-এর নিয়মিত প্রোগ্রামের জন্য আবেদন হিসেবেও কাজ করবে। অ্যাকাডেমিক অর্জন, একটি রচনা, সুপারিশমালা এবং কিছু কিছু ক্ষেত্রে একটি সাক্ষাৎকারের উপর ভিত্তি করে ভর্তি করা হয়ে থাকে।

### বেসরকারি আর্থিক সহায়তা সম্পর্কিত তথ্যসূত্র

| কাগজপত্রবিহীন শিক্ষার্থীদের জন্য কিছু বেসরকারি স্কলারশিপ সম্পর্কে নিম্নলিখিত ওয়েবসাইটগুলোতে তথ্য রয়েছে: | |
|---|---|
| **মেক্সিকান অ্যামেরিকান লিগ্যাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড (Mexican American Legal Defense and Education Fund)** | http://www.maldef.org/leadership/scholarships/index.html |
| **স্টুডেন্টস ওপেনিং ডোর্স ফর আদার্স (Students Opening Doors for Others)** | http://www.neighborhoodlink.com/Students_Opening_Doors_For_Others_SODO/pages/456022 |

### স্কুল-ভিত্তিক স্কলারশিপসমূহ

বেসরকারি বিশ্ববিদ্যালয় বা কলেজগুলোতে আবেদনকারী শিক্ষার্থীরা ঐ স্কুলগুলোতে কিছু বেসরকারি আর্থিক সহায়তা প্রোগ্রামের জন্য যোগ্য হতে পারে। এই ধরনের আর্থিক সহায়তার সুযোগগুলো সম্পর্কে আরো জানতে, শিক্ষার্থীরা তাদের কাঙ্খিত কলেজ বা বিশ্ববিদ্যালয়ের আর্থিক সহায়তা বিষয়ক অফিসগুলোতে যেতে পারে। স্কুলের পৃষ্ঠপোষকতায় পরিচালিত অনেক মেধা ভিত্তিক স্কলারশিপের জন্য শিক্ষার্থীর যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার প্রয়োজন নেই।

### ঋণ

অনেক স্কুল ফেডারেল ও স্টেট ঋণের বিকল্প হিসেবে বেসরকারি বিকল্প ব্যবস্থার সুযোগ দিয়ে থাকে। যদিও অধিকাংশ বেসরকারি ঋণ পাওয়ার জন্য যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব বা পার্মানেন্ট রেসিডেন্ট স্ট্যাটাস আবশ্যক, তবে ঋণের প্রকার এবং ঋণদানকারী প্রতিষ্ঠানের উপর ভিত্তি করে যোগ্যতা ভিন্ন ভিন্ন হতে পারে। যেসব শিক্ষার্থীর কোনো একটি বিশেষ ব্যাংকের সাথে লেনদেনের ইতিহাস রয়েছে, তারা ঐ প্রতিষ্ঠান থেকে বেসরকারি শিক্ষা ঋণ নেয়ার জন্য আবেদন করার বিষয়টি বিবেচনা করতে পারে।

অনেক বিশ্ববিদ্যালয় বা কলেজে, ডিন আলাদা আলাদাভাবে ঋণের অনুমোদন দিতে পারেন। প্রায়শই মঞ্জুরকৃত ঋণের পরিমাণ ও সুদের হার নির্ভর করে ডিনের বিবেচনা ও পৃথক পৃথক স্কুলের নীতিমালার উপর। এই ধরনের ঋণের সম্ভাব্যতার ব্যাপারে আলোচনা করার জন্য শিক্ষার্থী কলেজের ডিনের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নিতে পারে।

# পারিবারিক সহিংসতা, নির্যাতন ও পাচার

## পারিবারিক সহিংসতা কী?

পারিবারিক সহিংসতা সংঘটিত হয়ে থাকে প্রাপ্তবয়স্ক ঘনিষ্ঠ পার্টনারদের মধ্যে যেমন স্ত্রী ও স্বামীর মধ্যে, পরিবারের সদস্যদের মধ্যে অথবা ঘনিষ্ঠ অন্য কোনো সম্পর্কের মধ্যে। পারিবারিক সহিংসতা হলো এক ধরনের অপরাধ, এতে অন্তর্ভুক্ত থাকতে পারে শারীরিক নির্যাতন, আবেগগত নির্যাতন, অর্থনৈতিকভাবে নির্যাতন ও যৌন নিপীড়ন। অনেক মহিলাই তাদের স্বামী বা বয়ফ্রেন্ড দ্বারা নির্যাতিত হয়ে থাকেন। পারিবারিক সহিংসতা সমলিঙ্গের সম্পর্কে থাকা মানুষদেরও প্রভাবিত করতে পারে এবং পুরুষরাও এর শিকার হতে পারে।

## প্রবীণ নির্যাতন কী?

প্রবীণ নির্যাতন ঘটতে পারে যখন পরিবারের কোনো সদস্য বা পরিচর্যাকারী কোনো প্রবীণ বা প্রতিবন্ধী ব্যক্তির সাথে দুর্ব্যবহার করে। প্রবীণ নির্যাতনের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে শারীরিক, যৌন, মানসিক বা অর্থনৈতিক নিপীড়ন বা অবহেলা। এর মধ্যে আরো অন্তর্ভুক্ত থাকতে পারে প্রবীণ ব্যক্তিকে খাবার ও চিকিৎসা সেবা দিতে অস্বীকার করা।

## শিশু নির্যাতন কী?

যখন কোনো পিতামাতা, তত্ত্বাবধানকারী, সহোদর ভাইবোন, পরিবারের সদস্য বা অন্য কোনো ব্যক্তি শারীরিকভাবে বা আবেগগতভাবে কোনো শিশুর ক্ষতি করে তখন শিশু নির্যাতন ঘটতে পারে। শিশুদের এই ধরনের ক্ষতি করা বেআইনি হতে পারে এবং এর ফলে শিশুকে তার পিতামাতার কাছ থেকে নিয়ে যাওয়া হতে পারে।

## মানব পাচার কী?

পতিতাবৃত্তি, কৃষিকাজ, গৃহস্থালীর কাজ, নির্মাণ কাজ ও সোয়েটশপসহ (যেখানে নামমাত্র মজুরীর বিনিময়ে কর্মীদেরকে কঠোর পরিশ্রম করানো হয়) যৌন কাজ করার জন্য বা বাধ্যতামূলকভাবে শ্রম দেয়ার জন্য পাচারের উদ্দেশ্যে প্রতি বছর হাজার হাজার নারী, পুরুষ ও শিশুকে নিউ ইয়র্কে নিয়ে আসা হয় বা নিউ ইয়র্কের মধ্য দিয়ে নিয়ে যাওয়া হয়। নিউ ইয়র্কের কঠোর আইনকানুন রয়েছে যা পাচারের শিকার হওয়া ব্যক্তিদেরকে সুরক্ষা দেয় ও সাহায্য করে। পাচারের শিকার হওয়া ব্যক্তিদের জন্য সাহায্য পাওয়ার উপায় সম্পর্কে তথ্য পেতে এই পুস্তিকার শেষ পাতায় কর্মীদের অধিকারের অংশটি দেখুন।

| পারিবারিক সহিংসতা ও নির্যাতন সংক্রান্ত পরিষেবা | |
|---|---|
| **প্রবীণ নির্যাতনসহ সম্ভাব্য পারিবারিক সহিংসতা সম্পর্কে রিপোর্ট করতে সেফ হরাইজন ডোমেস্টিক ভায়োলেন্স হটলাইন (Safe Horizon Domestic Violence Hotline)-এ ফোন করুন** | (800) 621-HOPE (800-621-4673)<br>*দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন* |
| **নিউ ইয়র্কে সন্দেহজনক শিশু নির্যাতন সম্পর্কে রিপোর্ট করতে, নিউ ইয়র্ক স্টেট চাইল্ড অ্যাবিউজ হটলাইন (New York State Child Abuse Hotline)-এ ফোন করুন** | (800) 342-3720 |
| **পারিবারিক সহিংসতার বিষয় সহায়তা করতে পারে সিটি গভর্নমেন্টের এমন সেবাসমূহ সম্পর্কে তথ্যের জন্য** | 311 নম্বরে ফোন করুন অথবা<br>www.nyc.gov/domesticviolence<br>ওয়েবসাইট দেখুন |

# ঘৃণাজনিত অপরাধ

ঘৃণাজনিত অপরাধ হল একটি অপরাধ যা ভুক্তভোগীর জাতি, বর্ণ, জাতীয় উৎস, বংশপরিচয়, লিঙ্গ, ধর্ম, ধর্মীয় রীতি, বয়স, অক্ষমতা বা যৌন ঝোঁকের ভিত্তিতে ঘটে অথবা জাতি, বর্ণ, জাতীয় উৎস, বংশপরিচয়, লিঙ্গ, ধর্ম, ধর্মীয় রীতি, বয়স, অক্ষমতা বা যৌন ঝোঁক সম্বন্ধে একটি বিশ্বাস বা ধারণার ভিত্তিতে ঘটে। সাম্প্রতিক মাসগুলিতে, নিউ ইয়র্ক সিটিতে ঘৃণাজনিত অপরাধ বৃদ্ধি পেয়েছে, যার অন্তর্ভুক্ত হল অভিবাসীদের লক্ষ্য করে অপরাধের ঘটনা।

## একটি ঘৃণাজনিত অপরাধের বিষয়ে কিভাবে রিপোর্ট করতে হয়

আপনি যদি একটি ঘৃণাজনিত অপরাধের শিকার হন অথবা একটি ঘৃণাজনিত অপরাধ ঘটতে দেখেন, তাহলে আপনার অবিলম্বে তা রিপোর্ট করা উচিত। সব কল গোপন রাখা হয়।

জরুরি অবস্থায় আপনার 911 এ ফোন করা উচিত।

ঘৃণাজনিত অপরাধ এবং পক্ষপাতের সাথে সম্পর্কিত অপরাধগুলির বিষয়ে আপনার স্থানীয় পুলিশ থানায় রিপোর্ট করা উচিত। আপনি সরাসরি থানায় যোগাযোগ করতে পারেন অথবা 311 এ ফোন করতে পারেন। আপনি যদি 311 এ ফোন করে বলেন যে আপনি একটি ঘৃণাজনিত অপরাধের বিষয়ে রিপোর্ট করছেন, তাহলে তারা আপনাকে আপনার স্থানীয় পুলিশ থানার নম্বর দেবেন এবং আপনার ফোন কলটি অবিলম্বে সেই থানায় স্থানান্তরিত করবেন।

NYPD-এর একটি হেট ক্রাইমস টাস্ক ফোর্স আছে যা নিউ ইয়র্ক সিটিতে ঘৃণাজনিত অপরাধগুলির বলবৎকরণের তত্ত্বাবধানে সাহায্য করে। আপনি যদি একটি ঘৃণাজনিত অপরাধের বিষয়ে স্থানীয় পুলিশ থানায় ইতোমধ্যেই রিপোর্ট করে থাকেন এবং আপনার রিপোর্টটিকে কিভাবে সামলানো হচ্ছে সেই বিষয়ে আপনার প্রশ্ন থাকে, তাহলে আপনি সহায়তার জন্য NYPD হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে 646-610-5267 নম্বরে ফোন করতে পারেন।

এছাড়াও, ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসে একটি হেট ক্রাইম হটলাইন আছে, যে কেউ একটি ঘৃণাজনিত অপরাধের বিষয়ে রিপোর্ট করার জন্য এখানে ফোন করতে পারেন, এমন কি তারা যদি এখনও পুলিশের কাছে এটি রিপোর্ট না করে থাকেন তাহলেও। নম্বরটি হল (212) 335-3100। ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস ভুক্তভোগীদের কাউন্সেলিং ও সহায়তা কর্মসূচিগুলির কাছে বা পরিষেবা প্রদানকারীদের কাছে রেফার করতেও পারে।

## গুরুত্বপূর্ণ নম্বরগুলি

**NYPD হেট ক্রাইমস টাস্ক ফোর্স**

One Police Plaza
New York, NY 10038
646-610-5267

**নিউ ইয়র্ক সিটি হেট ক্রাইমস হটলাইন**

311

**নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস হেট ক্রাইমস হটলাইন**

সোমবার – শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টা (888) 392-3644

**নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নিস অফিস হেট ক্রাইমস ইউনিট**

One Hogan Place
New York, NY 10013
212-335-3100 (প্রধান নম্বর)
212-335-9500 (TTY)

# কর্মীদের অধিকার

## অভিবাসী কর্মীদের কী কী অধিকার রয়েছে?

### ন্যূনতম মজুরি

অভিবাসনগত অবস্থা নির্বিশেষে সব কর্মীরই প্রকৃতভাবে সম্পাদিত কাজের জন্য মজুরি পাওয়ার অধিকার রয়েছে এবং তাদেরকে অবশ্যই ন্যূনতম মজুরি দিতে হবে। নিউ ইয়র্ক স্টেটে জানুয়ারি 2017 সাল পর্যন্ত, ন্যূনতম মজুরি হলো ঘন্টায় কমপক্ষে $9.70 ডলার এবং নিউ ইয়র্ক সিটিতে আরো বেশি। তবে নিউ ইয়র্ক সিটিতে বড় কোম্পানির কর্মীদের ক্ষেত্রে 2018 সাল শেষ হওয়ার আগে এবং 10 জন বা তার কম সংখ্যক কর্মী আছে এমন কোম্পানির কর্মীদের ক্ষেত্রে 2019 সাল শেষ হওয়ার আগে ন্যূনতম মজুরি বাড়িয়ে প্রতি ঘন্টায় $15 করা হবে।

যেসব কর্মী বখশিশ পায়, তারা যে শিল্পে কাজ করে তার উপর ভিত্তি করে তাদেরকে আরো কম ন্যূনতম মজুরি দেয়া যেতে পারে। রেস্তোরাঁর ডেলিভারি কর্মী, রেস্তোরাঁয় খাবার পরিবেশনকারী ও লন্ড্রি ডেলিভারি কর্মীরা হলো বখশিশ পাওয়া কর্মীদের কিছু উদাহরণ, যাদেরকে আরো কম ন্যূনতম মজুরি দেয়া যেতে পারে। তবে, এই ধরনের কর্মীরা যে বখশিশ পায় তার জন্য কিছু বাড়তি নিয়মকানুন রয়েছে। কিভাবে বখশিশের ব্যাপারটি দেখাশোনা করা হয় তার উপর ভিত্তি করে বখশিশ পাওয়া কর্মীরা তাদের নিয়োগকারী কর্তৃক নির্যাতিত হওয়ার ঝুঁকিতে থাকেন। নিউ ইয়র্কের শ্রম বিভাগ (Department of Labor)-এ (888) 469-7365 নম্বরে ফোন করে কর্মীদের বখশিশ পাওয়ার অধিকার সম্পর্কে আর বিস্তারিত নির্দেশনা পাওয়া যেতে পারে।

### ওভারটাইমের জন্য পারিশ্রমিক

নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে, যখন কোনো কর্মী সপ্তাহে 40 ঘন্টার বেশি কাজ করেন, তখন তার নিয়োগকারী তাকে অবশ্যই প্রত্যেক অতিরিক্ত ঘন্টার জন্য তার ঘন্টাপ্রতি নিয়মিত মজুরি থেকে 1½ গুণ বেশি মজুরি দিতে হবে। (উদাহরণস্বরূপ, যদি কোনো কর্মী স্বাভাবিকভাবে প্রতি ঘন্টায় $8.00 আয় করেন, তাহলে তিনি প্রতি সপ্তাহে 40 ঘন্টার অতিরিক্ত প্রতি ঘন্টা কাজের জন্য $12.00 পাবেন।) নিয়োগকারীর বাড়িতে বসবাসরত গৃহকর্মীরা এক সপ্তাহে 44 ঘন্টার বেশি কাজ করার জন্য ওভারটাইম পাওয়ার অধিকারী।

- কোনো কর্মী কাজ ছেড়ে দিলে, তিনি তার কৃত কাজের সব ঘন্টার জন্য মজুরি পাওয়ার অধিকারী।
- কর্মীদের যথাসময়ে মজুরি বুঝে পাওয়ার অধিকার রয়েছে। সাধারণত, এর অর্থ হলো প্রতি সপ্তাহে বা প্রতি দুই সপ্তাহ পর পর মজুরি পাওয়া।

| আবশ্যক ন্যূনতম মজুরি ও ওভারটাইমের আইন সম্পর্কে আরো জানতে অথবা কোনো গ্রুপ বা প্রতিষ্ঠানের জন্য এই আইনানুগ অধিকারসমূহের জন্য প্রশিক্ষণের অনুরোধ জানাতে, আপনি ফোন করতে পারেন: | |
|---|---|
| **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department of Labor)** | (212) 775-3880 |
| **ব্যুরো অব ইমিগ্র্যান্ট ওয়ার্কার্স রাইটস (Bureau of Immigrant Workers' Rights)** | (212) 775-3665 |
| **নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল অফিসের শ্রম বিভাগ (New York State Attorney General's Office Labor Division)** | (212) 416-8700 |
| **লিগ্যাল এইড সোসাইটি এমপ্লয়মেন্ট ল প্রজেক্ট (Legal Aid Society Employment Law Project)** | (888) 218-6974 |
| **MFY লিগ্যাল সার্ভিসেস (MFY Legal Services)** | (212) 417-3838<br>*সোমবার ও মঙ্গলবার বিকেল 2 টা থেকে 5 টার মধ্যে* |

| অপরিশোধিত মজুরি দাবি করতে অথবা মজুরি সংক্রান্ত আইন-কানুন সম্পর্কে আরো জানতে, আপনি আরো যোগাযোগ করতে পারেন: | |
|---|---|
| **যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগ, মজুরি ও ঘন্টা ডিভিশন (U.S. Department of Labor, Wage & Hour Division)** | 26 Federal Plaza, Room 3700<br>New York, NY 10278<br>(212) 264-8185 অথবা (866) 487-9243 |
| **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার, শ্রম মান ডিভিশন (New York State Department of Labor, Division of Labor Standards)** | 75 Varick Street, 7th Fl., New York, NY 10013<br>(212) 775-3880 |

## বিদ্যমান মজুরি ও সুযোগ-সুবিধা

যেসব কন্ট্রাক্টর বা সাব-কন্ট্রাক্টররা সরকারি প্রকল্পে কাজ করেন অথবা যারা সরকারি সংস্থার (সিটি, স্টেট বা ফেডারেল) সাথে সেবার চুক্তিতে কাজ করেন, তাদের কর্মীরা আইন অনুযায়ী নির্ধারিত হারে মজুরি ও সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারী। সরকারি প্রকল্পগুলোর মধ্যে রয়েছে জনগণ ব্যবহার করে এমন স্থাপনা নির্মাণ, প্রতিস্থাপন, রক্ষণাবেক্ষণ ও মেরামতের কাজ, যেমন সরকারি স্কুল, রাস্তাঘাট ও পার্ক। সরকারি কাজের প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কিছু পেশাজীবীর উদাহরণ হলো বিদ্যুৎ-মিস্ত্রি (ইলেক্ট্রিশিয়ান), পানির মিস্ত্রি (প্লাম্বার) ও সাধারণ শ্রমিক। যেসব কন্ট্রাক্টর বা সাব-কন্ট্রাক্টররা নির্ধারিত হারের চেয়ে কম মজুরি ও সুযোগ-সুবিধা দিয়ে থাকে তারা আইন লঙ্ঘন করছে। প্রায় ক্ষেত্রেই নির্ধারিত মজুরি ন্যূনতম মজুরি থেকে বেশি হয়ে থাকে। সরকারি *পরিষেবার চুক্তিতে* কাজ করার জন্য যে পেশাগুলিকে নিয়োগ করা হয় তার কয়েকটি উদাহরণ হল বাড়ি সাফাইকারী, সুরক্ষা প্রহরী এবং বাড়িতে পরিচর্যার পরিচারক।

যদি কোনো কর্মী মনে করেন যে তাকে কম মজুরি দেয়া হচ্ছে, তাহলে তার উচিত হবে নিচে তালিকাভুক্ত সংশ্লিষ্ট সরকারি সংস্থায় লিখিতভাবে অভিযোগ দাখিল করা। যদি দেখা যায় যে কোনো কর্মীকে কম মজুরি দেয়া হচ্ছে, তাহলে নিয়োগকারীর কাছ থেকে তার বাকি পাওনা মজুরি বুঝে নেয়ার আইনসম্মত অধিকার তার রয়েছে।

সিটির সরকারি কাজের প্রকল্প বা পরিষেবা চুক্তিগুলিতে যে কর্মীদের কম মজুরি দেওয়া হয়েছিল তাদের পাওনা অর্থ উদ্ধার করার জন্য NYC কম্পট্রোলার-এর অফিস বিদ্যমান মজুরি ও কাজগুলিকে বলবৎ করে।

## দাবি করা হয়নি এমন বিদ্যমান মজুরির ঘোষণা

যে কর্মীরা এখনও তাদের জন্য ঘোষণা করা অর্থ দাবি করেননি, এমন শত শত কর্মীকে বিদ্যমান মজুরির কম অর্থ প্রদান বাবদ গত দশ বছর ধরে NYC কম্পট্রোলার-এর অফিস কয়েক মিলিয়ন ডলার অর্থ সংগ্রহ করেছে। এই ব্যক্তিরা হয়ত এই বিষয়ে অবগতও নন যে তারা এই ঘোষিত অর্থ পাওয়ার অধিকারী, তাদের অভিবাসনের অবস্থা যাই হোক না কেন।

যে কর্মীরা বিশ্বাস করেন যে তারা এই অর্থগুলি পাওয়ার অধিকারী হতে পারেন, তারা (212) 669-4443 এ ফোন করতে পারেন, laborlaw@comptroller.nyc.gov এ ইমেইল করতে পারেন বা http://comptroller.nyc.gov/prevailing-wage/unclaimed-prevailing-wage/ দেখতে পারেন।

| আরো তথ্যের জন্য বা বিদ্যমান মজুরিকাঠামো লঙ্ঘন সম্পর্কে অভিযোগ দাখিল করার জন্য, ফোন করুন: | |
|---|---|
| **নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার-এর অফিস**<br>**(Office of the New York City Comptroller)** | Office of the New York City Comptroller<br>Bureau of Labor Law<br>One Centre Street, Room 1122<br>New York, New York 10007<br>(212) 669-4443 |
| **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার ব্যুরো অব পাবলিক ওয়ার্কস**<br>**(New York State Department of Labor Bureau of Public Works)** | New York State Department of Labor<br>Bureau of Public Works<br>Adam Clayton Powell Jr. SOB<br>163 West 125th Street, Room 1307<br>New York, New York 10027<br>(212) 932-2419 |
| **যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগ,**<br>**মজুরি ও ঘন্টা ডিভিশন**<br>**(U.S. Department of Labor,**<br>**Wage and Hour Division)** | United States Department of Labor<br>Wage & Hour Division<br>26 Federal Plaza, Room 3700<br>New York, New York 10278<br>(212) 264-8185 |

## একজন নিয়োগকারীর বাধ্যবাধকতাসমূহ কী কী?

- কর্মীরা কত ঘন্টা কাজ করেছেন, কর্মীদেরকে তারা কত মজুরি দিয়েছেন এবং কর্মীদের পে-চেক থেকে কোনো কিছু কর্তন করা হয়ে থাকলে আইন অনুযায়ী নিয়োগকারীদেরকে তার রেকর্ড রাখতে হবে।
- ফেডারেল ও স্টেট ট্যাক্স, ইউনিয়নের পাওনা, স্বাস্থ্য ও পেনশন সুবিধা এবং শিশু সহায়তায় অর্থ পরিশোধের জন্য নিয়োগকারীরা কর্মীদের পে-চেক থেকে টাকা কেটে রাখতে পারেন।
- কর্মী কোনো কিছু ভেঙে ফেললে, খারাপ দক্ষতা দেখালে, দেরি করার জন্য শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে অথবা ইউনিফর্ম কেনা ও পরিষ্কার করার খরচ হিসেবে নিয়োগকারীরা কোনো অর্থ কেটে রাখতে পারবেন না।
- নিয়োগকারীর সুবিধার জন্য ভ্রমণ করার প্রয়োজন হলে নিয়োগকারীরা যাতায়াত ভাড়া কেটে নিতে পারবেন না।
- প্রতিবার অর্থ পরিশোধের সময় নিয়োগকারীরা অবশ্যই কর্মীদেরকে মজুরির একটি বিবরণী প্রদান করবেন।
- এই বিবরণীতে অবশ্যই যেকোনো কর্তন বা ভাতা, কর্মঘন্টা, মজুরি প্রদানের হার, মোট মজুরি (কর্তনের আগে) ও নেট মজুরি (কর্তনের পরে) অন্তর্ভুক্ত থাকতে হবে।
- নিয়োগকারীরা কর্মীদের বখশিশের কোনো অংশ চাইতে বা নিতে পারবেন না।

## একজন কর্মী কিভাবে তার নিয়োগকারীর বেআইনি অনুশীলন থেকে নিজেকে রক্ষা করতে পারেন?

কর্মীরা তাদের নিয়োগকারীর সাথে যোগাযোগের তথ্য, পে-স্টাব বা রশিদ, সম্পাদিত কাজের ঘন্টা এবং তাদেরকে কী পরিমাণ টাকা পরিশোধ করা হয়েছে সেই রেকর্ডগুলো ভালোভাবে সংরক্ষণ করা উচিত। এই রেকর্ডগুলো থাকলে ভবিষ্যতে কোনো তদন্তের প্রয়োজন হলে বা অভিযোগ দায়ের করা হলে এগুলো প্রমাণ হিসেবে সহায়তা করবে।

কর্মীরা তাদের সহকর্মীদের সাথে কথা বলা উচিত এবং রেকর্ড সংরক্ষণ ও তাদের অধিকার সুরক্ষার বিষয়ে তাদেরকে উৎসাহিত করা উচিত। যত বেশি কর্মী তাদের অধিকার সম্পর্কে জানবে, নিয়োগকারীদের আইন মেনে চলার সম্ভাবনা তত বেশি হবে।

## বৈষম্য থেকে একজন কর্মী কিভাবে সুরক্ষিত?

কাজ করার সময় বা কাজ খোঁজার সময় বৈষম্যের শিকার না হওয়ার অধিকার কর্মীদের রয়েছে। জাতি, বর্ণ, লিঙ্গ (গর্ভাবস্থাসহ), বয়স, প্রতিবন্ধীত্ব, জাতিগত উৎপত্তি (জন্মস্থান, বংশপরিচয়, সংস্কৃতি বা ভাষাসহ), নাগরিকত্বের অবস্থা, ধর্ম, যৌন আসক্তি এবং অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে নিয়োগকারীরা কর্মীদের সাথে বৈষম্য করা আইন অনুযায়ী নিষিদ্ধ। বৈষম্যের শিকার হওয়া কোনো কর্মীর নিয়োগকারীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করার অধিকার রয়েছে। অভিযোগ দায়ের করার ফলে নিয়োগকারী কর্মীর বিরুদ্ধে প্রতিশোধ বা নেতিবাচক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন না।

- কর্মী কাজ শুরু করার কয়েকদিনের মধ্যেই নিয়োগকারীকে নিশ্চিত করতে হবে যে কর্মীর কাছে কাজের জন্য যথাযথ কাগজপত্র রয়েছে এবং শুধুমাত্র অভিবাসনগত কিছু নির্দিষ্ট কাগজপত্র চাওয়ার জন্য অনুমতি রয়েছে। জাতিগত উৎপত্তি বা "বিদেশী" লোকের মত মনে হওয়ার কারণে নিয়োগকারীরা তাদের কর্মী বা আবেদনকারীর কাগজপত্র পরীক্ষা করতে পারবেন না।
- নিয়োগকারীর জন্য অসঙ্গত সমস্যার কারণ না হলে নিয়োগকারী কর্মীদের বা সম্ভাব্য কর্মীদের ধর্মীয় বিশ্বাসের সাথে অবশ্যই যুক্তিসঙ্গতভাবে সমঝোতা করবেন (উদাহরণস্বরূপ, তাদেরকে কোনো ধর্মীয় উৎসবের দিনে কাজ না করার সুযোগ দেয়া)।
- নিয়োগকারীরা কাজের জন্য আবেদনকারী কোনো ব্যক্তিকে তাদের কোনো প্রতিবন্ধীত্ব আছে কিনা সে সম্পর্কে জিজ্ঞেস করতে পারবেন না, তবে কর্মী চাকরির অপরিহার্য দায়িত্বগুলো পালন করতে পারবেন কি না সে বিষয়ে জিজ্ঞেস করতে পারবেন। ব্যবসা প্রতিষ্ঠানের জন্য অযৌক্তিক বোঝা না হলে নিয়োগকারীরা প্রতিবন্ধী কর্মীদের জন্য যুক্তিসঙ্গতভাবে থাকার ব্যবস্থাও করে দিতে হবে।

| কোনো কর্মী যদি মনে করেন যে কাজের ক্ষেত্রে বা কাজ খোঁজার সময় তার সাথে বৈষম্য করা হয়েছে, তাহলে তিনি নিম্নলিখিত অফিসগুলোর একটিতে অভিযোগ দায়ের করতে পারেন: | |
|---|---|
| **যুক্তরাষ্ট্রের ইকুয়াল এমপ্লয়মেন্ট অপর্চুনিটি কমিশন (Equal Employment Opportunity Commission, EEOC)** | 33 Whitehall Street<br>New York, NY 10004<br>(800) 669-4000 |
| **নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ – প্রধান কার্যালয় (New York State Division of Human Rights – Headquarters)** | One Fordham Plaza, 4th Floor<br>Bronx, NY 10458<br>(718) 741-8400 |
| **NYC মানবাধিকার কমিশন (NYC Commission on Human Rights)** | 100 Gold Street, Suite 4600<br>New York, NY 10038<br>(212) 306-7450 অথবা (212) 306-5070 |

**কর্মক্ষেত্রে অভিবাসীদের বিরুদ্ধে বৈষম্যের বিষয়গুলো মোকাবেলা করার উপায় সম্পর্কে আরো তথ্যের জন্য, আপনি (212) 627-2227 নম্বরে নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন (New York Immigration Coalition)-এর সাথেও যোগাযোগ করতে পারেন।**

## পেশাগত নিরাপত্তা

স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য বিপদমুক্ত কর্মক্ষেত্র পাওয়ার অধিকার কর্মীদের রয়েছে। কর্মক্ষেত্রে বিষাক্ত রাসায়নিক পদার্থ বা উচ্চ-শব্দের মতো সম্ভাব্য ঝুঁকির সম্মুখীন হওয়ার বিষয়ে নিয়োগকারীর কাছে থাকা যেকোনো তথ্য পাওয়ার অধিকার তাদের রয়েছে। কর্মীদের সম্পর্কে নিয়োগকারীর কাছে থাকা যেকোনো ধরনের মেডিকেল রেকর্ড পাওয়ার অধিকারও তাদের রয়েছে। বিপজ্জনক কর্মপরিবেশ সম্পর্কে কর্মীরা নিয়োগকারীর কাছে অভিযোগ করতে পারবেন।

যুক্তরাষ্ট্রের পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA)-এর কাছে অভিযোগ দায়ের করার এবং কর্মক্ষেত্র পরিদর্শন করার জন্য অনুরোধ জানানোর অধিকার কর্মীদের রয়েছে। OSHA পরিদর্শকের প্রশ্নের উত্তর দেয়ার এবং দুর্ঘটনা বা অসুস্থতার বর্ণনা দেয়াসহ ঝুঁকিগুলো দেখিয়ে দেওয়ার এবং নিয়োগকারী যদি পরিদর্শন উপলক্ষ্যে সাময়িকভাবে কোনো বিপজ্জনক বস্তু সরিয়ে রাখেন সে

বিষয়টি ব্যাখ্যা করার অধিকার তাদের রয়েছে। কোনো কর্মী চাইলে বেনামে OSHA-এর কাছে অভিযোগ দায়ের করতে পারেন এবং তাদের নিয়োগকারীর কাছে তাদের নাম দেয়া হবে না।

পরিদর্শনের পর, ফলাফল পাওয়ার এবং পরিদর্শকের সাথে ব্যক্তিগতভাবে দেখা করার ও আলোচনা করার অধিকার কর্মীদের রয়েছে।

| যে সব কর্মী মনে করেন যে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কে অভিযোগ করার কারণে তাদের সাথে বৈষম্য করা হয়েছে, তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার 30 দিনের মধ্যে নিম্নলিখিত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তারা অভিযোগ দায়ের করতে পারেন: | |
|---|---|
| **যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগ (Department of Labor) OSHA আঞ্চলিক অফিস (Regional Office)** | 201 Varick Street, Room 670<br>New York, NY 10014<br>(212) 337-2378 অথবা (800) 321-6742 (জরুরি হটলাইন) |
| **OSHA নিউ ইয়র্ক সিটি অফিস (OSHA New York City Office)** | 201 Varick Street, Room 908<br>New York, NY 10014<br>(212) 620-3200 |
| **NYC মানবাধিকার কমিশন (Commission on Human Rights)** | 100 Gold Street, Suite 4600<br>New York, NY 10038<br>(212) 306-7450 অথবা (212) 306-5070 |
| **পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যের জন্য নিউ ইয়র্ক কমিটি (New York Committee for Occupational Safety and Health, NYCOSH)** | (212) 227-6440<br>www.nycosh.org |

নিউ ইয়র্ক কমিটি ফর অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ (New York Committee for Occupational Safety and Health, NYCOSH) (212) 227-6440 এই নম্বরে ফোন করে এবং www.nycosh.org ওয়েবসাইটে গিয়ে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে।

## কর্মীদের ক্ষতিপূরণ

কর্মক্ষেত্রে কাজের কারণে কোনো কর্মী অসুস্থ হয়ে পড়লে বা আঘাত পেলে তাদের ক্ষতিপূরণ পাওয়ার অধিকার রয়েছে। নিউ ইয়র্কে প্রয়োজনীয় কাগজপত্র থাকা ও না থাকা অভিবাসী কর্মীরা যোগ্য হতে পারেন। অধিকাংশ পূর্ণকালীন ও খণ্ডকালীন কর্মী যোগ্য, এমনকি তাদের মজুরি নগদে পরিশোধ করা হলে, "কাগজে-কলমে কোনো প্রমাণ ছাড়া" মজুরি পরিশোধ করা হলে অথবা তাদেরকে স্বতন্ত্র কন্ট্রাক্টর হিসেবে বিবেচনা করা হলেও।

কর্মীদের ক্ষতিপূরণের সুবিধার মধ্যে রয়েছে: (1) কাজ-সম্পর্কিত আঘাত ও অসুস্থতার ক্ষেত্রে চিকিৎসা ও পরিচর্যার জন্য ক্ষতিপূরণ; (2) আঘাত বা অসুস্থতার কারণে কোনো কর্মী কাজ করতে না পারলে নগদ আর্থিক সুবিধা; এবং (3) কর্মক্ষেত্রে কোনো কর্মী মারা গেলে তার জীবিত স্বামী/স্ত্রী বা নির্ভরশীল শিশুদের জন্য মৃত্যুজনিত সুযোগ-সুবিধা (ডেথ বেনিফিট)।

কর্মীদের কাজ সম্পর্কিত আঘাতের বিষয়টি অবিলম্বে সশরীরে বা লিখিতভাবে নিয়োগকারীকে জানানো উচিত। কর্মীদের ক্ষতিপূরণ দাবি করা সম্পর্কিত গুরুত্বপূর্ণ ফরমগুলো হলো C-3 ও C-4। C-3 হলো একটি আবেদনপত্র যা কর্মীকে পূরণ করতে হবে। C-4 ফরমটি অবশ্যই কর্মীর ডাক্তারকে পূরণ করতে হবে।

এই ফরমগুলো নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের ক্ষতিপূরণ বোর্ড (Workers' Compensation Board, WCB) থেকে সংগ্রহ করা যায় এবং বোর্ডের http://www.wcb.ny.gov/content/main/Forms.jsp ওয়েবসাইটেও ফরমগুলো পাওয়া যায়।

| কর্মীর ক্ষতিপূরণের দাবি সম্পর্কিত C-3 ও C-4 ফরম নিম্নলিখিত ঠিকানায় কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডে (Workers' Compensation Board) জমা দেয়া যায়: | |
|---|---|
| **ব্রুকলিন** | 111 Livingston Street, 22nd Floor, Brooklyn, NY 11201 |
| **ব্রংক্স/ম্যানহাটন** | 215 W. 125th Street, New York, NY 10027 |

| | |
|---|---|
| **কুইন্স** | 168-46 91st Avenue, 3rd Floor, Jamaica, NY 11432 |
| **স্ট্যাটেন আইল্যান্ড** | 60 Bay Street, Staten Island, NY 10301 |

**কর্মীদের ক্ষতিপূরণ সম্পর্কে আরো তথ্যের জন্য (877) 632-4996 নম্বরে কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডের (Workers' Compensation Board) সাথে যোগাযোগ করুন।**

## পারিবারিক ও চিকিৎসা ছুটি আইন (FAMILY AND MEDICAL LEAVE ACT, FMLA)

যেসব নিয়োগকারীর 75 মাইলের মধ্যে কমপক্ষে 50 জন কর্মী আছে তাদের ক্ষেত্রে FMLA প্রযোজ্য। কোনো কর্মী এই ধরনের নিয়োগকারীর জন্য যদি কমপক্ষে এক বছর কাজ করে থাকেন এবং ঐ সময়ের মধ্যে একই নিয়োগকারীর জন্য যদি কমপক্ষে 1,250 ঘন্টা কাজ করে থাকেন, তাহলে সন্তান জন্মগ্রহণের জন্য, বাচ্চা দত্তক নেয়ার জন্য, গুরুতর অসুস্থ সন্তান বা পরিবারের সদস্যের সেবাযত্ন করার জন্য অথবা তার নিজের গুরুতর অসুস্থতার চিকিৎসার জন্য তিনি প্রতি বছর 12 সপ্তাহের বেতনবিহীন (আনপেইড) ছুটি পাওয়ার জন্য যোগ্য হবেন (ছুটি আলাদাভাবে কিছু দিন পর পর নেয়া যেতে পারে)। গুরুতর অসুস্থতা হতে পারে এমন কোনো অসুস্থতা, আঘাত, বিকলতা বা শারীরিক বা মানসিক অসুস্থতা যার জন্য কোনো ব্যক্তিকে হাসপাতালে ভর্তি হওয়ার অথবা স্বাস্থ্য সেবা প্রদানকারীর কাছ থেকে নিয়মিত চিকিৎসা নেয়ার প্রয়োজন হয়।

নিয়োগকারী অনুরোধ করলে কর্মীরা 30 দিনের অগ্রিম নোটিশ দেয়া উচিত এবং অবশ্যই একটি মেডিকেল সার্টিফিকেট দিতে হবে।

ছুটি নেওয়ার জন্য বা ছুটির আবেদন করার জন্য কোনো কর্মীর বিরুদ্ধে নিয়োগকারীর নেতিবাচক ব্যবস্থা নেয়া অথবা FMLA-এর অধীনে কর্মীর অধিকারে কোনরূপ হস্তক্ষেপ করা বেআইনি।

*FMLA লঙ্ঘন সম্পর্কে কোনো অভিযোগ দায়ের করতে, নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন: U.S. Department of Labor, Wage & Hour Division, 26 Federal Plaza, Room 3700, New York, NY 10278, (212) 264-8185 অথবা (866) 487-9243।*

## বেকারত্ব বিমা (UNEMPLOYMENT INSURANCE)

বেকারত্ব বিমা হলো যোগ্যতাসম্পন্ন কর্মীদের জন্য অস্থায়ী আয়, যারা নিজেদের কোনো দোষ ছাড়াই চাকরি হারিয়েছেন এবং যারা কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক ও সক্ষম।

বেকার হওয়ার পর সুযোগ-সুবিধা হারানো এড়ানোর জন্য একজন ব্যক্তিকে যত শীঘ্র সম্ভব বেকার বিমা করা উচিত। যেসব ব্যক্তিরা বেকার বিমা করবেন তাদের কাছে আবেদন করার জন্য প্রয়োজনীয় সব কাগজপত্র থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে যেন আবেদন প্রক্রিয়ায় দেরি না হয়। আপনার নিম্নলিখিত তথ্যগুলোর প্রয়োজন হবে:

- আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর,
- আপনার কাছে চিঠি পাঠানোর ঠিকানা ও জিপ কোড,
- অফিস চলাকালীন আপনার সাথে যোগাযোগ করা যাবে এমন একটি ফোন নম্বর,
- গত 18 মাসে আপনি যত নিয়োগকারীর সাথে কাজ করেছেন তাদের সবার পূর্ণ নাম, ঠিকানা, জিপ কোড ও ফোন নম্বর,
- গত 18 মাসে সব নিয়োগকারীর কাছ থেকে আপনার মোট গ্রস আয় (পে-স্টাব, W-2, ইত্যাদি),
- আপনার এলিয়েন রেজিস্ট্রেশন কার্ড (যদি আপনার থাকে),
- সামরিক সার্ভিসের সাম্প্রতিক সদস্যদের জন্য, আপনার সর্বসাম্প্রতিক সেপারেশন ফরম (separation form) DD214-এর একটি কপি,
- আপনি যদি ফেডারেল গভর্নমেন্টের সাথে কাজ করে থাকেন, তাহলে SF8 ও SF50 ফরমের কপি এবং
- আপনার নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স লাইসেন্স বা মোটর গাড়ির আইডি কার্ড নম্বর (যদি আপনার থাকে)।

*বেকারত্ব বিমার জন্য কোনো দাবি জানাতে, (888) 209-8124 নম্বরে যোগাযোগ করুন। এই ফোন নম্বরে বিভিন্ন ভাষায় সহায়তা পাওয়ার সুযোগ রয়েছে। আপনি অনলাইনে [http://www.labor.ny.gov/unemploymentassistance.shtm](http://www.labor.ny.gov/unemploymentassistance.shtm) ওয়েবসাইটে গিয়েও আবেদন করতে পারেন।*

## চাকরি খুঁজে পেতে বা চাকরির প্রশিক্ষণ নিতে সাহায্য পাওয়ার জন্য কর্মীরা কোথায় যেতে পারেন?

NYC ওয়ার্কফোর্স1 ক্যারিয়ার সেন্টার (Workforce1 Career Centers) লোকজনকে কাজ খুঁজে পেতে ও কাজের জন্য প্রস্তুত হতে সাহায্য করে। এই কেন্দ্রগুলো নতুন কাজের তথ্য দেয় এবং লোকজনকে শিক্ষা ও পেশাগত দক্ষতার প্রশিক্ষণের ক্লাসে রেফার করে।

এই কেন্দ্রগুলো পরিচালনা করে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব স্মল বিজনেস সার্ভিসেস (New York City Department of Small Business Services), নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department) এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York)। আপনি 311 নম্বরে ফোন করে বা নিচের যেকোনো একটি জায়গায় গিয়ে কেন্দ্রগুলোর সাথে যোগাযোগ করতে পারেন:

| NYC ওয়ার্কফোর্স1 ক্যারিয়ার সেন্টারস (Workforce1 Career Centers) | |
|---|---|
| **ব্রংক্স** | 400 E. Fordham Rd., Bronx, NY 10458 |
| **ব্রুকলিন** | 9 Bond Street, 5th Floor, Brooklyn, NY 11201 |
| **আপার ম্যানহাটন** | 215 W. 125th Street, 6th Floor, New York, NY 10027 |
| **কুইন্স** | 168-25 Jamaica Ave., 2nd Floor, Jamaica, NY 11432 |
| **স্ট্যাটেন আইল্যান্ড** | 120 Stuyvesant Pl., 3rd Floor, Staten Island, NY 10301 |

## দিনমজুরদের জন্য ‘ওয়ার্কার সেন্টার’ (DAY LABOR WORKER CENTER) বলতে কী বোঝায়?

দিনমজুরদের জন্য ‘ওয়ার্কার সেন্টার’ হলো এমন কিছু জায়গা যেগুলো তৈরি করা হয়েছে দিনমজুরদের সহায়তা ও সুরক্ষা দেয়ার জন্য, যারা অন্যথায় রাস্তায় দাঁড়িয়ে থেকে কাজ খোঁজে।

কোনো পার্কিং লটে কাজের জন্য অপেক্ষা করার পরিবর্তে, একজন দিনমজুর একটি ‘ওয়ার্কার সেন্টার’-এ যেতে পারে, যেখানে আরো বেশি সংগঠিতভাবে কাজ সম্পর্কে জানানো হয় এবং নিয়োগকারীদেরকে এমন কিছু নিয়মকানুন মেনে চলতে হয় যেগুলো তাদেরকে কর্মীদের কাছ থেকে অন্যায় সুবিধা নেয়া থেকে বিরত রাখে। এটি শ্রম ও নাগরিক অধিকার লঙ্ঘন করা থেকে বিরত রাখতে এবং কর্মপরিবেশ উন্নত করতে ও মজুরি পরিশোধ না করা প্রতিরোধ করতে সহায়তা করে। এই কেন্দ্রগুলো সাধারণত ন্যূনতম মজুরি, ওভারটাইম, স্বাস্থ্য ও নিরাপত্তা এবং চাকরির অন্যান্য আইন-কানুনগুলো পর্যবেক্ষণ ও কার্যকর করে। কিছু কিছু কেন্দ্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (English as a Second Language, ESL) ক্লাস ও চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করে।

নিম্নলিখিত ‘দিনমজুরদের জন্য ওয়ার্কার সেন্টারগুলি’ নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত:

এল সেন্ট্রো ডেল ইনমিগ্র্যান্টে (El Centro Del Inmigrante), 350 Port Richmond Ave ও 1546 Castleton Avenue, Staten Island.
ফোন: (347) 825-2086। ইমেইল: [info@elcentronyc.org](mailto:info@elcentronyc.org)।

বে পার্কওয়ে কমিউনিটি জব সেন্টার (Bay Parkway Community Job Center), 8973 Bay Parkway, Brooklyn.
ফোন: (718) 600-0425। ইমেইল: [info@workersjustice.org](mailto:info@workersjustice.org)।

নিউ ইমিগ্র্যান্ট কমিউনিটি এম্পাওয়ারমেন্ট (New Immigrant Community Empowerment, NICE), 71-21 Roosevelt Avenue, Jackson Heights.
ফোন: 718-205-8796। ইমেইল: info@nynice.org।

## মানব পাচার কী?

পতিতাবৃত্তি, কৃষিকাজ, গৃহস্থালীর কাজ, নির্মাণ কাজ ও সোয়েটশপসহ (যেখানে নামমাত্র মজুরীর বিনিময়ে কর্মীদেরকে কঠোর পরিশ্রম করানো হয়) বাধ্যতামূলকভাবে শ্রম দেয়ার জন্য পাচারের উদ্দেশ্যে প্রতি বছর হাজার হাজার নারী, পুরুষ ও শিশুকে নিউ ইয়র্কে নিয়ে আসা হয় বা নিউ ইয়র্কের মধ্য দিয়ে নিয়ে যাওয়া হয়। নিউ ইয়র্কের কঠোর আইনকানুন রয়েছে যা পাচারের শিকার হওয়া ব্যক্তিদেরকে সুরক্ষা দেয় ও সাহায্য করে।

| নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলোতে ফোন করে মানব পাচারের অপরাধ সম্পর্কে রিপোর্ট করুন বা সহায়তা নিন: | |
|---|---|
| **ট্রাফিকিং পার্সন অ্যান্ড ওয়ার্কার এক্সপ্লয়টেশন টাস্ক ফোর্স কমপ্লায়েন্ট লাইন**<br>**(Trafficking Person and Worker Exploitation Task Force Complaint Line)** | (888) 428-7581<br>*সোম-শুক্র: সকাল 9 টা – বিকেল 5 টা* |
| **গার্লস এডুকেশনাল অ্যান্ড মেন্টরিং সার্ভিসেস**<br>**(Girls Educational and Mentoring Services, GEMS)** | (212) 926-8089 |
| **নিউ ইয়র্ক কাউন্টি (ম্যানহাটন) ডিস্ট্রিক্ট অ্যাটর্নিস অফিস, সেক্স ক্রাইমস ইউনিট**<br>**(New York County (Manhattan) District Attorney's Office, Sex Crimes Unit)** | (212) 335-9373 |
| **কিংস কাউন্টি (ব্রুকলিন) ডিস্ট্রিক্ট অ্যাটর্নিস অফিস, সেক্স ট্রাফিকিং ইউনিট**<br>**(Kings County (Brooklyn) District Attorney’s Office, Sex Trafficking Unit)** | (718) 250-2770 |
| **ব্রংক্স কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি’স অফিস, চাইল্ড অ্যাবিউজ/সেক্স ক্রাইমস ব্যুরো**<br>**(Bronx County District Attorney’s Office, Child Abuse/Sex Crimes Bureau)** | (718) 590-2195 |
| **কুইন্স কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি’স অফিস, স্পেশাল ভিক্টিমস ব্যুরো**<br>**(Queens County District Attorney’s Office, Special Victims Bureau)** | (718) 286-6505 |
| **রিচমন্ড কাউন্টি (স্ট্যাটেন আইল্যান্ড) ডিস্ট্রিক্ট অ্যাটর্নিস অফিস, স্পেশাল ভিক্টিমস ব্যুরো**<br>**(Richmond County (Staten Island) District Attorney’s Office, Special Victims Bureau)** | (718) 876-6300 |

# ট্যাক্স রিটার্ন

## একজন ব্যক্তির কেন ট্যাক্স রিটার্ন দাখিল করা উচিত?

- যুক্তরাষ্ট্রে বসবাসরত অধিকাংশ ব্যক্তিকে ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিল করতে হয়, যা প্রতি বছর 15 এপ্রিলের আগে দিতে হয়।
- অভিবাসনগত অনেক সুযোগ-সুবিধার জন্য যোগ্যতা দেখাতে ট্যাক্স ফাইল করা গুরুত্বপূর্ণ।
- নিম্ন- ও মধ্য-আয়ের যেসব পরিবার ট্যাক্স রিটার্ন দাখিল করে, তারা ট্যাক্স ক্রেডিট বা ট্যাক্স ফেরত পেতে পারে।

## কাদের ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিল করা আবশ্যক?

প্রায় সব কর্মীদেরই ট্যাক্স রিটার্ন দাখিল করা আবশ্যক। একটি নির্দিষ্ট মাত্রার চেয়ে কম আয় করেন এমন ব্যক্তিদের ট্যাক্স রিটার্ন দাখিল করার প্রয়োজন নেই। তবে, কারো যদি ট্যাক্স রিটার্ন দাখিল করা আবশ্যক নাও হয়, তারপরেও তিনি রিটার্ন দাখিল করতে পারেন। আবশ্যক না হলেও আপনি চাইলে নিম্নলিখিত কারণে রিটার্ন দাখিল করতে পারেন 1) অভিবাসনগত বা অন্যান্য সুযোগ-সুবিধা পেতে রিটার্ন দাখিলের ইতিহাস তৈরি করতে এবং 2) ভবিষ্যতে সম্ভাব্য ট্যাক্স ক্রেডিট বা সুযোগ-সুবিধা পাওয়ার জন্য।

## ব্যক্তির করদাতা শনাক্তকারী নম্বর (INDIVIDUAL TAXPAYER IDENTIFICATION NUMBER, ITIN) কী?

ITIN হলো ট্যাক্স রিটার্ন দাখিল করতে ও ট্যাক্স পরিশোধ করতে একজন ব্যক্তিকে সহায়তা করার জন্য অভ্যন্তরীণ রাজস্ব সেবা (Internal Revenue Service, IRS) কর্তৃক ইস্যুকৃত একটি নম্বর। সোশ্যাল সিকিউরিটি নম্বর (Social Security Number, SSN) পাওয়ার যোগ্যতা নেই এমন ব্যক্তিরা এটি ব্যবহার করতে পারেন। যেহেতু আইনসম্মত অভিবাসনগত অবস্থা রয়েছে এমন লোকজনসহ সোশ্যাল সিকিউরিটি নম্বর নেই এমন নানা ধরনের লোকজন ITIN পেতে পারেন, তাই এর মাধ্যমে কোনো ব্যক্তির অভিবাসনগত অবস্থা প্রকাশ পায় না।

ITIN কাজ করার অনুমতি, সামাজিক নিরাপত্তার সুযোগ-সুবিধা পাওয়ার যোগ্যতা অথবা আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্যতা প্রদান করে না। এছাড়াও এটি কখনোই কর্মসংস্থানের জন্য ব্যবহার করা উচিত নয়।

| **ITIN-এর জন্য আবেদন করতে:** | |
|---|---|
| **একটি আবেদনপত্র ডাউনলোড করুন** | www.irs.gov/pub/irs-pdf/fw7.pdf (ইংরেজি)<br>www.irs.gov/pub/irs-pdf/fw7sp.pdf (স্প্যানিশ) |
| **ফোন করুন** | (800) TAX FORM (829-3676) |

**একজন ব্যক্তি আবেদনপত্রটি ডাকযোগে নিচের ঠিকানায় পাঠাতে পারেন:**

Internal Revenue Service Austin Service Center
ITIN Operation
P.O. Box 149342
Austin, TX 78714-9342

**অথবা কোনো 'গ্রহণকারী এজেন্ট' (Acceptance Agent)-এর মাধ্যমে বা ট্যাক্সপেয়ার অ্যাসিস্ট্যান্স সেন্টারে (Taxpayer Assistance Center) সশরীরে আবেদন করতে পারেন।**

## আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (EARNED INCOME TAX CREDIT, EITC) বলতে কী বোঝায়?

একটি নির্দিষ্ট মাত্রার চেয়ে কম পরিমাণ আয় করে এমন কর্মজীবী পরিবারগুলো আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (EITC) পেতে পারে, যা হলো পরিবারটিকে অর্থ প্রদান করা। মৌলিক খরচ মেটাতে সহায়তা করার জন্য যোগ্য পরিবার ও ব্যক্তিদেরকে EITC ফেডারেল, স্টেট ও সিটি ট্যাক্স ডলার ফেরত দিয়ে থাকে। 2017 সালে যেসব কর্মজীবী পরিবার প্রতি বছর $48,340 ডলারের কম (যদি বিবাহিত হয় এবং একসাথে ট্যাক্স ফাইল করে তাহলে $53,930 ডলার) আয় করে তাহলে তারা সর্বোচ্চ $6,318 ডলার পেতে পারে।

পরিবারের আয় এবং ব্যক্তির বৈবাহিক ও পিতামাতার অবস্থার উপর ফেরত প্রদানের পরিমাণ নির্ভর করে।

EITC দাবি করার জন্য, যোগ্য ট্যাক্স প্রদানকারীদের অবশ্যই অর্জিত আয় থাকতে হবে এবং অবশ্যই ট্যাক্স রিটার্ন দাখিল করতে হবে।

*EITC সম্পর্কে এবং কিভাবে আপনি তা দাবি করতে পারেন সে সম্পর্কে আরো জানতে, 311 নম্বরে ফোন করুন অথবা www.nyc.gov/eitc ওয়েবসাইট দেখুন।*

# আবাসন

## আমার অ্যাপার্টমেন্টের অবস্থা নিয়ে যদি আমি কোনো সমস্যায় পড়ি তাহলে আমি কী করতে পারি?

আপনার বাড়িওয়ালা যাতে আপনার অ্যাপার্টমেন্টের কিছু মেরামত কাজ করে দেয় এবং তাপ ও গরম পানির ব্যবস্থা নিশ্চিত করে সেই দাবি জানানোর অধিকার আপনার রয়েছে৷ আইন অনুযায়ী আপনার বাড়িওয়ালাকে অ্যাপার্টমেন্টটি নিরাপদ ও বাসযোগ্য অবস্থায় রাখতে হবে এবং তাপ ও গরম পানি সরবরাহের ব্যবস্থা রাখতে হবে৷

তাপ অথবা গরম পানি সরবরাহ ব্যবস্থার অপর্যাপ্ততার বিষয়ে অথবা আপনার অ্যাপার্টমেন্টে কোনো মেরামত করা না হয়ে থাকলে সে সম্পর্কে কোনো অভিযোগ দায়ের করার জন্য 311 নম্বরে ফোন করে NYC ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (Department of Housing Preservation and Development)-এর সাথে যোগাযোগ করুন৷

## আমার বাড়িওয়ালা যদি আমার অভিবাসনগত অবস্থা সম্পর্কে রিপোর্ট করবে বলে আমাকে হুমকি দেয়, তাহলে কী হবে?

ভাড়াটিয়াকে হয়রানি করা এবং অভিবাসনগত অবস্থার কারণে কারো সাথে ভিন্নভাবে আচরণ করা বাড়িওয়ালার জন্য বেআইনি৷

আপনি যদি ভাড়া নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টে বসবাস করেন, তাহলে বাড়িওয়ালার হয়রানি সম্পর্কে অভিযোগ জানাতে, (718) 739-6400 নম্বরে নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হাউজিং অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Division of Housing and Community Renewal)-এর সাথে যোগাযোগ করুন৷

আপনি যদি ভাড়া-নিয়ন্ত্রিত-নয় এমন অ্যাপার্টমেন্টে বসবাস করেন, তাহলে (718) 722-3131 নম্বরে নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশন (New York City Human Rights Commission)-এর সাথে যোগাযোগ করুন৷

## আমি গৃহহীন হয়ে পড়লে কাকে ফোন করতে পারি?

অভিবাসনগত অবস্থায় নির্বিশেষে যেকোনো ব্যক্তি জরুরি আশ্রয় পাওয়ার যোগ্য৷

আপনি গৃহহীন হয়ে পড়লে সহায়তা পেতে (800) 994-6494 নম্বরে NYC ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services)-এর সাথে যোগাযোগ করুন৷

আবাসন সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে সরকারি সুযোগ-সুবিধা (Public Benefits) অংশটি দেখুন (পৃষ্ঠা 14)৷

# নাগরিকত্ব

## কারা যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের জন্য আবেদন করার যোগ্য?

একজন ব্যক্তি যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের জন্য আবেদন করার যোগ্য হবেন যদি তিনি:

- বৈধ পার্মানেন্ট রেসিডেন্ট হন এবং কমপক্ষে 18 বছর বয়সী হন।
- কমপক্ষে 5 বছর ধরে যুক্তরাষ্ট্রে বৈধ পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে বসবাস করেন অথবা যুক্তরাষ্ট্রের কোনো নাগরিককে বিয়ে করে 3 বছর ধরে একত্রে বসবাস করেন।
- "ভালো নৈতিক চরিত্র" দেখাতে পারেন।
- ইংরেজি পড়তে, বলতে ও লিখতে পারেন এবং যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার সম্পর্কে জানেন।

কিছু কিছু প্রবীণ বা প্রতিবন্ধী ব্যক্তিকে ইংরেজি জানার শর্ত থেকে ছাড় দেয়া হতে পারে। কোনো ব্যক্তিকে ইংরেজি জানার শর্ত থেকে ছাড় দেয়া হতে পারে যদি তিনি:

- 50 বছর বা তারচেয়ে বেশি বয়সী হন এবং যুক্তরাষ্ট্রে 20 বছর ধরে বসবাস করেন বা
- 55 বছর বা তারচেয়ে বেশি বয়সী হন এবং যুক্তরাষ্ট্রে 15 বছর ধরে বসবাস করেন

এই ক্ষেত্রগুলোতে, তারপরেও ঐ ব্যক্তিকে অবশ্যই যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার সম্পর্কে জ্ঞান দেখাতে হবে, কিন্তু তিনি তার মাতৃভাষায় তা করতে পারেন। কোনো ব্যক্তির মাতৃভাষায় পরিচালিত পরীক্ষাগুলো মৌখিকভাবে পরিচালনা করা হয়। পড়া ও লেখার সক্ষমতা পরীক্ষা করা হয় না।

কিছু নির্দিষ্ট প্রতিবন্ধীত্ব রয়েছে এমন ব্যক্তিদেরকে ইংরেজি ভাষা এবং যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার সম্পর্কিত আবশ্যকতাগুলি থেকে অব্যাহতি দেয়া হয়।

---

*নাগরিকত্বের জন্য আবেদন করার আগে, নাগরিকত্বের জন্য আপনার যোগ্যতা ও প্রস্তুতি রয়েছে কিনা তা নিশ্চিত করতে একজন দক্ষ অ্যাটর্নি বা কনসালটেন্টের সাথে আলোচনা করা গুরুত্বপূর্ণ। তবে একজন দক্ষ অ্যাটর্নি বা কনসালটেন্ট বাছাই করার ক্ষেত্রে আপনাকে অবশ্যই অত্যন্ত সতর্ক হতে হবে। অভিবাসনগত বিষয়ে খারাপ বা ভুল পরামর্শ পেলে তাতে ঝুঁকি থাকে এবং এর ফলে সময় ও টাকা-পয়সা নষ্ট হতে পারে এবং কিছু কিছু ক্ষেত্রে আবেদনকারীকে বহিষ্কার করা হতে পারে।*

---

| নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক প্রশ্নগুলো সম্পর্কে আইনসম্মত সহায়তা পেতে, নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ করুন: | |
|---|---|
| **নিউ ইয়র্ক ইমিগ্রেশন হটলাইন (New York Immigration Hotline)** | (212) 419-3737 অথবা (800) 566-7636 |
| **বার অ্যাসোসিয়েশন রেফারাল প্যানেল (Bar Association Referral Panel)** | (212) 626-7373<br>*(ব্যক্তিগত অ্যাটর্নি খোঁজার জন্য)* |
| **নর্দার্ন ম্যানহাটন কোয়ালিশন ফর ইমিগ্র্যান্টস রাইটস (Northern Manhattan Coalition for Immigrants Rights, NMCIR)** | (212) 781-0355 x305<br>*(নাগরিকত্বের আবেদনপত্র সম্পর্কে বিনামূল্যে সহায়তা পাওয়ার জন্য)* |

| | |
|---|---|
| **CUNY সিটিজেনশিপ নাউ! (CUNY Citizenship Now!) কেন্দ্রসমূহ:** | **সিটি কলেজ ইমিগ্রেশন সেন্টার (Immigration Center at City College)**<br>North Academic Center, Room 1-206<br>160 Convent Avenue<br>New York, NY 10031<br>(212) 650-6620<br><br>**হস্টস কমিউনিটি কলেজে ইমিগ্রেশন সেন্টার (Immigration Center at Hostos Community College)**<br>427 Walton Avenue, T-501<br>Bronx, NY 10451<br>(718) 518-4395<br><br>**মেডগার এভার্স কলেজ ইমিগ্রেশন সেন্টার (Medgar Evers College Immigration Center)**<br>1150 Carroll St., Rm. 226<br>Brooklyn, NY 11225<br>(718) 270-6292<br><br>**ফ্লাশিং ইমিগ্রেশন সেন্টার (Flushing Immigration Center)**<br>39-07 Prince Street, Suite 2B<br>Flushing, NY 11354<br>(718) 640-9223<br><br>**ইয়র্ক কলেজে অবস্থিত CUNY ইমিগ্রেশন সেন্টার (CUNY Immigration Center at York College)**<br>94-20 Guy R. Brewer Blvd.<br>Welcome Center Atrium<br>Jamaica, NY 11451<br>(718) 262-2983 |
| **নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্টেন্স গ্রুপ (New York Legal Assistance Group, NYLAG) –অভিবাসী সুরক্ষা ইউনিট** | (212) 613-5000 |

## একজন ব্যক্তি কিভাবে যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের জন্য আবেদন করতে পারেন?

- **আবেদন** – যদি কোনো ব্যক্তি মনে করেন যে তিনি নাগরিকত্বের জন্য আবেদন করার যোগ্য এবং এছাড়াও নির্ধারণ করেন যে আবেদন করার ক্ষেত্রে কোনো ঝুঁকি নেই (আবেদন করার ক্ষেত্রে কোনো ঝুঁকি আছে কিনা সেই বিষয়ে আইনি পরামর্শ নেওয়ার সুপারিশ করা হয়), তাহলে তাকে অবশ্যই যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন সেবা (U.S. Citizenship and Immigration Services, USCIS) অফিসে একটি আবেদনপত্র (ফরম N-400) ও আবেদনের ফি জমা দিতে হবে। 2017 সাল পর্যন্ত অধিকাংশ ব্যক্তির জন্য আবেদনের মোট ফি হলো $725 ডলার ($640 জমা দেওয়ার ফি + $85 বায়োমেট্রিক ফি)। আবেদনকারীর আঙ্গুলের ছাপ নেয়ার জন্য USCIS একটি অ্যাপয়েন্টমেন্ট দেবে এবং যে কোনো সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকি সনাক্ত করার জন্য আবেদনকারীর ব্যাকগ্রাউন্ড বা পটভূমি সম্পর্কে তদন্ত করবে।
- **ব্যতিক্রম** – তবে নিম্নলিখিত ব্যক্তিদের পুরো $725 অর্থ প্রদান করতে হয় না:
    - 75 বছর ও তার বেশি বয়সের আবেদনকারীদের $85 বায়োমেট্রিক ফি প্রদান করতে হয় না।

    - যে মিলিটারি আবেদনকারীরা অভিবাসন ও জাতীয়তা আইন (Immigration and Nationality Act, INA) এর ধারা 328 ও 329 এর অধীনে আবেদন জমা দিচ্ছেন তাদেরকে জমা দেওয়ার ফি বা বায়োমেট্রিক ফি দিতে হয় না।
- **ফি থেকে অব্যাহতি** – যে আবেদনকারীরা $725 ফি পরিশোধ করতে অক্ষম, তারা "ফি অব্যাহতির জন্য অনুরোধ" শীর্ষক ফরম I-912 ব্যবহার করে ফি থেকে অব্যাহতির জন্য আবেদন করতে পারেন। ফি থেকে সম্পূর্ণ অব্যাহতি পাওয়ার যোগ্যতা অর্জন করতে হলে আবেদনকারীদের অবশ্যই নিম্নলিখিত একটি আবশ্যকতা পূরণ করতে হবে:
    - আবেদনকারী বর্তমানে একটি সংগতি-পরীক্ষিত সুবিধা পাচ্ছেন।
    - আবেদন জমা দেওয়ার মুহূর্তে আবেদনকারীর পরিবারের আয় ফেডারাল দারিদ্র্য সীমায় বা তার 150% এর নিচে আছে।
    - আবেদনকারী এমন একটি আর্থিক সমস্যার সম্মুখীন হচ্ছেন যা তাকে জমা দেওয়ার ফি পরিশোধ করতে বাধা দিচ্ছে, যার অন্তর্ভুক্ত হল অপ্রত্যাশিত জরুরি অবস্থা বা চিকিৎসার বিল।
    - যে ব্যক্তিদের আয় ফেডারাল দারিদ্র্য সীমার 150% থেকে 200% এর মধ্যে, তারা ফি থেকে আংশিক অব্যাহতি পাওয়ার যোগ্য হতে পারেন।
- **ইন্টারভিউ** – আবেদনপত্র জমা দেয়ার পর, USCIS আবেদনকারীর ইন্টারভিউ নেয়ার জন্য একটি সময়সূচি ঠিক করবে। ইন্টারভিউ-এর সময়, কিছু প্রশ্নের উত্তর দিয়ে এবং কিছু নির্দিষ্ট অনুশীলন সম্পন্ন করার মাধ্যমে আবেদনকারীকে অবশ্যই ইংরেজিতে দক্ষতা এবং যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার সম্পর্কে জ্ঞান থাকার প্রমাণ দিতে হবে।
- **শপথ গ্রহণ (Oath and swearing-in)** – আবেদনপত্র অনুমোদিত হলে, আবেদনকারীকে অবশ্যই আনুগত্যের শপথ (Oath of Allegiance) নিতে হবে, বিদেশী আনুগত্য ও উপাধি ত্যাগ করতে হবে এবং যুক্তরাষ্ট্রের সংবিধান ও আইন-কানুনের প্রতি সমর্থন প্রদান ও সেগুলো রক্ষা করার শপথ নিতে হবে।

কোনো আবেদনকারীর যদি এমন গুরুতর প্রতিবন্ধীত্ব থাকে যা তার শপথের অর্থ বোঝার অথবা বোঝার বিষয়টি জানানোর সক্ষমতাকে বাধাগ্রস্ত করে তাহলে USCIS শপথ গ্রহণের শর্তটি বাদ দিতে পারে।

| USCIS সম্পর্কে আরো তথ্যের জন্য | |
|---|---|
| **যোগাযোগ: USCIS ওয়েবসাইট/ইন্টারনেট সার্ভিস (ন্যাচারালাইজেশনের ইন্টারভিউ-এর প্রশ্ন, সংবাদ ও USCIS ফরমসমূহ)** | www.uscis.gov |
| **USCIS ন্যাশনাল কাস্টমার সার্ভিস (USCIS National Customer Service) অভিবাসনগত সুযোগ-সুবিধা ও সেবাসমূহ, আবেদনের অবস্থা, আঙুলের ছাপ, মেডিকেল পরীক্ষার জন্য USCIS কর্তৃক অনুমোদিত স্থানীয় USCIS-এর অবস্থানসমূহ ও ডাক্তারের তথ্য** | (800) 375-5283 |
| **ডাকযোগে USCIS-এর যেকোনো ফরম পেতে** | (800) 870-3676 |
| **নির্বাচিত সেবাসমূহের জন্য নিবন্ধন করতে, যোগাযোগ করুন: নির্বাচিত সেবা (Selective Service) (ন্যাচারালাইজেশনের জন্য নির্বাচিত সেবা আবশ্যক)** | (888) 655-1825<br>www.sss.gov |

## যুক্তরাষ্ট্রের একজন নতুন নাগরিকের অধিকার ও দায়িত্বসমূহ কী কী?

- নির্বাচনে ভোট দেয়া: যুক্তরাষ্ট্র সরকারের আইনকানুন ও নীতিমালা প্রণয়নকারী প্রতিনিধিদের নির্বাচনের জন্য ভোট দেয়ার অধিকার নাগরিকদের রয়েছে।
- বাধাহীনভাবে ভ্রমণ: নাগরিকরা তাদের ইচ্ছা অনুযায়ী যুক্তরাষ্ট্র ছেড়ে যেতে পারেন এবং অন্য কোনো দেশে বসবাস করতে পারেন। দীর্ঘ দিন ধরে যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী বৈধ পার্মানেন্ট রেসিডেন্টরা তাদের আইনসঙ্গত স্ট্যাটাস হারাতে পারেন।
- পরিবারের আরো বেশি সদস্যের জন্য আবেদন করা: পরিবারের আরো বেশি সদস্যকে যুক্তরাষ্ট্রে বসবাস করার সুযোগ দেয়ার জন্য নাগরিকরা আবেদন করতে পারেন এবং বৈধ পার্মানেন্ট রেসিডেন্ট হওয়ার জন্য তাদেরকে স্পন্সর করতে পারেন। এছাড়াও নাগরিকরা তাদের স্বামী/স্ত্রী, নাবালক অবিবাহিত ছেলেমেয়ে ও পিতামাতাকে দীর্ঘদিন অপেক্ষা না করেই যুক্তরাষ্ট্রে নিয়ে আসতে পারেন।
- বহিষ্কার এড়ানো: নাগরিকদেরকে যুক্তরাষ্ট্রে প্রবেশ করা থেকে বিরত রাখা যাবে না এবং তাদেরকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করা যাবে না। অত্যন্ত সীমিত কিছু পরিস্থিতিতেই কেবল নাগরিকরা নাগরিকত্ব হারাতে পারেন।

- জুরির দায়িত্ব পালন করা: ডাকা হলে আদালতে জুরির দায়িত্ব পালন করা নাগরিকদের দায়িত্ব।
- সরকারি অফিসে পদ পাওয়া: সাধারণত সিটি, স্টেট বা ফেডারেল অফিসের কোনো পদে নির্বাচিত হওয়ার জন্য এবং ফেডারেল ও স্টেট পর্যায়ে কিছু সরকারি চাকরি পাওয়ার জন্য যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব আবশ্যক।

## যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের জন্য আবেদন করার ঝুঁকিগুলো কী কী?

অপরাধমূলক কর্মকাণ্ডের ব্যাকগ্রাউন্ড রয়েছে, এমন অভিবাসীরা যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের জন্য আবেদন করার আগে একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করা উচিত। কিছু নির্দিষ্ট ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডের ব্যাকগ্রাউন্ড রয়েছে এমন ব্যক্তিরা বহিষ্কার হওয়ার যোগ্য এবং তারা নাগরিকত্বের জন্য আবেদন করার সময় USCIS-এর নজরে পড়তে পারে।

## আমার রেকর্ডে যদি দোষী সাব্যস্ত হওয়ার প্রমাণ থাকে তাহলে কী হবে?

নাগরিকত্বের জন্য আবেদনকারী কোনো ব্যক্তি যদি নিম্নলিখিত অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন তাহলে তিনি বহিষ্কার হওয়ার ঝুঁকিতে পড়তে পারেন:

- নৈতিক অবক্ষয়ের সাথে সম্পৃক্ত অপরাধ (CIMT)। অপরাধের এই শ্রেণিকে ব্যাখ্যা করা প্রায়শই কঠিন হয়ে থাকে। এর উদাহরণের মধ্যে রয়েছে, এমন কিছু অপরাধ যেগুলোর জন্য চুরি বা প্রতারণা করার ইচ্ছা থাকতে হয় (যেমন, চুরি, ছিনতাই বা ডাকাতি), কিছু নির্দিষ্ট হামলার অপরাধ এবং অধিকাংশ যৌন অপরাধ, তবে এগুলোতেই সীমাবদ্ধ নয়।
- আগ্নেয়াস্ত্র বা ধ্বংসাত্মক অস্ত্র সংক্রান্ত অপরাধ (যেমন, অপরাধমূলকভাবে একটি অস্ত্র রাখা, যেখানে অস্ত্রটি একটি বন্দুক)।
- একবার 30 গ্রাম বা তার কম মারিজুয়ানা রাখার অপরাধ ছাড়া অন্যান্য মাদকজনিত অপরাধ।
- পারিবারিক অপরাধ এবং শিশুদের বিরুদ্ধে অপরাধ, যার মধ্যে রয়েছে পারিবারিক সহিংসতা বারবার অনুসরণ করা, শিশু নিপীড়ন, অবহেলা বা পরিত্যাগ করা এবং এসব অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার পর প্রদত্ত কিছু নির্দিষ্ট সুরক্ষা আদেশের (দেওয়ানি বা ফৌজদারি আদালতে) লঙ্ঘন করা অথবা অক্টোবর 1, 1996 তারিখে বা তার পরে সুরক্ষা আদেশের লঙ্ঘন করা।
- অধিকতর গুরুতর অপরাধ যেমন মাদক পাচার (যার মধ্যে থাকতে পারে একাধিক মাদক রাখার অপরাধ), কিছু সহিংস অপরাধ এবং চুরি বা ছিঁচকে চুরির অপরাধ যার জন্য 1 বছরের আরোপিত বা স্থগিত কারাবাসের রায় দেয়া হয়, কাগজপত্র জাল করার কিছু নির্দিষ্ট অপরাধ, প্রতারণা, প্রবঞ্চনা বা ট্যাক্স ফাঁকির কিছু নির্দিষ্ট অপরাধ যার ফলে অপরাধের শিকার হওয়া ব্যক্তির ক্ষতি $10,000 ডলার ছাড়িয়ে যায়, পতিতাবৃত্তি ব্যবসার কিছু নির্দিষ্ট অপরাধ, কিছু নির্দিষ্ট "ভিনদেশী চোরাকারবারীর" অপরাধ এবং খুন, ধর্ষণ বা শিশুদের যৌন নিপীড়নের অপরাধ।
- নির্দিষ্ট অন্য কিছু অপরাধ, যেমন জাতীয় নিরাপত্তা ও অভিবাসন-সম্পর্কিত অপরাধ।

| **অপরাধমূলক কাজকর্মের ব্যাকগ্রাউন্ড আছে এমন মানুষদের অভিবাসন পাওয়ার ক্ষেত্রে কী ফলাফল হতে পারে এ বিষয়ে আরো তথ্যের জন্য, যোগাযোগ করুন:** | |
|---|---|
| **ইমিগ্র্যান্ট ডিফেন্স প্রজেক্ট (Immigrant Defense Project)** | (212) 725-6422 অথবা তাদের ওয়েবসাইট http://www.immdefense.org/ দেখুন<br>*(এছাড়াও ইমিগ্র্যান্ট ডিফেন্স প্রজেক্ট (Immigrant Defense Project) ফৌজদারি/অভিবাসনগত বিষয়ে এবং অভিবাসন কার্যকরকরণ-সম্পর্কিত অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে। কোনো প্রতিষ্ঠান বা গ্রুপের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করার অনুরোধ জানাতে আপনি তাদের সাথে যোগাযোগ করতে পারেন।)* |
| **CUNY সিটিজেনশিপ নাউ!<br>(CUNY Citizenship Now!)** | (646) 344-7245 |

# আইনসম্মত স্থায়ী নিবাস বা পার্মানেন্ট রেসিডেন্স

## কিভাবে একজন ব্যক্তি আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্স (LAWFUL PERMANENT RESIDENCE) পেতে পারেন?

“গ্রীন কার্ড” নামে পরিচিত আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্স পাওয়ার কিছু সাধারণ উপায় এখানে দেওয়া হলো:

- একজন ব্যক্তিকে পরিবারের এমন কোনো ঘনিষ্ঠ সদস্য স্পন্সর করতে পারেন যিনি যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্ট।
- নিয়োগকারীর মাধ্যমে চাকরি-ভিত্তিক ভিসার জন্য একজন ব্যক্তি আবেদন করতে পারেন।
- একজন ব্যক্তি যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের দ্বারা প্রদান করা ডাইভার্সিটি ভিসা লটারির মাধ্যমে ভিসার জন্য আবেদন করতে পারেন, যা সুনির্দিষ্ট কিছু দেশের নাগরিকদের জন্য দেয়া হয়।

কিছু মানবিক কারণেও অভিবাসীরা আইনসম্মত স্ট্যাটাস পেতে পারেন, যেমন যুক্তরাষ্ট্রে কোনো অপরাধ বা পারিবারিক সহিংসতার শিকার হলে অথবা এমন কোনো দেশ থেকে আসলে যা বিপজ্জনক বা যেখানে মানুষ নিগ্রহের শিকার হয়ে থাকে।

যেসব ব্যক্তি অপরাধের শিকার হয়েছেন, এই ধরনের অপরাধের ফলে নির্যাতনের শিকার হয়েছেন এবং অপরাধ তদন্তে সরকারি কর্মকর্তাদেরকে সহায়তা করতে ইচ্ছুক তারা একটি U ভিসা পাওয়ার যোগ্য হতে পারে। নিজ দেশে নিগ্রহের শিকার হয়েছেন এমন কিছু নির্দিষ্ট ব্যক্তি রাজনৈতিক আশ্রয় পাওয়ার যোগ্য হতে পারেন।

---

*যে ব্যক্তির প্রয়োজনীয় কাগজপত্র নেই এবং যুক্তরাষ্ট্রে বসবাস করছেন তার বৈধ স্ট্যাটাস পাওয়ার সম্ভাবনা অত্যন্ত কম। কাগজপত্রবিহীন অভিবাসীরা সেই সব ব্যক্তিদের কাছ থেকে অত্যন্ত সতর্ক থাকা উচিত যারা প্রতিশ্রুতি দেয় যে তারা তাদেরকে আইনসম্মত রেসিডেন্সি পেতে সাহায্য করতে পারবেন এবং অভিবাসনগত আবেদনের জন্য অর্থ দাবি করে থাকে।*

*আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্স সম্পর্কে আরো তথ্যের জন্য, (212) 419-3737 বা (800) 566-7636 নম্বরে নিউ ইয়র্ক নিউ অ্যামেরিকানস অফিস (Office of New Americans)-এর হটলাইনে ফোন করুন।*

*আপনি যদি ইতোমধ্যে আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্সের জন্য আবেদন করে থাকেন এবং আপনার আবেদনের ফলাফল পেতে বিলম্ব হচ্ছে বলে মনে করেন, তাহলে আপনার আবেদনের স্ট্যাটাস পরীক্ষা করার জন্য সহায়তা পেতে আপনি আপনার যুক্তরাষ্ট্রের প্রতিনিধি, ইউ.এস. সিনেটর বা নিউ ইয়র্ক সিটি মেয়রের অফিস অব ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (Mayor's Office of Immigrant Affairs)-এ ফোন করতে পারেন। 311 নম্বরে কল করে আপনি এই অফিসগুলোর সাথে যোগাযোগের নম্বর সংগ্রহ করতে পারেন।*

---

# অভিবাসনের ওপরে কার্যনির্বাহী আদেশ

## শৈশবে আগমনকারীদের জন্য ব্যবস্থা গ্রহণ স্থগিত (DEFERRED ACTION FOR CHILDHOOD ARRIVALS, DACA)

2012 সালের জুন মাসে প্রেসিডেন্ট ওবামা "শৈশবে আগমনকারীদের জন্য ব্যবস্থা গ্রহণ স্থগিত" বা "DACA" নামের একটি কর্মসূচি ঘোষণা করেছিলেন, যা শৈশবে যুক্তরাষ্ট্রে এসেছিল এমন ব্যক্তিদেরকে যুক্তরাষ্ট্রে অস্থায়ীভাবে থাকার অনুমতি দেবে। DACA যুক্তরাষ্ট্রে থাকার জন্য এক ধরনের অস্থায়ী অনুমতি দেয় যাকে "স্থগিত পদক্ষেপ" বলা হয় এবং দুই বছরের সময়কালের জন্য কাজের অনুমতিপত্র মঞ্জুর করে। DACA-র জন্য যোগ্য হতে গেলে, আবেদনকারীদের বয়স 15 জুন 2012 তারিখে 31 বছরের কম হতে হবে এবং 15 জুন 2007 এর পর থেকে নিরবচ্ছিন্নভাবে যুক্তরাষ্ট্রে বসবাস করে থাকতে হবে।

**আপডেট:** রাষ্ট্রপতি ট্রাম্প 5 সেপ্টেম্বর 2017 তারিখে ঘোষণা করেছিলেন যে তিনি DACA কর্মসূচি সমাপ্ত করবেন এবং ছয় মাসের ভিতরে DACA প্রাপকদের অবস্থার ওপরে নজর দেওয়ার জন্য আইন প্রণয়নের কথা বিবেচনা করতে ইউ.এস. কংগ্রেসকে অনুরোধ করেছিলেন। এই পুস্তিকার প্রকাশনা পর্যন্ত কংগ্রেস রাষ্ট্রপতির অনুরোধে কোনো পদক্ষেপ নেয় নি। সবচেয়ে সাম্প্রতিক তথ্যের জন্য 1-800-375-5283 নম্বরে USCIS এর সঙ্গে যোগাযোগ করুন।

## বেআইনি উপস্থিতির জন্য সাময়িক ছাড়

প্রেসিডেন্ট ওবামার নির্বাহী কার্যক্রমের ফলে, DACA-এর অধীনে নেই এমন কাগজপত্রহীন অভিবাসীরাও যুক্তরাষ্ট্রে বেআইনি উপস্থিতির জন্য ছাড় পাওয়ার যোগ্য হতে পারেন। এই ধরনের ছাড়ের জন্য USCIS আবেদনপত্র গ্রহণ করছে কিনা অনুগ্রহ করে তাদের কাছ থেকে তা জেনে নিন। আপনি 1-800-375-5283 নম্বরে USCIS-এ ফোন করতে পারেন অথবা তাদের ওয়েবসাইট www.uscis.gov/immigrationaction দেখতে পারেন।

বেআইনি উপস্থিতির জন্য সাময়িক ছাড় পাওয়ার যোগ্য হতে হলে, কাগজপত্রবিহীন অভিবাসীদেরকে নিম্নলিখিত মানদণ্ডসমূহ পূরণ করতে হবে।

- কমপক্ষে 180 দিন যুক্তরাষ্ট্রে বেআইনিভাবে বসবাস করেছেন এবং যারা:
    - যুক্তরাষ্ট্রের একজন নাগরিকের পুত্র বা কন্যা; এবং
    - আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্টের স্বামী/স্ত্রী বা অবিবাহিত পুত্র বা কন্যা।

আপনি যদি কখনো গ্রেপ্তার হয়ে থাকেন অথবা পুলিশি কোনো ঝামেলা থাকে, তাহলে আবেদন করার আগে অবশ্যই একজন আইনজীবীর সাথে কথা বলে নেবেন।

*স্থগিত কার্যক্রম সম্পর্কে আরো তথ্যের জন্য 1-800-375-5283 নম্বরে USCIS-এ অথবা (212) 419-3737 বা (800) 566-7636 নম্বরে নিউ ইয়র্ক নিউ অ্যামেরিকানস অফিস (Office of New Americans)-এর হটলাইনে ফোন করুন।*

## অভিভাবকহীন অভিবাসী শিশু

পিতামাতা বা অভিভাবকহীন অভিবাসী শিশুদেরকে যদি অপসারণ বা বহিষ্কারের জন্য শুনানিতে পাঠানো হয়, সেক্ষেত্রে অভিবাসন সংক্রান্ত শুনানির জন্য অপেক্ষা করার সময় ফেডারেল আইন অনুযায়ী তাদেরকে খাবার-দাবার, আশ্রয় ও প্রয়োজনীয় পরিচর্যা প্রদান করতে হবে।

## অভিভাবকহীন শিশুদেরকে কোন কোন সেবা প্রদান করা হয়?

যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সেবা (Health and Human Service, HHS) বিভাগের শরণার্থী পুনর্বাসন অফিস (Office of Refugee Resettlement, ORR) অভিভাবকহীন অভিবাসী শিশুদেরকে সেসব স্পন্সরদের তত্ত্বাবধানে দিয়ে থাকে যারা তাদের যত্ন নেবে এবং তাদের কল্যাণের জন্য কাজ করবে। অভিভাবকহীন শিশুরা স্পন্সরের তত্ত্বাবধানে থাকাকালীন তাদের অভিবাসনগত মামলা নিষ্পত্তি হওয়ার জন্য অপেক্ষা করার সময় অনেকগুলো সেবা পাওয়ার যোগ্য, যার মধ্যে রয়েছে:

- স্বাস্থ্য সেবা
- সোশ্যাল সার্ভিস সহায়তা
- শিক্ষামূলক কার্যক্রমে প্রবেশাধিকার ও সহায়তা

এই সেবাসমূহের বাইরেও, নিউ ইয়র্ক সিটির অনেক সিটি, স্টেট ও অলাভজনক সংস্থা অভিভাবকহীন শিশুদের জন্য সরাসরি আইনি ও সোশ্যাল সার্ভিস সহায়তা প্রদান করে।

*অভিভাবকহীন নাবালক শিশুদের জন্য সহায়তা ও সেবা সম্পর্কে খোঁজ নিতে, আপনি ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স সম্পর্কিত মেয়রের অফিস (Mayor's Office of Immigrant Affairs)-এর সাথে (212) 788-7654 নম্বরে অথবা নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন-এর সঙ্গে (212) 627-2227 নম্বরে যোগাযোগ করতে পারেন।*

# ভোটদান ও নাগরিক কর্মকাণ্ডে অংশগ্রহণ

## ভোটদানের জন্য কারা নিবন্ধন করতে পারে?

কোনো নির্বাচনে ভোট দেয়ার আগে আপনাকে অবশ্যই ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে হবে। ভোটদানের জন্য নিবন্ধন করতে, আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে,
- নির্বাচনের আগে কমপক্ষে 18 বছর বয়সী হতে হবে,
- কমপক্ষে 30 দিন ধরে নিউ ইয়র্ক সিটির অধিবাসী হিসেবে থাকতে হবে,
- কোনো গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাগারে বা প্যারোলে থাকতে পারবেন না,
- কোনো আদালত কর্তৃক মানসিকভাবে অযোগ্য হিসেবে নির্ধারিত হতে পারবেন না এবং
- নিউ ইয়র্ক সিটির বাইরে ভোটদানের অধিকার দাবি করতে পারবেন না।

*আপনি যদি একজন নিবন্ধিত ভোটার হন এবং আপনার ঠিকানা পরিবর্তিত হয়, তাহলে নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী আপনাকে ঠিকানা পরিবর্তন হওয়ার 25 দিনের মধ্যে নির্বাচন বোর্ড (Board of Elections)-কে জানাতে হবে।*

## ভোটদানের জন্য আপনি কিভাবে নিবন্ধন করবেন?

ভোটদানের জন্য নিবন্ধন করতে আপনাকে অবশ্যই একটি ভোটার নিবন্ধন ফরম পূরণ করে জমা দিতে হবে। এই ফরমটি ইংরেজি, স্প্যানিশ, চীনা, কোরিয়ান ও বাংলা ভাষায় পাওয়া যায়। আপনি পূরণকৃত নিবন্ধন ফরমটি সশরীরে বা ডাকযোগে জমা দিতে পারেন।

| নিবন্ধন ফরম পেতে, আপনি **http://vote.nyc.ny.us/html/voters/voters.shtml** ওয়েবসাইট থেকে একটি ফরম ডাউনলোড করে নিতে পারেন, **(866) 868-3692** নম্বরে ফোন করতে পারেন অথবা NYC-এর নির্বাচন বোর্ডের একটি অফিসে যেতে পারেন: | |
|---|---|
| **প্রধান অফিস** | 32 - 42 Broadway, 7th Floor<br>New York, NY 10004<br>(212) 487-5400 |
| **ম্যানহাটন** | 200 Varick Street, 10th Floor<br>New York, NY 10014<br>(212) 886-2100 |
| **ব্রংক্স** | 1780 Grand Concourse, 5th Floor<br>Bronx, NY 10457<br>(718) 299-9017 |
| **ব্রুকলিন** | 345 Adams Street, 4th Floor<br>Brooklyn, NY 11201<br>(718) 797-8800 |
| **কুইন্স** | 118-35 Queens Boulevard<br>Forest Hills, NY 11375<br>(718) 730-6730 |
| **স্ট্যাটেন আইল্যান্ড** | 1 Edgewater Plaza, 4th Floor<br>Staten Island, NY 10305<br>(718) 876-0079 |

আপনাকে নির্বাচনের কমপক্ষে 25 দিন আগে অবশ্যই আপনার ভোটার নিবন্ধন ফরমটি হাতে হাতে জমা দিতে হবে অথবা ডাকমোহর সংযুক্ত করে পাঠাতে হবে।

আপনি যদি পড়তে না পারেন, তারপরেও অন্য কারো সাহায্য নিয়ে ফরম পূরণ করার মাধ্যমে আপনি নিবন্ধন করতে পারেন। আপনি যদি নিজের নাম স্বাক্ষর করতে না পারেন, তাহলে স্বাক্ষরের ঘরে "X" চিহ্ন দিন এবং হলফনামার ঘরে একজন সাক্ষীর স্বাক্ষর নিন।

---

*ভোটার নিবন্ধন ফরম পূরণ করার পর, আপনি সেটি 32 – 42 Broadway, 7th Floor, New York, NY 10004 ঠিকানায় অবস্থিত নির্বাচন বোর্ডের (Board of Elections) প্রধান অফিসে ডাকযোগে পাঠাতে পারেন বা সশরীরে জমা দিতে পারেন। অথবা আপনি যে বরোতে বসবাস করেন সেখানকার নির্বাচন বোর্ডের অফিসে সশরীরে গিয়ে জমা দিতে পারেন।*

---

## আপনি কোথায় ভোট দেবেন?

আপনি ভোট দেয়ার জন্য নিবন্ধন করার পর, আপনি কোথায় ভোট দিতে পারবেন তা জানিয়ে নির্বাচন বোর্ড আপনাকে একটি বিজ্ঞপ্তি পাঠাবে। আপনি কোথায় ভোট দিতে পারবেন তা জানতে আপনি (212) VOTE-NYC (212-868-3692) নম্বরে ফোন করতে পারেন। নির্বাচনের দিন সকাল 6:00টা থেকে রাত 9:00টা পর্যন্ত ভোটগ্রহণ চালু থাকে।

## অ্যাবসেন্টি ব্যালট (অনুপস্থিত ব্যক্তির জন্য ব্যালট)-এর মাধ্যমে আপনি কিভাবে ভোট দিতে পারেন?

আপনার পেশা, ব্যবসা, লেখাপড়া, ভ্রমণ, কারাবাস (গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হওয়া ছাড়া), অসুস্থতা, প্রতিবন্ধীত্ব, হাসপাতালে ভর্তি থাকা বা দীর্ঘমেয়াদী পরিচর্যা কেন্দ্রে অবস্থান করার কারণে আপনি নির্বাচনের দিন ভোটকেন্দ্রে যেতে না পারলে, অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন।

অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দেয়ার জন্য, আপনি:

- সশরীরে ভোট দিতে পারেন: আপনার নির্বাচন বোর্ডের বরো অফিসে গিয়ে নির্বাচন শুরুর 32 দিন আগে থেকে শুরু করে নির্বাচনের দিন পর্যন্ত ভোট দিতে পারবেন। আপনি (সোমবার থেকে শুক্রবার) সকাল 9:00টা থেকে বিকেল 5:00টা পর্যন্ত এবং নির্বাচনের দিন সন্ধ্যা 9:00টা পর্যন্ত এবং নির্বাচনের দিনের আগের উইকেন্ডে ভোট দিতে পারবেন।
- ডাকযোগে ভোটদান: একটি অ্যাবসেন্টি ব্যালটের আবেদনপত্রের জন্য অনুরোধ জানান এবং সেটি জমা দিন। এই আবেদনপত্রটি ইংরেজি, স্প্যানিশ, চীনা, কোরিয়ান ও বাংলা ভাষায় পাওয়া যায়। আপনি এই আবেদনপত্রটি জমা দেয়ার পর, আপনি একটি অ্যাবসেন্টি ব্যালট পাবেন যা আপনি ভোট দেয়ার জন্য ব্যবহার করতে পারবেন।

---

*অ্যাবসেন্টি ব্যালটের আবেদনপত্রের জন্য অনুরোধ জানাতে: আপনার কাছে একটি আবেদনপত্র ডাকযোগে পাঠানোর অনুরোধ জানাতে (212) VOTE-NYC (868-3692) নম্বরে ফোন করুন। http://www.vote.nyc.ny.us/html/voters/absentee.shtml ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিন অথবা আপনার বরোতে অবস্থিত নির্বাচন বোর্ডের অফিসে যান।*

---

- অ্যাবসেন্টি ব্যালটের আবেদনপত্র পূরণ করার জন্য আপনাকে অবশ্যই শুধুমাত্র নীল বা কালো কলম ব্যবহার করতে হবে।
- আপনি আবেদনপত্রটি ফ্যাক্স করতে পারবেন না। এটি আপনাকে অবশ্যই শুধুমাত্র ডাকযোগে বা সশরীরে জমা দিতে হবে।

আপনি অ্যাবসেন্টি ব্যালট সম্পন্ন করার পর, সশরীরে জমা দিলে নির্বাচনের দিন ভোটগ্রহণ শেষ হওয়ার আগে নির্বাচন বোর্ডের (Board of Elections) কাছে জমা দিতে হবে অথবা ডাকযোগে পাঠালে কমপক্ষে নির্বাচনের আগের দিন ডাকমোহর যুক্ত করে নির্বাচন বোর্ডের কাছে পাঠাতে হবে। নির্বাচন শেষ হওয়ার পর সর্বোচ্চ 7 দিনের মধ্যে এটি নির্বাচন বোর্ডের কাছে পৌঁছাতে হবে।

আপনি যদি স্থায়ীভাবে অসুস্থ বা প্রতিবন্ধী হন এবং ভোট দেয়ার জন্য নির্বাচন কেন্দ্রে যেতে না পারেন, তাহলে আপনি প্রতিটি নির্বাচনের জন্য স্বয়ংক্রিয়ভাবে অ্যাবসেন্টি ব্যালট পাঠানোর জন্য অনুরোধ জানাতে পারেন।

## জরুরি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে আপনি কিভাবে ভোট দেবেন?

যদি ডাকযোগে অ্যাবসেন্টি ব্যালট পাওয়ার জন্য আবেদন করার সময়সীমা শেষ হয়ে যায় এবং কোনো দুর্ঘটনা অথবা হঠাৎ অসুস্থতাজনিত কারণে নির্বাচনের দিন আপনি ভোটকেন্দ্রে যেতে না পারেন, তাহলে অ্যাবসেন্টি ব্যালটের জন্য আবেদনপত্র এবং অ্যাবসেন্টি ব্যালট গ্রহণ করার জন্য আপনি অনুমোদনপত্রসহ একজন প্রতিনিধি পাঠাতে পারেন এবং নির্বাচনের দিন রাত 9:00টার মধ্যে এই দুইটি কাগজ আপনার নির্বাচন বোর্ডের বরো অফিসে ফেরত দিতে পারেন।

## ভোটার হিসেবে আমার কী কী অধিকার রয়েছে?

- পাঁচটি বরো জুড়ে কিছু নির্দিষ্ট ভোট কেন্দ্রে স্প্যানিশ, চীনা, কোরিয়ান, হিন্দি বা বাংলা ভাষায় অনুবাদ অথবা দোভাষীর জন্য অনুরোধ করার ও তা পাওয়ার অধিকার নিবন্ধিত সব ভোটারের রয়েছে। যেসব উপকরণ স্প্যানিশ, চীনা, হিন্দি, বাংলা বা কোরিয়ান ভাষায় পাওয়া যেতে পারে সেগুলোর মধ্যে কয়েকটি হলো ব্যালট, ভোটার নিবন্ধন ফরম, ভোট দেয়ার প্রক্রিয়া সম্পর্কিত নির্দেশিকা এবং ভোটের অন্যান্য উপকরণ। এছাড়াও, কিছু কিছু ভোটকেন্দ্রে এমন নির্বাচন কর্মী থাকতে পারেন যারা রুশ, হেশিয়ান ক্রিওল, বাংলা অথবা উর্দু ভাষায় কথা বলতে পারেন এবং তথ্য অনুবাদ অথবা ব্যাখ্যা করতে সহায়তা করতে পারেন।
- প্রতিবন্ধী ভোটারদের ভোটদানে সহায়তা করার জন্য কিছু নির্দিষ্ট সহযোগিতা পাওয়ার অধিকার রয়েছে।
- আপনি ভোটিং মেশিন ব্যবহারের পদ্ধতি সম্পর্কে জানতে চাইতে পারেন।
- আপনাকে ভোট দিতে সাহায্য করার জন্য আপনি আপনার নিয়োগকারী অথবা ইউনিয়নের প্রতিনিধি ছাড়া অন্য যে কাউকে আপনার সাথে করে বুথে নিয়ে যেতে পারবেন।
- আপনি যদি নিবন্ধন করে থাকেন কিন্তু ভোটার নিবন্ধন তালিকায় আপনার নাম না আসে অথবা আপনার স্বাক্ষর পাওয়া না যায়, তাহলেও আপনি আপনার ভোটকেন্দ্রে অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

---

*আপনার নির্বাচন কেন্দ্র সম্পর্কে তথ্য পেতে অথবা নির্বাচনের দিন ভোট দিতে আপনার কোনো সমস্যা হলে, যেমন আপনাকে পেপার ব্যালট দিতে অস্বীকার করা হলে অথবা অন্য কোনভাবে ভোট দিতে বাধা দেয়া হলে, আপনি (212) 349-6460 নম্বরে NYPIRG-এ ফোন করতে পারেন অথবা (212) 487-5400 নম্বরে নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করতে পারেন।*

---

## আমি ভোট দেয়ার সময় কি পরিচয়পত্র (IDENTIFICATION) দেখাতে হবে?

কিছু নির্দিষ্ট নতুন ভোটার ভোট দিতে আসার পর তাদের পরিচয়পত্র দেখানোর প্রয়োজন হতে পারে। যেসব ভোটার ডাকযোগে জানুয়ারি 1, 2003 তারিখে বা তার পরে নিবন্ধন করেছেন কিন্তু নিবন্ধনের আবেদনের সাথে আইডি দেননি তাদেরকে নিউ ইয়র্কে ফেডারেল নির্বাচনে প্রথমবার ভোট দেয়ার সময় পরিচয়পত্র দেখাতে হবে। এই ধরনের ভোটাররা ভোটকেন্দ্রে দেখানোর জন্য নিম্নলিখিত ধরনের পরিচয়পত্র গ্রহণযোগ্য:

- ড্রাইভার্স লাইসেন্স অথবা ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলস (Department of Motor Vehicles)-এর নন-ড্রাইভার ফটো আইডি কার্ড বা অন্যান্য সাম্প্রতিক ও বৈধ ছবিযুক্ত পরিচয়পত্র।
- সাম্প্রতিক ইউটিলিটি বিল, ব্যাংক স্টেটমেন্ট, সরকারি চেক, পে-চেক বা অন্য কোনো সরকারি কাগজপত্রের কপি যেখানে ভোটারের নাম ও ঠিকানা লেখা রয়েছে।

---

*যদি কোনো ভোটারের কাছে প্রয়োজনীয় পরিচয়পত্র না থাকে, তাহলেও তারা তাদের নির্বাচন কেন্দ্রে কাগজের (অ্যাফিডেভিট) ব্যালট ব্যবহার করে ভোট দিতে পারবেন।*

---

## নির্বাচন সম্পর্কে আমার কী কী জানা প্রয়োজন?

সাধারণত দুই ধরনের নির্বাচন অনুষ্ঠিত হয়ে থাকে: প্রাইমারি নির্বাচন (Primary Elections) ও সাধারণ নির্বাচন (General Elections)। নিউ ইয়র্কে, সাধারণ নির্বাচনের আগে প্রাইমারি নির্বাচন অনুষ্ঠিত হয়ে থাকে।

প্রাইমারি নির্বাচন হলো এমন একটি নির্বাচন যেখানে কোনো একটি নির্দিষ্ট দলে নিবন্ধন করা ভোটাররা সাধারণ নির্বাচনের জন্য দলীয় প্রার্থী নির্বাচন করে থাকেন। এই নির্বাচনটি সাধারণত ফেডারেল প্রার্থীদের জন্য জুন মাসে এবং স্টেটের প্রার্থীদের জন্য সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হয়ে থাকে। শুধুমাত্র কোনো রাজনৈতিক দলে নিবন্ধিত ভোটাররা ঐ দলের প্রাইমারি নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন।

সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়ে থাকে নভেম্বর মাসে, যার মাধ্যমে প্রেসিডেন্ট, গভর্নর, কংগ্রেস সদস্য, মেয়র, কাউন্সিলের সদস্য এবং অন্যান্য প্রতিনিধিরা নির্বাচিত হয়ে থাকেন। সাধারণ নির্বাচনে যেকোনো নিবন্ধিত ভোটার ভোট দিতে পারেন। অনেকগুলো রাজনৈতিক দলের প্রার্থী সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে থাকেন।

## আমি কিভাবে আমার কমিউনিটিতে বা সরকারের সাথে সম্পৃক্ত হতে পারি?

- কোনো ব্লকের সংগঠন, নাগরিক সংগঠন বা অলাভজনক সংগঠনের মত কমিউনিটি গ্রুপে যোগ দিন।
- আপনার স্থানীয় কমিউনিটি বোর্ডে অংশগ্রহণ করুন বা অ্যাপয়েন্টমেন্ট চেয়ে নিন অথবা কমিউনিটির সমস্যা নিয়ে আপনার উদ্বেগের বিষয়গুলো বোর্ডের সামনে তুলে ধরুন। আরো তথ্যের জন্য, নিচে দেখুন।
- আপনার মহল্লার সমস্যা সম্পর্কে পুলিশকে জানাতে আপনার স্থানীয় পুলিশ প্রিসিংক্ট কাউন্সিল (police precinct council)-এর সদস্য হোন।
- আপনার কমিউনিটির জন্য কোন কোন প্রয়োজন ও প্রোগ্রামগুলো সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ তা সিটির কর্মকর্তাদেরকে বলার জন্য ডিপার্টমেন্ট অব ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (Department of Youth and Community Development)-এর জন্য আপনার নেইবারহুড অ্যাডভাইজরি বোর্ড (Neighborhood Advisory Board)-এ অংশ নিন অথবা অ্যাপয়েন্টমেন্ট চেয়ে নিন।
- কোনো রাজনৈতিক প্রচারণায় স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করুন, বিক্ষোভ সমাবেশে অংশগ্রহণ করুন অথবা নির্বাচিত কর্মকর্তাদের কাছে লিখুন বা তাদেরকে ফোন করুন।
- অবহিত থাকুন: আপনার বন্ধুবান্ধব ও প্রতিবেশীদের সাথে কথা বলুন, সংবাদপত্র পড়ুন এবং আপনার কমিউনিটি, সিটি, স্টেট ও জাতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলো সম্পর্কে জানুন।
- আপনার নির্বাচিত কর্মকর্তারা নির্বাচিত হওয়ার পর কী করছেন সে বিষয়ে মনোযোগ দিন; তারা নির্বাচনী প্রচারণার সময় যে প্রতিশ্রুতিগুলো দিয়েছিলেন সেগুলো বাস্তবায়ন করার বিষয়টি নিশ্চিত করুন। আপনার প্রতিনিধিদের সাথে আপনার মতামত শেয়ার করুন এবং তাদের কাছে সাহায্য চান।

## কমিউনিটি বোর্ড কী এবং আমি কিভাবে সম্পৃক্ত হতে পারি?

কমিউনিটি বোর্ড হলো স্থানীয় প্রতিনিধিত্বশীল সংগঠন যেগুলো বরো প্রেসিডেন্ট কর্তৃক নিযুক্ত 50 জন বেতনভোগী নন এমন সদস্য দ্বারা গঠিত, যার মধ্যে অর্ধেক সদস্য মনোনীত হয়ে থাকে সিটি কাউন্সিলের সদস্যদের দ্বারা, যারা কমিউনিটি ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করেন। সিটিতে 59টি কমিউনিটি বোর্ড আছে। কমিউনিটি বোর্ডের সদস্যদেরকে অবশ্যই তাদের প্রতিনিধিত্ব করা কমিউনিটি ডিস্ট্রিক্টে বসবাস করতে হবে, চাকরি করতে হবে অথবা সেখানে অন্য কোনো উল্লেখযোগ্য স্বার্থ থাকতে হবে।

কমিউনিটি বোর্ডগুলো মাসে একবার মিটিং করে। বোর্ডের মিটিংগুলো সবার জন্য উন্মুক্ত এবং প্রতিটি মিটিং-এর একটি অংশ জনগণের মতামত শোনার জন্য সংরক্ষিত রাখা হয়। এছাড়াও, বোর্ডগুলো সিটির বাজেট, জমি ব্যবহার এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সমস্যা সম্পর্কে কমিউনিটির সদস্যদেরকে তাদের মতামত প্রকাশ করার সুযোগ দেয়ার জন্য নিয়মিতভাবে গণ শুনানির আয়োজন করে থাকে।

কমিউনিটিতে অধিকাংশ মিউনিসিপ্যাল ফ্যাসিলিটির অবস্থান নির্ধারণ এবং জমি ব্যবহারের অন্যান্য বিষয় নিয়ে কমিউনিটি বোর্ডগুলোর সাথে পরামর্শ করা হয়। তারা তাদের কমিউনিটির প্রবৃদ্ধি ও কল্যাণের জন্য তাদের নিজস্ব পরিকল্পনাও চালু করতে পারে। সেইসাথে, NYC জোনিং বিধিমালায় পরিবর্তন করা সম্পর্কিত যেকোনো আবেদন পর্যালোচনা করার জন্য অবশ্যই বোর্ডের কাছে আসতে হয় এবং এই আবেদনগুলোর ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার সময় বোর্ডের অবস্থান বিবেচনা করা হয়।

কমিউনিটি বোর্ডগুলো তাদের নিজেদের মহল্লার প্রয়োজনগুলো মূল্যায়ন করে, সেগুলোর প্রতি মনোযোগ দেয়ার জন্য সিটির বাজেটে সুপারিশ করে এবং সিটির সংস্থাগুলোর সাথে সাক্ষাৎ করে।

আপনার বরোর কোনো কমিউনিটি বোর্ডের সাথে কিভাবে সম্পৃক্ত হওয়া যায় অথবা সেখানে মনোনীত হওয়া যায় সে সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে নিচে উল্লিখিত আপনার বরোর প্রেসিডেন্টের অফিসের সাথে যোগাযোগ করুন।

| আপনার বরো প্রেসিডেন্টের অফিসের সাথে যোগাযোগ করুন | |
|---|---|
| **ব্রংক্স**<br>**রুবেন ডিয়াজ জুনিয়র**<br>**বরো প্রেসিডেন্ট** | 851 Grand Concourse, 3rd Floor<br>Bronx, N.Y. 10451<br>(718) 590-3500<br>http://bronxboropres.nyc.gov/ |
| **ব্রুকলিন**<br>**এরিক এল. অ্যাডামস**<br>**বরো প্রেসিডেন্ট** | 209 Joralemon Street<br>Brooklyn, N.Y. 11201<br>(718) 802-3700<br>http://www.brooklyn-usa.org/ |
| **ম্যানহাটন**<br>**গেইল এ. ব্রেয়ার**<br>**বরো প্রেসিডেন্ট** | 1 Centre Street, 19th Floor<br>New York, N.Y. 10007<br>(212) 669-8300<br>http://manhattanbp.nyc.gov/html/home/home.shtml |
| **কুইন্স**<br>**মেলিন্ডা কাটজ**<br>**বরো প্রেসিডেন্ট** | 120-55 Queens Blvd.<br>Kew Gardens, N.Y. 11424<br>(718) 286-3000<br>http://queensbp.org/ |
| **স্ট্যাটেন আইল্যান্ড**<br>**জেমস এস. ওডো**<br>**বরো প্রেসিডেন্ট** | 10 Richmond Terrace, Room 120<br>Staten Island, N.Y. 10301<br>(718) 816-2000<br>http://www.statenislandusa.com/ |

# ভোক্তা ও আর্থিক অধিকার

### ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য কী ধরনের পরিচয়পত্র প্রয়োজন?

অনেক ব্যাংক বিভিন্ন ধরনের পরিচয়জ্ঞাপক কাগজপত্র গ্রহণ করে যেমন ITIN, যুক্তরাষ্ট্র অথবা বিদেশি সরকার কর্তৃক ইস্যুকৃত ছবিযুক্ত পরিচয়পত্রের নম্বর অথবা অন্য কোনো কাগজপত্র (যেমন পাসপোর্ট বা কনস্যুলার আইডেন্টিফিকেশন)। অভিবাসীদের জন্য ব্যাংকিং ব্যবস্থায় কনস্যুলার আইডেন্টিফিকেশন কার্ড একটি দরকারি ডকুমেন্ট, কারণ এর মধ্যে থাকে ছবি, স্থানীয় ঠিকানা, জন্মস্থান এবং একটি অনন্য শনাক্তকারী নম্বর, কিন্তু এটি অভিবাসনগত অবস্থা প্রকাশ করে না। নিউ ইয়র্কের কিছু ব্যাংক কনস্যুলার আইডেন্টিফিকেশন কার্ড গ্রহণ করে থাকে। নিউ ইয়র্ক সিটির ক্রমবর্ধমান সংখ্যক ব্যাংক ও ক্রেডিট ইউনিয়নগুলিও IDNYC গ্রহণ করে। যে ব্যাংক ও ক্রেডিট ইউনিয়নগুলি IDNYC গ্রহণ করে সেগুলির একটি তালিকার জন্য http://www1.nyc.gov/site/idnyc/benefits/banks-and-credit-unions.page এ IDNYC-এর ওয়েবসাইট দেখুন।

### কাগজপত্র-বিহীন অভিবাসীরা কি ঋণ নিতে পারে এবং ক্রেডিট ব্যবহার করতে পারে?

হ্যাঁ। অনেক ব্যাংক, ক্রেডিট ইউনিয়ন ও অন্য ঋণ বিতরণকারীরা ক্রেডিট কার্ড ইস্যু করতে এবং ব্যক্তিগত, ব্যবসায়িক ও বন্ধকী ঋণ দেয়ার ক্ষেত্রে ব্যক্তির করদাতা শনাক্তকারী নম্বর (Individual Tax Identification Number, ITIN) গ্রহণ করে থাকে। তারপর ব্যাংক, ক্রেডিট ইউনিয়ন ও ঋণদাতারা ক্রেডিট রিপোর্টিং এজেন্সির কাছে ঋণ এবং ঋণ গ্রহীতার ঋণ পরিশোধের তথ্য রিপোর্ট করে।

অনেক কারণেই ইতিবাচক ক্রেডিট ইতিহাস তৈরি করা গুরুত্বপূর্ণ। এটি একজন ব্যক্তিকে স্বল্প সুদে ও অল্প ফি-এর বিনিময়ে ঋণ পেতে সহায়তা করে। সেইসাথে নিয়োগকারী, বাড়িওয়ালা, বিমা কোম্পানি এবং অন্যরা কোনো ব্যক্তিকে চাকরি, অ্যাপার্টমেন্ট বা অন্যান্য আর্থিক সুবিধাগুলি দেয়ার সিদ্ধান্ত নেওয়ার সময় ক্রেডিট ইতিহাস বিবেচনা করে।

ভালো ক্রেডিট ইতিহাস তৈরি করা গুরুত্বপূর্ণ। যে ব্যক্তি ঋণ নেয় বা ক্রেডিট কার্ড ব্যবহার করে, তাকে অবশ্যই তার ঋণ পরিশোধ করার এবং ক্রেডিট রিপোর্ট পরীক্ষা করে দেখার বিষয়টি নিশ্চিত করতে হবে। ক্রেডিট রিপোর্টকে নির্ভুল করার জন্য এতে কোনো ভুলভ্রান্তি আছে কিনা তা পরীক্ষা করে দেখাও গুরুত্বপূর্ণ।

### আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র (FINANCIAL EMPOWERMENT CENTERS) কী?

স্বল্প-আয়ের বাসিন্দাদেরকে আর্থিক সুস্থিতি অর্জনে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক সিটি গভর্নমেন্ট 2008 সালে এর প্রথম আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র চালু করেছে। বর্তমানে, নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোতেই আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র রয়েছে। এই কেন্দ্রগুলো নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের জন্য উন্মুক্ত এবং নিম্নলিখিত সেবাগুলো প্রদান করে থাকে:

- অর্থ ব্যবস্থাপনা ও বাজেট তৈরি করা,
- আর্থিক পরিকল্পনা,
- ক্রেডিট ও ডেবিট কাউন্সেলি,
- ঋণদাতাদের সাথে কাজ করার ক্ষেত্রে সহায়তা,
- সাধ্যের মধ্যে ব্যাংকিং সেবা,
- সরকারি সুবিধা যাচাই এবং
- অন্যান্য সেবা ও প্রতিষ্ঠানে রেফার করা।

---

*আর্থিক ক্ষমতায়নের ক্ষেত্রে সহায়তা সম্পর্কে আরো তথ্যের জন্য, 311 নম্বরে ডিপার্টমেন্ট অব কনজ্যুমার অ্যাফেয়ার্স-এর আর্থিক ক্ষমতায়ন অফিস (Department of Consumer Affairs Office of Financial Empowerment)-এ যোগাযোগ করুন অথবা http://www1.nyc.gov/site/dca/partners/financial-empowerment.page দেখুন।*

---

## এটি ব্যাংকে নিয়ে যান (TAKE IT TO THE BANK): সামর্থ্যের মধ্যে চেকিং বিকল্পগুলির জন্য একজন নিউ ইয়র্কবাসীর নির্দেশিকা

নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলারের অফিস *এটি ব্যাংকে নিয়ে যান* নামের একটি অনলাইন সংস্থান তৈরি করেছিল যাতে মানুষদের সামর্থ্যের মধ্যে চেকিং অ্যাকাউন্টগুলি খুঁজে পেতে এবং তুলনা করতে সাহায্য করা যায়।

একটি ব্যাংক অ্যাকাউন্ট খুললে, তা আপনাকে নিরাপদে আপনার অর্থ সঞ্চয় করতে ও বৃদ্ধি করতে সাহায্য করতে পারে। যে নিউ ইয়র্কবাসীরা চেক ক্যাশার ব্যবহার করেন, তারা প্রায় ক্ষেত্রেই শুধুমাত্র তাদের নিজের অর্থ হাতে পাওয়ার জন্য প্রতি বছরে শত শত ডলার প্রদান করেন। এর বিপরীতে, ব্যাংকগুলি সরাসরি একটি পেচেক জমা দেওয়া, আপনার অর্থ হাতে পাওয়া এবং সামান্য খরচে বা বিনা খরচে বিল পরিশোধ করার সক্ষমতার মত উপযোগী সরঞ্জামগুলি প্রদান করে। আপনার যদি একটি নিয়মিত আয় থাকে এবং আপনি নিয়মিতভাবে বিল পরিশোধ করেন, তাহলে আপনার আর্থিক স্থিরতার উন্নয়নের জন্য ব্যাংক অ্যাকাউন্ট একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হতে পারে।

তবে একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলার আগে তার নিয়ম ও খরচগুলি বোঝা জরুরি এবং প্রতিটি অ্যাকাউন্টই আলাদা। একটি সূচনাবিন্দু হিসেবে আপনি নিচের প্রশ্নগুলি জিজ্ঞাসা করার কথা বিবেচনা করতে পারেন:

- একটি অ্যাকাউন্ট খোলার জন্য আমার কত অর্থ প্রয়োজন?
- অ্যাকাউন্টটির জন্য মাসিক ফী কত? এই ফীগুলি এড়ানোর কোনো উপায় আছে কি?
- আমাকে কি প্রতি মাসে অ্যাকাউন্টটিতে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ রাখতে হবে?
- অন্য একটি ব্যাংকের ATM ব্যবহার করার জন্য আমাকে কি ফী দিতে হবে?
- আমি প্রতি মাসে বিনা খরচে কতগুলি লেনদেন করতে পারি?
- আমার অ্যাকাউন্টে যত অর্থ আছে আমি যদি তার থেকে বেশি অর্থের জন্য একটি চেক লিখি, যাকে সাধারণভাবে "ওভারড্রয়িং" বলা হয়, সেই ক্ষেত্রে কী হয়?

আপনার প্রয়োজনগুলি মেটায় এমন একটি সামর্থ্যের মধ্যে অ্যাকাউন্ট খুঁজে পেতে আপনাকে সাহায্য করার জন্য *এটি ব্যাংকে নিয়ে যান* বিভিন্ন ব্যাংকের ফী ও নিয়মগুলির মধ্যে তুলনা করে, যার অন্তর্ভুক্ত হল এমন ব্যাংকগুলি খুঁজে বের করা যা সুনির্দিষ্ট ভাষাগুলিতে পরিষেবা দেয় এবং IDNYC গ্রহণ করে। অনুগ্রহ করে www.takeittothebank.nyc এ *এটি ব্যাংকে নিয়ে যান* এর ওয়েবসাইট দেখুন।

# অভিবাসন পরিষেবা

অসাধু অভিবাসন পরিষেবা প্রদানকারীরা অভিবাসীদের সাথে প্রতারণা করতে পারে এবং তাদেরকে বিপদে ফেলতে পারে। যেসব ব্যক্তি অভিবাসনগত সেবা পেতে চান, তাদের উচিত হলো সহায়তা পাওয়ার জন্য খুব সাবধানে অভিবাসনগত পরামর্শদাতা বা অ্যাটর্নি নির্বাচন করা। অভিবাসনগত কিছু কিছু পরামর্শদাতা গ্রাহককে একটি নির্দিষ্ট ফল এনে দেয়ার মিথ্যা নিশ্চয়তা দেয়, প্রতারণামূলক বিজ্ঞাপন দেয় অথবা সেবার জন্য অত্যধিক ফি দাবি করে। অভিবাসীরা এই ধরনের অনুশীলনের ব্যাপারে সজাগ থাকা এবং কোনো পরামর্শদাতার সাথে কাজ করার আগে খোঁজ-খবর করে নেয়া উচিত।

